চমক ভরা
ধনতেরাস
২১ থেকে ২৭ অক্টোবর
(প্রতিদিন দোকান খোলা)
শ্যাম সুন্দর কোং
জুয়েলার্স
সবার সাদর আমন্ত্রণ

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৬ তম বছর
THE FIRST DAILY OF TRIPURA
অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 12 October, 2019 ■ আগরতলা, ১২ অক্টোবর, ২০১৯ ইং ■ ২৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## মায়ের বিদায়



শুক্রবার আগরতলায় সিটি সেন্টারের সামনে থেকে শুরু হয় বিসর্জন কার্নিভাল ‘মায়ের বিদায়’। ছবি নিজস্ব।

# বিসর্জন কার্নিভালের ছোঁয়ায় মাতলেন আগরতলাবাসী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ অক্টোবর।।** সূচনাতেই কিস্তিমাত। বিসর্জন কার্নিভালে মেতে উঠলেন আগরতলাবাসী। নাচে, গানে, জমকালো আয়োজনে শিহরিত হয়েছেন উপস্থিত সকলেই। ত্রিপুরায় এই প্রথম দূর্গা প্রতিমা বিসর্জনেও উৎসবের আয়োজন হয়েছে। আগরতলায় প্যারাডাইস চৌমুহনীতে অস্থায়ী মঞ্চে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এবং বিজেপি সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা মাই ইন্ডিয়া ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা রাম মাধব বিসর্জন কার্নিভালের সূচনা করেন। এদিন আগরতলায় তেত্রিশটি ক্লাবের প্রতীমা নিরঞ্জন হয়েছে।

এদিন দুপুর তিনটা থেকেই প্যারাডাইস চৌমুহনীতে মানুষ ভিড় করতে শুরু করেন। দুপুর গড়িয়ে বিকাল হতেই মানুষের উপস্থিতির হার ক্রমেই বাড়তে থাকে।অনুষ্ঠান যখন শুরু হয়েছে তখন পোস্ট অফিস চৌমুহনী পর্যন্ত রাস্তার দুই ধরে মানুষের ভিড় লক্ষ্য করা গেছে। এই কার্নিভাল প্রত্যেকটি মুহুর্ত সবাই উপভোগ করতে পারেন, তার জন্য বেশ কয়েকটি জায়ান্ট স্ক্রিনও লাগানো হয়েছে।

এদিকে, আরক্ষা প্রশাসনের পক্ষ থেকেও আইন-শৃঙ্খলা বজায় রাখতে সব আয়োজন করা হয়েছে। পশ্চিম জেলা পুলিশ সুপার অজিত প্রতাপ সিং এবং ট্রাফিক পুলিশ সুপার পিনাকী সামন্ত দুজনেই দাঁড়িয়ে থেকে পরিস্থিতির উপর নজর রাখছিলেন। শুধু তাই নয়, রাজ্য পুলিশের এডিজি আইন-শৃঙ্খলা রাজীব সিং সমস্ত কিছুর তদারকি করছিলেন।

আজ সাংস্কৃতিক অনুষ্ঠান দিয়ে বিসর্জন কার্নিভালের সূচনা হয়েছে। স্কুল পড়ুয়া মেয়েদের নৃত্য প্রদর্শনী সকলের মন ছুঁয়ে নিয়েছে। তাছাড়া, প্রতিটি ক্লাব নিজস্ব কায়দায় নাচে-গানে এই কার্নিভালের পরিবেশ আনন্দমুখর করে তুলেছে। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার এবং রাম মাধব প্রতিটি ক্লাবের সম্পাদক ও সভাপতিকে ফুল দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

আয়োজক কমিটির সদস্য ভিক্টর সোম বলেন, এত অল্প সময়ে কাজটা সম্পন্ন করা যাবে, তা ভেবে এখনো স্বপ্ন মনে হচ্ছে। তিনি বলেন, মঞ্চ নির্মাণ থেকে শুরু করে ইভেন্ট ম্যানেজমেন্ট, প্রত্যেকটি ক্ষেত্রেই নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছি। তবু, সমস্ত বাঁধা কাটিয়ে এই অনুষ্ঠানটি সফলভাবে সকলের কাছে তোলে ধরতে পেরে ভীষণ খুশি হয়েছি। তাঁর কথায়, আয়োজক কমিটির চেয়ারপারসন সাংসদ প্রতিমা ভৌমিক সহ প্রত্যেকের নিরলস প্রচেষ্টায় প্রথমবার বিসর্জন কার্নিভাল মানুষের হৃদয়কে ছুঁয়ে গেছে বলে মনে হচ্ছে। তিনি জানান, আগরতলায় ২৮টি ক্লাব অংশগ্রহণ করতে ☞ ৬ এর পাতায় দেখুন

## নতুন আঙ্গিকে মা দুর্গার বিসর্জন উৎসবকে সাজিয়ে তোলার পরামর্শ রাম মাধবের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ অক্টোবর।।** বিসর্জন কার্নিভাল দেখে অভিভূত বিজেপি সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা মাই ইন্ডিয়া ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা রাম মাধব পরিবেশবান্ধব দুর্গোৎসবের পক্ষে সওয়াল করেছেন। শুধু তা-ই নয়, এই কার্নিভালকে ঘিরে যথেষ্ট পর্যটন সম্ভাবনা রয়েছে বলে মনে করেন তিনি। তাই, প্রতিবছর আরও নতুন রূপে, নতুন আঙ্গিকে মা দুর্গার বিসর্জন উৎসবকে সাজিয়ে তোলার পরামর্শ দিয়েছেন তিনি।

শুক্রবার রাম মাধব দাবি করেন, বিসর্জন কার্নিভাল প্রচুর পর্যটক টানার ক্ষমতা রাখে। কারণ, দেশের বিভিন্ন প্রান্ত থেকে পর্যটকরা মা দুর্গার বিসর্জনকে ঘিরে এই আয়োজনে নিশ্চয়ই আকৃষ্ট হবেন। তাতে, পর্যটনে প্রচুর আয় হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই, এই বিসর্জন কার্নিভালকে আন্তর্জাতিক মানের করার উদ্যোগ নিতে হবে, পরামর্শ দেন তিনি।

রাম মাধব বলেন, সুন্দর এবং স্বাস্থ্যকর ভবিষ্যতের প্রশ্নে দুর্গোৎসবকেও পরিবেশবান্ধব করতে হবে। এতে এই উৎসবের রঙে চমক আরও বাড়বে। সাথে তিনি পরামর্শ দেন, জল-দূষণ রোধে প্রতিমা বিসর্জনের বিকল্প পথ খুঁজে বের করতে হবে। তাঁর কথায়, নদী বা পুকুরের জলে প্রতিমা বিসর্জনের বদলে অন্য কোনও ☞ ৬ এর পাতায় দেখুন

## স্ত্রীকে হত্যার অভিযোগে গ্রেপ্তার স্বামী

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১১ অক্টোবর ।।** বিয়ের ঠিক তিন বছরের মাথায় স্বামী ও শ্বশুর-শাশুড়ির হাতে নৃশংসভাবে খুন হল এক তরুণী গৃহবধূ। শ্বাসরুদ্ধ করে তাকে মারা হয়েছে বলে অভিযোগ। মৃতার নাম পারমিতা ভট্টাচার্য। বয়স ২৩ বছর। পিতা সুভাষ ভট্টাচার্য। পিতা পেশায় পুলিশ কর্মী। পরিবারের কনিষ্ঠা কন্যা পারমিতা। বাড়ি বিশালগড় থানার অন্তর্গত জাঙ্গালিয়া এলাকায়।

গত তিনবছর আগে বিশালগড় রঘুনাথপুর এলাকার বিনয় ভট্টাচার্যের ছেলে বিশ্বজিত ভট্টাচার্যের সঙ্গে রীতি মেনে হিন্দু শাস্ত্র মতে বিয়ে হয়েছিল পারমিতার। বিয়ের একবছর ভালোয় ভালোয় কেটেছিল তার দাম্পত্য জীবন। এরপর পারমিতার জীবনে নেমে আসে ঘোর অন্ধকার। স্বামী বিশ্বজিত ভট্টাচার্য পেশায় ওষুধ ব্যবসায়ী। সে জরিয়ে পরে পরকীয়ায়। বিশালগড় নিচের বাজারে একটি দোকান রয়েছে তার। ব্যবসার উছিলা দেখিয়ে গভীর রাতে ঘরে ফিরত বিশ্বজিত।

পরকিয়ায় বিশ্বজিত এতই পাগল ছিল যে, পারমিতাকে দিত না স্ত্রীর মর্যাদা। আকণ্ঠ মদ্যপান করে রোজ রাতে তাকে বেদম প্রহারের পাশাপাশি অমানবিক নির্যাতন করত। বিয়ের সময় পিতা সুভাষ ভট্টাচার্য পণ পিপাসু বিশ্বজিতের পরিবারের হাতে তুলে দিয়েছিল নগদ অর্থ ও স্বর্ণালঙ্কার সহ ছয় লক্ষ টাকার নিত্য প্রয়োজনীয় সামগ্রী। এরপরেও পণের খাই মেটেনি বিশ্বজিতের। সময়ে ☞ ৬ এর পাতায় দেখুন

# গ্রামের মানুষ ভালো আছেন, বললেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ অক্টোবর।।** গ্রামের মানুষ ভালোই আছেন। অনেকটা আত্মবিশ্বাসের সুরেই এই দাবি করলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তাঁর কথায়, অন্যান্য বছরের তুলনায় এবছর গ্রামে দূর্গাপূজা বেশী হয়েছে। তাই তিনি মনে করেন, গ্রাম ভালোই আছে।

এদিকে, নয়া দুটি নবোদয় এবং এয়ার এশিয়ার বিমান, দূর্গোৎসবে ডাবল উপহার দিয়েছে কেন্দ্র। আগরতলায় বিসর্জন কার্নিভাল ‘মায়ের বিদায়’ সূচনা করে বললেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী। শুক্রবার ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে দুর্গাপ্রতিমা নিরঞ্জনের শোভাযাত্রা ‘মায়ের বিদায়’। রাজ্যে এই প্রথম আগরতলায় এমন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। পোস্টঅফিস চৌমুহনি থেকে দশমীঘাট পর্যন্ত হাজার হাজার মানুষ রাস্তার দু’পাশে সমবেত হয়ে আজকের বর্ণাঢ্য শোভাযাত্রা প্রত্যক্ষ করেছেন।

‘মায়ের বিদায়’ শোভাযাত্রাকে কেন্দ্র করে আগরতলা সিটি সেন্টারের সামনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। আয়োজিত অনুষ্ঠানের প্রধান অতিথি মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সংক্ষিপ্ত বক্তব্যের শুরুতে দুর্গাপূজা সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য রাজ্যবাসী এবং নিরাপত্তা বাহিনীগুলিকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুভ বিজয়ায় রাজ্যবাসীকে দুটো উপহার দিয়েছেন। টাকারজলা এবং বিলোনিয়ায় দুটো নবোদয় বিদ্যালয়ের অনুমোদন মিলেছে। তাঁর কথায়, প্রতিটি বিদ্যালয় তৈরিতে ব্যয় হবে প্রায় ৪৫ কোটি টাকা করে। তাছাড়া আগামী ২০ অক্টোবর থেকে এয়ার এশিয়া কলকাতা-গুয়াহাটি-ইমফল-আগরতলার মধ্যে তিনটি বিমান পরিষেবা ☞ ৬ এর পাতায় দেখুন

# পেঁয়াজের ঝাঁজে চোখে জল রাজ্যবাসীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ অক্টোবর।।** শরতের শেষে বাঙালির চোখে জল এনে দিয়েছে পেঁয়াজ। তবে এই জল পেঁয়াজের ঝাঁজে নয়, এনেছে দামে। গত দু-তিন মাস ধরে পেঁয়াজের দাম উর্ধমুখী হলেও দুর্গোৎসবের পর থেকে হঠাৎ করে তা যেন আকাশ ছুঁয়েছে। রাজধানী আগরতলার প্রতিটি বাজারে কেজি প্রতি ৭০ টাকার নীচে পেঁয়াজ বিক্রি হচ্ছে না। এছাড়া কিছু কিছু দোকানে ভালো মানের পেঁয়াজ প্রতি কেজি প্রায় ৮০ টাকায় বিক্রি হচ্ছে।

এ বিষয়ে স্থানীয় ব্যবসায়ী বলেন, আগরতলার মহারাজগঞ্জ পাইকারি বাজারে পেঁয়াজের দাম বেশি। ফলে তাদেরও বেশি দাম দিয়ে পেঁয়াজ কিনতে হচ্ছে। ব্যবসায়ী আরও জানান, পেঁয়াজের দাম বেশি হওয়ায় তাঁরাও খুশি নন। আগে যেখানে মানুষ ২-৩ কেজি পেঁয়াজ কিনতেন, সেখানে এখন তাঁরা ১ কেজি পেঁয়াজ কিনছেন। এর ফলে পেঁয়াজের বিক্রি তুলনামূলকভাবে কমার পাশাপাশি তাঁদের লাভের পরিমাণও তলানিতে এসে ঠেকেছে।

মহারাজগঞ্জ বাজারের পাইকারি পেঁয়াজ ব্যবসায়ীদের বক্তব্য, সবচেয়ে বেশি পেঁয়াজ আসে মহারাষ্ট্রের নাসিক থেকে। সেখানেই পেঁয়াজের দাম এখন খুব চড়া। তাঁরা আরও জানান, অগ্রিম টাকা পাঠিয়ে নাসিকের ব্যবসায়ীদের কাছে অর্ডার দেওয়া হলেও সময়মতো তাঁরা পেঁয়াজ সরবরাহ করতে পারছেন না। হঠাৎ করে পেঁয়াজের দাম এত বৃদ্ধি পাওয়ার কারণ সম্পর্কে ব্যবসায়ীদের বক্তব্য, উৎপাদনের স্বল্পতাই এই মূল্যবৃদ্ধির জন্য দায়ী। তাঁদের কথায়, নতুন পেঁয়াজ মাঠ থেকে না আসা পর্যন্ত সাধারণ মানুষকে পেঁয়াজের মূল্যের ঝাঁজ আরও কিছুদিন সহ্য করতে হবে। তবে পেঁয়াজের ☞ ৬ এর পাতায় দেখুন

## নেশা সামগ্রী সহ বিশালগড়ে ধৃত তিন যুবক

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১১ অক্টোবর।।** বৃহস্পতিবার রাতে বিশালগড় থানার পুলিশ এবং এসডিপিও উত্তম বনিকের যৌথভাবে প্রভুরামপুর এলাকা থেকে প্রচুর পরিমানে নেশা সামগ্রী এবং তিনজনকে গ্রেপ্তার করেছে। ধৃতরা হলেন পার্থ সেন(৩৫), বাড়ি রঘুনাথপুর, আনোয়ার হুসেন(২৮) বাড়ি কামথানা অরবিন্দ নগর, টুটন খান(২৮) বাড়ি রঘুনাথপুর। ধৃতদের কাছ থেকে নগদ দশ হাজার আটশো আশি টাকা, এস কফ সিরাপ আশি বোতল, ইয়াবা টবলেট ২৯৬ টি, ব্রাউন সুগার এগারোটি কন্টিনার এবং দুটি মোবাইল ও একটি টিআর০৮ সি০২৭২ হাইনড্রাই গাড়ি বাজেয়াপ্ত করেছে পুলিশ। তবে পুলিশ গাড়িটি থেকে একটি ছুরি খোঁজে পায়। আগামীকাল তাদের আদালতে হাজির করা হবে বলে পুলিশ জানিয়েছে।

# পালাটানায় ইউনিট বিকল উৎপাদন ব্যাহত, মারাত্মক বিদ্যুৎ সংকটে পড়বে রাজ্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ অক্টোবর।।** পালাটানায় গ্যাসভিত্তিক বিদ্যুৎ প্রকল্পের একটি ইউনিট বিকল হয়ে গেছে। ফলে ৩২৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কম হচ্ছে। মূলত, জেনারেটরে সমস্যা হাওয়ায় ইউনিটটি বিকল হয়ে গেছে। শুক্রবার ভেল-এর বিশেষজ্ঞ প্রকৌশলীরা এসেছেন। তাঁরা পরীক্ষা-নিরীক্ষা করে জানাবেন ঠিক কতটা সময় লাগবে সারাই করতে। ওই ইউনিটটি বিকল হয়ে যাওয়ায় ত্রিপুরায় বিদ্যুতের মারাত্মক সংকট দেখা দেবে বলে আশঙ্কা করা হচ্ছে।

গ্যাস-বিদ্যুৎ প্রকল্পের শ্রমিক সংগঠন এই বিপত্তির জন্য কর্তৃপক্ষকে দায়ী করেছে। সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে, গত ৫ অক্টোবর থেকে পালাটানা গ্যাস-বিদ্যুৎ প্রকল্পের একটি ইউনিট বিকল হয়ে রয়েছে। ইলেকট্রিক্যাল সমস্যার কারণে এই বিপত্তি দেখা দিয়েছে। সংগঠনের দাবি, ওই ইউনিটের জেনারেটর খারাপ হয়ে গেছে। ফলে, বিদ্যুৎ উৎপাদন বন্ধ হয়ে রয়েছে। সংগঠনের জনৈক কর্মকর্তা বলেন, ওই ইউনিটের



ইলেকট্রিক্যাল অংশে রোটর আর্থ ফল্ট-এর জন্য সমস্যাটি দেখা দিয়েছে। অন্তত ১৫ থেকে ২০ দিন সারাইয়ে সময় লাগতে পারে।

ওই কর্মকর্তার দাবি, একটি ইউনিট বিদ্যুৎ উৎপাদন বন্ধ করে দেওয়ায় ত্রিপুরায় বিভিন্ন স্থানে ঘন ঘন লোডশেডিং হতে পারে। দুর্গোৎসবকে ঘিরে বিদ্যুতের সমস্যা অনুভব না হলেও, আগামী কয়েকদিনের মধ্যে বিদ্যুতের ঘাটতির জন্য বিরাট সমস্যা দেখা দেওয়ার সম্ভাবনা প্রবল। ফলে, দ্রুত ইউনিটটি সারাই করা খুবই প্রয়োজন, বলেন তিনি।

এদিকে, আজ ভেল-এর বিশেষজ্ঞ প্রকৌশলীরা ত্রিপুরায় এসে পৌঁছেছেন। ছয়জনের একটি টিম আজ ওই ইউনিটটি খুলেছেন এবং ইতিমধ্যে পরীক্ষা-নিরীক্ষা শুরু করে দিয়েছেন। ওই গ্যাস-বিদ্যুৎ প্রকল্পের ☞ ৬ এর পাতায় দেখুন

# ভারতীয় সংস্কৃতির পরম্পরার সঙ্গে চিনের রাষ্ট্রপতির পরিচয় করালেন প্রধানমন্ত্রী মোদী

**চেন্নাই/মহাবলীপুরম, ১১ অক্টোবর (হি.স.) :** প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী শুক্রবার চিনের রাষ্ট্রপতি শি জিংপিংয়ের সঙ্গে চেন্নাই থেকে ৫৬ কিলোমিটার দূরে সমুদ্র উপকূলবর্তী মহাবলীপুরমে ভারতের শিল্প-সাংস্কৃতিক নিদর্শন করালেন। সংক্ষিপ্ত সময় দুই রাষ্ট্রনেতা ঐতিহাসিক সাংস্কৃতিক স্মারক দর্শনের পর সাংস্কৃতিক কার্যক্রমে আনন্দ উপভোগ করেন। এদিন সন্ধ্যায় রাষ্ট্রপতি জিংপিংয়ের নিজের প্রতিনিধি মণ্ডলের সঙ্গে মহাবলীপুরম সমুদ্রবর্তী মন্দির পরিদর্শন করেন। ভারতীয় সংস্কৃতির বিভিন্ন রূপ সম্পর্কে অবহিত করেন।

প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী উপস্থিতিতে চীন রাষ্ট্রপতিকে ভারতীয় নাটক ও শিল্পশৈলী সহ অন্যান্য কলা অনুষ্ঠান দর্শন করান। সমুদ্রতটবর্তী প্রাচীন মন্দিরে কাছে এক ঘন্টা এই সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পাশাপাশি কথাকলি নৃত্যের সাথে পৌরাণিক প্রাসঙ্গিক কিছু কয়েকটি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সন্ত কবীরের সমুদ্রতটে সমুদ্র তটে বেশ কিছু ছবি তোলেন। ব্যাঙ্গালুরুর একটি কলা প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী রাষ্ট্রপতিকে তামিলনাড়ু হস্তশিল্পের



প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী চিনের রাষ্ট্রপতি শি জিংপিংয়ের সঙ্গে চেন্নাইয়ের মহাবলীপুরমে। ছবি- পিআইবি।

ভজনের মাধ্যম অনুষ্ঠানের সমাপ্তি করা হয়। এরপর দুই রাষ্ট্রনেতা কেন্দ্রের কলাকুশলীরা এই অনুষ্ঠানের প্রস্তুতি করেন। প্রদীপ এবং তাঞ্জাভুর-র একটি চিত্রকলা উপহারস্বরূপ পেশ করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এদিন অতিথি চিন রাষ্ট্রপতি এবং তাঁর প্রতিনিধি মন্ডলের সাথে নৈশভোজ অনুষ্ঠানে উপস্থিত থাকেন।

চিনের রাষ্ট্রপতি আজ বিকেল চারটে নাগাদ ঐতিহাসিক ও পুরাতাত্ত্বিক মাহাত্ম্যপূর্ণ নগর মহাবলিপুরমের উদ্দেশ্যে রওনা হন উ আগেই সেখানে পৌঁছান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উ আজ স্থানীয় পারম্পরিক পোশাকে চিনের রাষ্ট্রপতিকে স্বাগত জানান ভারতের প্রধানমন্ত্রী উ

চিনের রাষ্ট্রপতি শিং জিংপিং এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মধ্যে দ্বিতীয়বার এই ঘরোয়া বৈঠকের জন্য প্রায় চব্বিশ ঘন্টা তারা চেন্নাই-মহাবলিপুরম থাকবেন। এদিন চেন্নাই বিমানবন্দরে চিন রাষ্ট্রপতি শি জিংপিং নামার পর তাঁকে ভারতীয় সংস্কৃতির নানা অনুষ্ঠানের মাধ্যমে দিয়ে স্বাগত জানানো হয়। তামিলনাড়ুর লোকসংস্কৃতি ও লোকনৃত্য এর মাধ্যম দিয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

# বর্ধিত বিদ্যুৎ মাশুল প্রত্যাহারের দাবিতে শহরে বিক্ষোভ কংগ্রেসের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ অক্টোবর।।** বর্ধিত বিদ্যুৎ মাশুল প্রত্যাহারের দাবিতে সদর জেলা কংগ্রেস আজ রাজধানী আগরতলা শহরে প্রতিবাদ বিক্ষোভ মিছিল সংগঠিত করেছে। মিছিলটি কংগ্রেস ভবনের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে বিদ্যুৎ নিগমের অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করেছে। মিছিলের অগ্রভাগে প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি বীরজিৎ সিনহা, গোপালচন্দ্র রায়, নেতা সুবল ভৌমিক-সহ জেলাস্তরের শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ শামিল হয়েছিলেন।



রাজ্যে লোডশেডিং প্রায় নিত্যদিনের বিষয় হয়ে দাঁড়িয়েছে। লোডশেডিঙের কবলে পড়ে বিদ্যুৎ ভোক্তাদের নাজেহাল অবস্থা। পরিষেবার মান উন্নয়নে বর্তমান সরকার তেমন কোনও উদ্যোগ গ্রহণ করছে না বলে অভিযোগের তির ছুঁড়েছে বিরোধী দল কংগ্রেস। কংগ্রেস নেতা সুবল ভৌমিকের অভিযোগ, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা নিশ্চিত করার পরিবর্তে ভোক্তাদের ঘাড়ে অতিরিক্ত মাশুলের বোঝা চাপিয়ে দেওয়ার কৌশল নিয়েছে বর্তমান সরকার। এতে মানুষের সমস্যা বাড়বে। অবিলম্বে বর্ধিত বিদ্যুৎ মাশুল প্রত্যাহার করে নেওয়ার জন্য কংগ্রেসের পক্ষ থেকে জোড়ালো দাবি জানান তিনি।

এদিকে, প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি গোপালচন্দ্র রায় বর্তমান সরকারের বিদ্যুৎ মাশুল বৃদ্ধির সিদ্ধান্তকে বালখিল্যপনা বলে কটাক্ষ করেছেন। তিনি বলেন, রাজধানী আগরতলা শহরে লোডশেডিং হচ্ছে। গ্রামাঞ্চলে ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎ থাকছে না। তিনি সুর চড়িয়ে বলেন, সঠিক পরিষেবা প্রদানে ব্যর্থ বর্তমান সরকার মানুষের ঘাড়ে অধিক করের বোঝা চাপানোর যে কৌশল নিয়েছে তা সম্পূর্ণ জনস্বার্থ বিরোধী। তিনি রাজ্য সরকারের এ ধরনের সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করেন। রাজ্য সরকারের এই সিদ্ধান্তের নিন্দা জানিয়ে অবিলম্বে বর্ধিত মাশুল প্রত্যাহার করে নিতেও তিনি পরামর্শ দিয়েছেন।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৬ ▫ সংখ্যা ৭ ▫ ১২ অক্টোবর ২০১৯ ইং ▫ ২৪ আশ্বিন ▫ শনিবার ▫ ১৪২৬ বঙ্গাব্দ

# ক্ষমতার অগ্নিপরীক্ষা

কথায় আছে ভাবিয়া করিও কাজ করিয়া ভাবিও না। রাজ্যের বিজেপি জোট সরকার সম্প্রতি যেসব সিদ্ধান্ত নিয়াছেন তাহা কতখানি ভাবিয়া চিন্তিয়া করা হইয়াছে তাহা নিয়া প্রশ্ন উঠিয়াছে। এইসব সিদ্ধান্তগুলি জনমনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করিয়াছে। সত্যি বলিতে কি, যাহারা গত বিধানসভা নির্বাচনে ওভারটাইম খাটিয়া বিজেপি জোট সরকার প্রতিষ্ঠায় অগ্রণী ছিলেন তাহারাই এখন কঠোর ভাষায় এই সরকারের সমালোচনায় মুখর হইয়াছেন। ক্ষমতায় বসিবার দেড় বছরের মাথায় 'অগ্রণীদের' এমন অস্থিরতা কিসের ইঙ্গিত? একথা ঠিক দীর্ঘ পঁচিশ বছর বাম শাসনে তিতি বিরক্ত রাজ্যের মানুষ দুইহাত উজার করিয়া বিজেপিকে ভোট দিয়াছিল। আজ সেই ভোটারদের মধ্যে প্রশ্ন দেখা দিয়াছে। রাজ্যের মানুষের মনে যে হাজারো প্রশ্ন দেখা দিয়াছে তাহার মোকাবেলা তো রাজ্যের সরকারকে করিতে হইবে। ক্ষমতায় বসিবার পরই রাজ্যের মানুষ নতুন সরকারের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করে নাই। সময় দিয়াছে, একটি সরকারের হাতে দেড় বছর খুব বেশী সময় নহে। বিচার করিতে হইলে অন্তত পাঁচ বছর সময়ও কম। কিন্তু, দেড় বছরের মাথাতেই 'বন্ধুরা' এমন ক্ষীপ্ত হইয়া উঠিবার পিছনে সত্যিই কি কারণ তাহা নিয়া আজ জরুরী বিশ্লেষণ প্রয়োজন। দলকে ক্ষমতায় বসাইবার জন্য যাহারা দিনরাত খাটিয়াছেন তাহারা কি পুরস্কার পান নাই? সরকার তো দুই হাত উজার করিয়া এইসব দরদীদের উপঢৌকন দিয়াছেন। তাহা হইলে সরকারের বিরুদ্ধে এমন ক্ষীপ্ত ও তীব্র আক্রমণাত্মক হওয়ার পিছনে কোন্ লক্ষ্য কাজ করিতেছে? এখানে কি মানুষের প্রতি দায়বদ্ধতা দেখাইবার তাড়নাই মুখ্য? জনমনে সেই প্রশ্নই উঠিয়াছে। একটি সরকারের কর্মপদ্ধতি গ্রহণের ক্ষেত্রে ক্ষমতাসীন দলের ভূমিকা গুরুত্বপূর্ণ। কারণ সরকার সম্পর্কে জনমনে ক্ষোভ বাড়িলে ক্ষতি হয় দলেরই। সুতরাং সরকারী নীতি নির্ধারণের ক্ষেত্রে ক্ষমতাসীন দলের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকাই সঙ্গত। কিন্তু, একথা কি ঠিক, রাজ্যের সরকারী নীতি নির্ধারণের ক্ষেত্রে কিংবা কোনও সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে ক্ষমতাসীন দলের ভূমিকা নাই। আমলাতন্ত্রই সরকার পরিচালনার মুখ্য ভূমিকায় আছে?

গণতান্ত্রিক সরকার জনগণের কাছে দায়বদ্ধ। কিন্তু একনায়কতন্ত্রী সরকারের সেই দায়বদ্ধতা নাই। কোনও সরকারের নিয়ন্ত্রক যদি আমলারা হইয়া উঠে সেখানে গণ দাবী উপেক্ষিত হয়। আমলারা জনগণের কাছে দায়বদ্ধ নহে। তাহারা সরকারের আয় কিভাবে বাড়িবে সেই পথেরই দিক নির্দেশ করে। কারণ জনগণের সামনে তাহাদের কৈফিয়ত দিতে হয় না। বাম আমলেও দেখা গিযাছে গণ নির্বাচিত মন্ত্রিরা আমলা নির্ভর হইয়া পড়িয়াছিলেন। প্রথম বামফ্রন্ট সরকারের জাঁদরেল মুখ্যমন্ত্রী নৃপেন চক্রবর্তী ডুবিয়াছিলেন আমলা নির্ভরতার আধিক্যের কারণেই। পরবর্তী সময়ে মুখ্যমন্ত্রী মানিক সরকারকেও অনেক বেশী আমলা নির্ভর হইতে দেখা গিয়াছে। একথা ঠিক, প্রশাসন পরিচালনার ক্ষেত্রে আমলাদের উপর নির্ভর করিতেই হয়। তবু, বামফ্রন্ট আমলে আমলাদের বিষয়ে সতর্কতাও নেওয়া হইত। দলের নজরদারীও চলিত। পার্টি মিটিংয়ে তাহা নিয়া চর্চা হইত। কিন্তু, এই গেরুয়া আমলে আমলা নির্ভরতা বাড়িতে থাকাতেই বোধহয় এমন সব সিদ্ধান্ত ঘোষিত হইতেছে যাহা জনমনে ক্ষোভ অসন্তোষ বাড়াইয়া চলিয়াছে। ইহা অনেক বেশী সত্যি যে, রাজ্যের নিজস্ব আয় বাড়াইতে কেন্দ্রের চাপ আছে। আগেও এই চাপ ছিল না এমন নহে। তখন কেন্দ্রের চাপ উপেক্ষার নজীরও আছে। কিন্তু, রাজ্যের বিজেপি জোট সরকার তো কেন্দ্রের ডাকে সাড়া না দিয়া পারিবে না্। রাজ্যে গেরুয়া ঝড় উঠিয়াছিল বঞ্চনার তীব্রতায়। কিন্তু, সেখানে যদি রাজ্যবাসীর উপর করের চাপ বাড়িতেই থাকে একের পর এক তখন ক্ষোভ অসন্তোষ দেখা দেওয়া তো অস্বাভাবিক কিছু নহে। রাজ্যের সরকারী হাসপাতালে ফি চাপানোর বিষয়টি চাপের মুখে কার্য্যকর না করা, ট্রেড লাইসেন্স ফি বৃদ্ধি, বিদ্যুৎ মাশুল বাড়ানো ইত্যাদি ঘটনায় জনমনে তো জোর প্রতিক্রিয়া দেখা দিতেই পারে। বিদ্যুৎ মাশুল তো বাম আমলেও বাড়ানো হইয়াছিল। তখনও হৈচৈ হইয়াছিল। কিন্তু, হাসপাতালে ফি চালু করার ঘটনাকে অমানবিক সিদ্ধান্ত বলা যাইতে পারে। বিভিন্ন রাজ্যে সরকারী হাসপাতালে রোগীরা বিনামূল্যে পরিষেবা পাইতেছেন। এই ক্ষুদ্র ও গরীব রাজ্যে সরকারী হাসপাতালে যদি কড়ি ফেলিতে হয় তাহা হইলে দরিদ্র অংশের রোগীদের বিপাকেই পড়িতে হইবে। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব অবশ্য বলিয়াছেন হাসপাতালে 'ফি' ধার্য্যের বিষয়টি নিয়া বিভ্রান্তি আছে। সরকার এই ব্যাপারে ব্যবস্থা নিবে। কিন্তু, সরকারী স্তরে এব্যাপারে নতুন করিয়া কোনও বিজ্ঞপ্তি জারী হইয়াছে এমন জানা যায় নাই।

ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যবাসীকে অনেক স্বপ্ন দেখাইয়াছেন। এই স্বপ্ন পূরণের জন্য প্রয়োজন খোলা মনে বাস্তব পরিস্থিতি অনুধাবন করা। ক্ষমতার শীর্ষে যাঁহারা অবস্থান করেন তাহারা সুবিধাবাদীদের দ্বারা পরিবেষ্টিত হইয়া পড়েন। এই সুবিধাভোগীরাই সর্বনাশের পথে নিয়া যাইতে সহায়ক হয়। শীর্ষ ক্ষমতাশালীর কাছের লোক বনিবার প্রতিযোগিতা চলে। তাঁহারা কত বিপজ্জনক ক্ষমতার সিংহাসনে যাঁহারা আছেন তাঁহারা বুঝিতে পারেন না। যুগে যুগে মোসাহেবরাই শাসন কর্তাদের সর্বনাশ করিয়াছে। ইতিহাসের এই শিক্ষা ক্ষমতার গরমে অনেকেই বিস্মৃত হন। কিন্তু, ইতিহাস আপন গতিতেই আগাইয়া যায়। রাজ্যে বিজেপি সরকার কঠিন অগ্নিপরীক্ষায় অবতীর্ণ। এই পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারিলে আগামীদিনের বিপদ ঠেকানো যাইবে না।

## কৃষকদের ঋণ মকুব ও মহিলা সংরক্ষণে বিশেষ জোর, হরিয়ানায় ইস্তেহার প্রকাশ কংগ্রেসের

চণ্ডীগড়, ১১ অক্টোবর (হি.স.): হরিয়ানা বিধানসভা নির্বাচনের নির্বাচনী ইস্তেহার 'সঙ্কল্প পত্র' প্রকাশ করল কংগ্রেসঊ কংগ্রেসের 'সঙ্কল্প পত্র'-তে কৃষকদের ঋণ মকুব ও সরকারি চাকরিতে মহিলা সংরক্ষণের উপর বিশেষ জোর দেওয়া হয়েছেঊ শুক্রবার শীর্ষ কংগ্রেস নেতা গুলাম নবি আজাদ, হরিয়ানার প্রাক্তন মুখ্যমন্ত্রী ভূপিন্দর সিং হুডা, হরিয়ানার কংগ্রেসের প্রদেশ সভাপতি কুমারী সৈলজা, প্রাক্তন রেলমন্ত্রী পবন বনসল-সহ অন্যান্য কংগ্রেস নেতারা 'সঙ্কল্প পত্র' প্রকাশ করেনঊ

নির্বাচনী ইস্তেহারে কৃষকদের ঋণ মকুব ও সরকারি চাকরিতে মহিলাদের সংরক্ষণের (৩৩ শতাংশ সংরক্ষণ) উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। এছাড়াও ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থা, পৌরসভা-পৌরনিগম এবং নগর পরিষদে ৫০ শতাংশ মহিলা সংরক্ষণের প্রতিশ্রুতি দেওয়া হয়েছেঊ হরিয়ানা কংগ্রেসের প্রধান কুমারী সৈলজা ঘোষণা করেছেন, হরিয়ানায় কংগ্রেস ক্ষমতায় এলে কৃষকদের ঋণ মকুব করা হবেঊ প্রসঙ্গত, আগামী ২১ অক্টোবর হরিয়ানায় বিধানসভা নির্বাচনঊ ফলাফল ঘোষণা হবে ২৪ অক্টোবর।

## কেরল হাইকোর্ট : নতুন প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন বিচারপতি এস মণি

তিরুবনন্তপুরম, ১১ অক্টোবর (হি.স.): কেরল হাইকোর্টের নতুন প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন বিচারপতি এস মণিঊ শুক্রবার রাজভবনে কেরল হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে বিচারপতি এস মণিকে গোপনীয়তা ও শপথবাক্য পাঠ করিয়েছেন কেরলের রাজ্যপাল আরিফ মহম্মদ খানঊ শপথ নেওয়ার পর এস মণি হলেন কেরল হাইকোর্টের ৩৬ তম প্রধান বিচারপতিঊ বিচারপতি ঋষিকেশ রায়ের স্থলাভিষিক্ত হলেন এস মণি।এদিন রাজভবনে আয়োজিত শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়নঊ এছাড়াও কেরলের প্রাক্তন রাজ্যপাল পি সথশিবম, রাজ্যের মন্ত্রী এ কে বালন, এম এম মণি, ড় থমাস প্রমুখ উপস্থিত ছিলেন। কেরল হাইকোর্টের কয়েকজন বিচারপতিও শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

# পরিবেশ দূষণ ঠেকাতে আন্দোলন

ইন্দ্রজিৎ সেনগুপ্ত

পরিবেশরক্ষায় প্লাস্টিক বর্জন করার ডাক দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আজ মানুষের জীবনের সবচেয়ে বড় সমস্যা পরিবেশ দূষণ সমস্যা। প্লাস্টিক এমন একটা দ্রব্য মাটিবা জলের সঙ্গে মেশে না যার ফলে তা গাছের জন্য খুবই ক্ষতিকারক বলে প্রমাণ হচ্ছে। গাছ ধ্বংস হওয়ার মানে সমস্ত প্রাণীজগৎ ক্ষতিগ্রস্ত। তাই আমাদের এখন থেকেই সচেতন হওয়া উচিত।

পঁয়তাল্লিশতম বিশ্ব পরিবেশ দিবসে সারা বিশ্বের হয়ে প্রতিনিধিত্ব করল ভারত। গত বছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস হিসাবে পালিত হয়েছে, এই বছরের বিষয় ছিল প্লাস্টিক দূষণের সঙ্গে সংগ্রাম। প্লাস্টিকের জন্য পৃথিবীর মাটি নষ্ট হচ্ছে যার জন্য সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে গাছপালা। প্রতি বছর প্রায় ৪ মিলিয়ন টন প্লাস্টিক সমুদ্রের জলে মিশে যায়, প্রতি মিনিটে প্রায় এক লক্ষ প্লাস্টিকের বোতল কেনা হয়, জল শেষ হওয়ার পরে এই বোতলগুলি পরিবেশে দূষণের মাত্রা বৃদ্ধি করে। সারা বিশ্ব জুড়ে প্রতি বছর ৫০০ বিলিয়ন প্লাস্টিকের ব্যাগ ব্যবহার হয়। গত বছর থাইল্যান্ডে একটি তিমির মৃতদেহ পাওয়া গিয়েছিল যেটি ৮০ কেজি পরিমাণ প্লাস্টিক ব্যাগ গিলে ফেলায় মারা যায়। এরপর নভেম্বর ইন্দোনেশিয়ায় একটি তিমি মাছের পাকস্থলিতে ১১৫ কাপ, ৪টি প্লাস্টিকের বোতল, ২৫টি প্লাস্টিকের ব্যাগ এবং দুই জোড়া প্লাস্টিকের চপ্পল পাওয়া যায়।

প্লাস্টিক হল পরিমার জাতীয় পদার্থ যাতে একই ইউনিটের অণু বারবার ব্যবহৃত হয় যাকে মোনোমার বলা হয়। প্লাস্টিক ব্যাগের ক্ষেত্রে মোনোমার হল ইথিলিন। যখন ইথিলিনের অণুগুলি পরিমারইজজ করে পলিইথিলিন পাওয়া যায়, তখন তারা কার্বন অণুর লম্বা শৃঙ্খল রচনা করে যেখানে প্রতিটি কার্বন অণু দুটি করে হাইড্রোজেন অণুর সঙ্গে বন্ধনে জড়িয়ে থাকে।

তিন ধরনের মৌলিক পলিমার-পলিইথিলিনের মধ্যে একটি দিয়ে তৈরি হয় প্লাস্টিক ব্যাগ। এই পলিমারগুলি হল, হাই ডেনসিটি পলিইথিলিন (এইচডিপিই), লো ডেনসিটি পলিইথিলিন (এলডিপিই) এবং লিনিয়ার লো ডেনসিটি পলিইথিলিন (এলএলডিপিই) মুদির দোকানে আমরা যে ব্যাগগুলি পাই তা মূলত এইচডিপিই দিয়ে তৈরি, ড্রাই ক্লিনারের ব্যাগগুলি এলডিপিই-র। এই দ্রব্যগুলির বড় পার্থক্য হল, পলিমার শৃঙ্খলের বাঁধনের বিভিন্ন মান। এইচডিপিই এবং এলএলডিপিই-র বাঁধনগুলি সোজাসুজি ধরনের এগুলির কোনও শাখা থাকে না, কিন্তু এলডিপিই-র শাখা থাকে।

পৃথিবীর বিভিন্ন দেশে পেট্রোকেমিক্যাল শিল্পে ব্যাপক অগ্রগতি হওয়ার সঙ্গে সঙ্গে প্লাসিকের ব্যবহার ক্রমশ বাড়তে শুরু করেছে। বিভিন্ন শহরে প্লাস্টিকের ব্যবহারের ব্যাপারে নিষেধাজ্ঞা জারি করা হলেও সেই নিষেধাজ্ঞা জারি করা হলেও সেই নিষেধাজ্ঞা পালনের ব্যাপারে কোনও পক্ষই উদ্যোগী নয়। এ ব্যাপারে কোনও পক্ষই উদ্যোগী নয়। এব্যাপারে জনসচেতনতার ও অভাব রয়েছে। ক্রেতা নিজের সুবিধার প্রয়োজনে বিক্রেতার কাছ থেকে প্লাস্টিকের ক্যারিব্যাগ আদায় করেন। বিক্রেতার তা সরবরাহ করতে ক্ষতি হলেও ব্যবসার প্রয়োজনে দিতে হয়। ইদানিং বেশ কিছু শহরে প্লাস্টিকের মাপের উপর নির্ভর করছে তা ব্যবহার করা যাবে কিনা। অধিকাংশ প্লাস্টিক ক্যারি ব্যাগই রিসলাইক্লিং করা যায় না। আবার বর্জ্য পুড়িয়ে বিদ্যুৎ উৎপাদন করতে গেলেও প্লাস্টিকের ক্যারিব্যাগ সমস্যা সৃষ্টি করে। প্রথমেই যাচ্ছি জাপানের ইওসুকায় অবস্থিত (Japan Agency for Marine Earth Science and Technonoly (JAMSTEC)) এর একটি আবিষ্কারে, যা এই বছরের ৬ এপ্রিল মেরিন পলিসি জার্নালে প্রকাশিত হয়। সেখানে উঠে এসেছে পৃথিবীর সবচেয়ে গভীর মহাসাগরীয় খাদ মারিয়ানা ট্রেঞ্চের ১০,৮৯৮ মিটার (৩৫,৭৫৫ ফুট বা ৬.৭ মাইল) তলদেশেও প্লাস্টিক ব্যাগ রয়েছে। এর গবেষকগণ ডিপ সি সাবমারসিবল ও রিমোটলি অপারেটেড ভেহিকেলস থেকে ১৯৮৩ সাল থেকে ২০১৭ সালের মার্চ পর্যন্ত মহাসাগরের বিভিন্ন তলদেশ থেকে প্রচুর পরিমাণে ডেটা সংগ্রহ করে, যেখান থেকে উঠে আসে প্লাস্টিক আমাদের মহাসাগরের পরিবেশে কতটা সমস্যা তৈরি করেছে।

মহাসাগরীয় অঞ্চলগুলোর মধ্যে ওয়েস্টার্ন নর্থ পেসিফিকই সবচেয়ে বেশি আক্রান্ত, যেখানে প্রতি এক বর্গ কিলোমিটারে সর্বোচ্চা ৩৩৫টি প্লাস্টিক আইটেম পাওয়া গেছে। এই কয়েক বছরের গবেষণায় ৬০০০ মিটারের বেশি গভীরে গিয়ে অন্তত ৩৪২৫টি ডেব্রিস খুঁজে পেয়েছে যাদের এক তৃতীয়াংশই ছিল প্লাস্টিক প্রোডাক্ট দিয়ে তৈরি। এছাড়াও সেখানে রয়েছে ধাতব, রাবার, ফিশিং গিয়ার, কাঁচের বোতল, মানুষের মল ইত্যাদি, যেগুলো একত্রে মিলে এই ডেব্রিসগুলো তৈরি করেছে।



সব থেকে বেশি চিন্তার যে বিষয়টি তা হল, সমুদ্রে বসবাসরত প্রাণীগুলো এসেব মানুষ সৃষ্ট আবর্জনার কারণে ক্ষতির শিকার তো হচ্ছেই, সেই সঙ্গে অনেক স্টারফিশ, মাছ ও অন্যান্য সামুদ্রিক প্রাণীর দেহের অভ্যন্তরেও পাওয়া যাচ্ছে এইসব প্লাস্টিক। পূর্বের একটি গবেষণায় গবেষকগণ সমুদ্রের ৭ থেকে ১০ কিলোমিটারের গভীরে বসবাসরত ৯০টি ক্রাস্টাসিনের (চিংড়ি জাতীয় প্রাণী) দেহের ইন্টেস্টিনাল ট্র্যাক্টে বিভিন্ন রকমের সিনথেটিক ফাইবার খুঁজে পেয়েছিলেন যাদের মধ্যে রেয়ন, লিওসেল এর মতো মাইক্রোফাইয়ারও রয়েছে। এই রেয়ন, লিওসেল প্রভৃতি মাইক্রোফাইবার দিয়ে নাইলন, পলিএমাইড, পলিথিলিন (পলিথিন ব্যাগের মেটিরিয়াল) ও পিভিসি (প্লাস্টিকের পাইল তৈরির মেটিরিয়াল) তৈরি হয়। এই গবেষণায় আরও একটা বিষয় উঠে আসছে, আর তা হল, মানুষ প্লাস্টিক ব্যবহারের কারণে এমন অঞ্চলও ক্ষতিগ্রস্ত হতে পারে, যেখানে মানুষের তেমন কোনও আনাগোনাই নেই। মারিয়ানা ট্রেঞ্চ ছিল এমনই একটা অঞ্চল। গবেষণাটিতে আরও উঠে আসে, ওয়েস্টার্ন নর্থ পেসিফিকের সকল পেলাজিক, মেসোপেলজিক ও ডিপ সি স্পিসিজই ঝুঁকিতে আছে।

যাই হোক, এই সমস্যার সমাধানের জন্য যেটা সব থেকে বেশি প্রয়োজন, তা হল প্রতিটি রাষ্ট্রেই রাজনৈতিকভাবে প্লাস্টিক ব্যাগ সহ বিভিন্ন প্লাস্টিক আইটেমের উপর বিভিন্ন বিধিনিষেধ আরোপ করা। অনেক দেশেই এটা করা হচ্ছে, এর মধ্যে একটি অন্যতম হচ্ছে যুক্তরাজ্যের প্লাস্টিক ব্যাগ ট্যাক্স বিধি, যা অনেকটাই সফল হয়েছে।

প্লাস্টিক যে পরিবেশের জন্য ক্ষতিকারক যে পরিবেশের জন্য ক্ষতিকরাক, এ বিষয়ে আজ আর কোনও সন্দেহ নেই। কিন্তু দৃশ্যমান প্লাস্টিক এড়িয়ে চলা সম্ভব হলেও প্রায় অদৃশ্য, ক্ষুদ্র মাইক্রোপ্লাস্টিক পরিবেশের মধ্যে মিশে কতটা ক্ষতি করছে, তা আজও স্পষ্ট নয়। এদিকে নেচার জার্নালে প্রকাশিত হয়েছে প্লাস্টিক নিয়ে আরেকটা আশঙ্কাজনক গবেষণা। এটা বলছে আর্কটিক অঞ্চলের বরফে এখন রেকর্ড পরিমাণে মাইক্রোপ্লাস্টিকের উপস্থিতি পাওয়া গেছে। মাইক্রোপ্লাস্টিক হচ্ছে প্লাস্টিক ডেব্রিস থেকে বের হওয়া ক্ষুদ্র ক্ষুদ্র মাইক্রোস্কোপিক কণা (১১ মাইক্রোমিটার রেঞ্জের প্রস্থের হয় যার আকার চুলের ব্যাসের ছয় ভাগের এক ভাগ),যা প্লাস্টিক আবর্জনার ভাঙনের ফলে তৈরি হয়। ২০১৪-১৫ সালে সেন্ট্রাল আর্কটিক থেকে নর্থ আর্কটিকের পাঁচটি আলাদা আলাদা স্থান থেকে বরফের স্যাম্পল নিয়ে গবেষণাটি করা হয়। দেখা যায়, প্রতি লিটার বরফে ১২০০০ এর মতো মাইক্রোপ্লাস্টিকের দিয়ে মাইক্রোপ্লাস্টিক কণাগুলোকে ট্রেস করা হয়, ফিরে আসা ভিন্ন ধরনের ওয়েভলেন্থ এটি নিশ্চিত করে, আর এভাবেই বোঝা যায় যে সেখানকার বরফগুলো কী বিশাল মাত্রায় দূষিত।

মাইক্রোপ্লাস্টিক সমুদ্রের গভীর তলদেশে চলে যাচ্ছে, এই প্রসঙ্গ উঠতেই সাম্প্রতিক আরেকটি গবেষণার কথা মনে পড়ল। প্লাস্টিকের কণা বা মাইক্রোপ্লাস্টিক পৃথিবীর সকল মহাদেশ, মহাসাগরেই এখন পাওয়া যাচ্ছে। আর এই বছরেরই ১৯ ফেব্রুয়ারিতে ফ্রন্টিয়ারস ইন মেরিন সায়েন্স জার্নালে প্রকাশিত হয়েছে আরেকটি হতাশার আবিষ্কার যা বলছে নর্থ ওয়েস্ট আটলান্টিকের ৭৩ শতাংশ গভীর জলের মাছই এই মাইক্রোপ্লাস্টিক খাচ্ছে। প্লাস্টিক খাওয়া মাছের এত বেশি পারসেন্টেজ এর আগে কখনও দেখা যায়নি।

ন্যাশনাল ইউনিভার্সিটি অফ আয়ালল্যান্ড-এর গবেষকগণ সমুদ্রের ৬০০ মিটার গভীরে গিয়ে ২৩০টি মৃত গভীর জলের মাছ নিয়ে পরীক্ষানিরীক্ষা করেন, যাদের মধ্যে ৭ুদ্রতম ১.৪ ইঞ্চির গ্লোসিয়ার ল্যানটার্নফিশ থেকে শুরু করে দীর্ঘতম ২৩ ইঞ্চির স্টাউট সপ্যালেট ছিল। এই মাছগুলোর পাকস্থলিতে মাইক্রোপ্লাস্টিকের সন্ধান করা হয়, আর এগুলো থেকে বিভিন্ন রকমের মাইক্রোপ্লাস্টিক বের করা হয়েছে।

মাইক্রোপ্লাস্টিক কী জিনিস সেটা আগেই বলেছি, মাইক্রোবিড থেকেও এই মাইক্রোপ্লাস্টিক এর উৎপত্তি হতে পারে আমাদের টুথপেস্ট, ফেসস্ক্রাব, ফেসওয়াশ ইত্যাদি বিভিন্নরকম ওয়াশিং মেটিরিয়ালে এরকম মাইক্রোবিড দেওয়া হয় যাতে আমাদের স্কিন, জামাকাপড় পরিষ্কার করা যায়। এগুলোর আকার ১ মিলিমিটারের হয়, আর বিভিন্ন পরিষ্কারক দ্রব্যে এগুলোকে সহজেই বোঝা যায়। আমাদের ব্যবহারের পর এগুলো জলের সঙ্গে মিশে গিয়ে ড্রেনেজ সিস্টেম হয়ে শেষে সমুদ্রেই পতিত হচ্ছে। সমুদ্রের সারফেসে থাকা প্লাস্টিককে খাচ্ছে মেসোপেলাজিক মাছ। এই মেসোপেলাজিক মাছ রাতের বেলায় যখন উলম্ব পথে উপরের দিকে ওঠে,তখন কার্বন ও অন্যান্য পুষ্টি পরিবাহিত হয়ে গভীর সমুদ্রে চলে যায়। সমুদ্রপৃষ্ঠ বা সারফেসে গিয়ে এই মাছগুলো প্লাস্টিককে প্লাঙ্কটন মনে করে খেয়ে ফেলে। এদিকে প্লাস্টিককে হজম করা যায় না, বরং ধীরে ধীরে মাইক্রোপ্লাস্টিক জমে পরিপাক নালী ব্লক হয়ে যায়, আর তার ফলে এরা মারা যায়। এরা মরে গেলে গভীর সমুদ্রেও আবার পুষ্টি পৌঁছাতে সমস্যা হয়। গবেষকগণ বলেন, এই মাছগুলো উত্তর আটলান্টিক মহাসাগরে যেখানে মাইক্রোপ্লাস্টিকের পরিমাণ তুলনামূলক বেশি, আর এই মাইক্রোপ্লাস্টিকগুলোর মধ্যে ব্ল্যাক ও ব্লু মাইক্রোফাই বারের পরিমাণই বেশি যেগুলো রেয়ন, পলিয়েস্টার ও নাইলনের মতো সিন্থেটিক মোটিরিয়ালই বেশি পাওয়া যায়।

সম্প্রতি অনেক সামুগ্রিক প্রাণীকেই প্লাস্টিক ভক্ষণের ফলে মরতে দেখা যাচ্ছে বলে রিপোর্ট হয়েছে। একবার একটি মৃত স্পার্মহোয়েলের পাকস্থলি থেকে প্লাস্টিক সহ ১৭ কেজি আবর্জনা বের করা হয়েছিল, যা হজম করা সম্ভব নয়। এগুলো ভূমধ্যসাগর থেকে এসেছিল। এরপর নেদারল্যান্ডেও আরেকটা স্পার্মহোয়েল পাওয়া যায় যার স্টম্যাক থেকে প্রচুর প্লাস্টিক বের হয়। ওটা ছিল নেদারল্যান্ডে পাওয়া পঞ্চম মৃত তিমি, যার মৃত্যুর কারণ হিসেবে প্লাস্টিককেই চিহ্নিত করা হয়। ২০১২ সালের একটা গবেষণায় দেখা যায় সামুদ্রিক কচ্চপেরা ভাসমান প্লাস্টিককেই অন্যান্য প্লাস্টিকের থেকে বেশি পছন্দ করে, এগুলো পরে সেই কচ্ছাপদের গলায় আটকে যায়, আর সেজন্য অনেক কচ্ছপ শ্বাসকষ্টে মারা যায়। এরপ সামুদ্রিক প্রাণী ছাড়াও আলবাট্রস পাখিদের উপরেও প্লাস্টিকের ইমপ্যাক্ট নিয়ে গবেষণা করা হয়। এই পরিযায়ী পাখিরা এক মহাদেশ থেকে আরেক মহাদেশে যাবার সময় যখন সেই গ্রেস পেসিফিক গারবেজ প্যাচ দিয়ে উড়ে যায় (এদের চলার পথই সম্ভবত ওটা), তখন পথে খাবার সময় ১২ শতাংশ সময়ে এরা সমুদ্রপৃষ্ঠ থেকে প্লাস্টিক তুলে এনে খায়। এরকম বহু উদাহরণ দেখা যায়, আর এখন যুক্ত হল ৭৫ শতাংশ ডিপ সি ফিশ।

সমুদ্রের প্লাস্টিকের কারণে কত প্রাণীই যে মৃত্যুর মুখে পতিত হয় তা নির্ণয় করা কঠিন। তবুও কোনও কোনও গবেষক বলেন এর সংখ্যা বছরে এখ লক্ষের মতো বেশি হবে। পূর্ববর্তী গবেষণাগুলোতে দেখা যায়, সকল প্রকার সামুদ্রিক প্রাণীই মাইক্রোপ্লাস্টিক গ্রহণ করে থাকে, যে জুপ্লাঙ্কটনই হোক, কৃমিই হোক আর মাছই হোক। এই মাইক্রোপ্লাস্টিকগুলো প্রাণীদের দেহে গিয়ে তাদের পরিপাকতন্ত্রে প্রাণীদের গেহে গিয়ে তাদের পরিপাকতন্ত্রে সমস্যার সৃষ্টি করে, গৃহীত প্লাস্টিক দেহের অভ্যন্তরে ফিজিক্যাল ড্যামেজ করে, অন্ত্র ফুলে যায়, যার কারণে খেতে সমস্যা হয়। প্লাস্টিকগুলোর সঙ্গে লেগে থাকা এডিটিভগুলোরও (কালারিং বা ফ্রেম রিটারডেন্টস) অনেক সমস্যার সৃষ্টি করে। যাই হোক, এই গবেষকগণের এই দলটি আরও বৃহৎ একটি গবেষণায় ব্যস্ত যার উদ্দেশ্য হচ্ছে সকল ইউরোপিয়ান মেরিন স্পিসিজের উপরেই মাইক্রোপ্লাস্টিক কী প্রভাব ফেলছে তা বের করা।

গ্রেট পেসিফিক গারবেজ প্যাচ বা জিপিজিপি নিয়ে বেশ কিছু বলার আছে। এটা হল প্রশান্ত মহাসাগরের মাঝে অবস্থিত একটি বিশালাকার প্যাচ,যার আয়তন ১৬ লক্ষ বর্গ কিলোমিটার (প্রায় তিনটি ফ্রান্স দেশের সমান)। এটা নিয়ে খারাপ সংবাদটি হচ্ছে, এর আকার আগে যা ভাবা হয়েছিল, এটা তার থেকেও তার গুণ বিশাল, আর এর আকার জ্যামিতিক হারে বৃদ্ধি পাচ্ছে। জিপিজিপি নিয়ে টানা তিন বছরের সার্বে করে গবেষকগণ এই সিদ্ধান্তে পৌঁছেছেন। আর এর রেজাল্ট প্রকাশিত হয় নেটার সাময়িকীতে এই বছরের ২২ মার্চ। গবেষকরা আবিষ্কার করেন যে, এই অঞ্চলে প্রায় ১.৮ ট্রিলিয়ন প্লাস্টিকের অংশ রয়েছে, যার ভর হবে প্রায় ৮০ হাজার টন। আর এটাই সেই ১৬ লক্ষ বর্গ কিলোমিটার স্থান অধিকার করে আছে। আগে যে পরিমাণ প্লাস্টিক এখানে ভেসে এসে জমা হয় বলে তারা মনে করতেন, এর পরিমাণ তার চেয়ে অনেক বেশি। ফেলে দেওয়া ফিশিং নেট থেকে শুরু করে প্লাস্টিক ক্রেট, বোতল, এমনকী টয়লেট সিটও এখানে পাওয়া যায়। এই প্যাটের সবচেয়ে বেশি স্থান দখল করে আছে মাইক্রোপ্লাস্টিক, যেগুলোর আকার ০.৫ মিলিমিটারের চেয়েও ছোট। ভাববেন, না যে এই প্লাস্টিকগুলো কেবলমাত্র প্রশান্ত মহাসাগরে ভেসে বেড়ানো জাহাজ থেকেই আসে, এগুলো আসে প্রশান্ত মহাসাগরের আশেপাশে থাকা সকল দেশের সকলসমুদ্রতট থেকে, এমনকী এসব দেশের নদীগুলো থেকেও। এরপর স্রোতের টানে এইসকল গারবেজ এসে এই প্রশান্ত মহাসাগরের বিশাল জায়গায় এসে ঘণীভূত হয়, আর গঠন করে জিপিজিপি।

গবেষণা এও বলছে,যে, যদি এর প্রতিকারের জন্য কিছুই না করা হয়, বা এখন যা চলছে তেমনি যদি চলতে থাকে, তাহলে সামনের ১০ বছরের মধ্যে মহাসাগরে প্লাস্টিকের পরিমাণ তিনগুণ বৃদ্ধি পাবে, আর ২০৫০ সালে এই প্লাস্টিকের ভর সকল সামুদ্রিক মাছের ভরের চেয়ে বেশি হবে। তখন মহাসাগরের পরিবেশের কী অবস্থা ঘটবে আশা করি বুঝতেই পারছেন।

ভারত সরকারের খাবার জলও স্বাস্থ্যব্যস্থা মন্ত্রণালয় সরকারের বিভিন্ন বিভাগকে খাবার জল প্রদানের জন প্লাস্টিক বোতলের ব্যবহার বন্ধ করে বরং প্লাস্টিক বর্জ্য বৃদ্ধি করে না এমন উপায়ে খাবার জল প্রদান করতে অনুরোধ করেছেন। সিকিম রাজ্য সরকারি অনুষ্ঠান ও সভায় প্লাস্টিক বোতল ও স্টাইরোফোম দ্রব্যাদির ব্যবহার নিষিদ্ধ করেছে। বিহার রাজ্যে সরকারি সভায় প্লাস্টিক বোতলের ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে।

সমুদ্রের সারফেসে থাকা প্লাস্টিককে খাচ্ছে মেসোপেলাজিক মাছ। এই মেসোপেলাজিক মাছ রাতের বেলায় যখন উলম্ব পথে উপরের দিকে ওঠে,তখন কার্বন ও অন্যান্য পুষ্টি পরিবাহিত হয়ে গভীর সমুদ্রে চলে যায়। সমুদ্রপৃষ্ঠ বা সারফেসে গিয়ে এই মাছগুলো প্লাস্টিককে প্লাঙ্কটন মনে করে খেয়ে ফেলে। এদিকে প্লাস্টিককে হজম করা যায় না, বরং ধীরে ধীরে মাইক্রোপ্লাস্টিক জমে পরিপাক নালী ব্লক হয়ে যায়, আর তার ফলে এরা মারা যায়। এরা মরে গেলে গভীর সমুদ্রেও আবার পুষ্টি পৌঁছাতে সমস্যা হয়। গবেষকগণ বলেন, এই মাছগুলো উত্তর আটলান্টিক মহাসাগরে যেখানে মাইক্রোপ্লাস্টিকের পরিমাণ তুলনামূলক বেশি, আর এই মাইক্রোপ্লাস্টিকগুলোর মধ্যে ব্ল্যাক ও ব্লু মাইক্রোফাই বারের পরিমাণই বেশি যেগুলো রেয়ন, পলিয়েস্টার ও নাইলনের মতো সিন্থেটিক মোটিরিয়ালই বেশি পাওয়া যায়।

তিরুঅনন্তপুরমে অনুষ্ঠিত ভারতের জাতীয় ক্রীড়ায় সবুজ চুক্তি গ্রহণ করা হয়। সুচিত্ব মিশন দ্বারা এটির উদ্বোধন হয় এবং এইট 'শূন্য বর্জ্য' ক্রীড়াস্থানের লক্ষ্যে কাজ করে। সেই অনুষ্ঠানটিকে বর্জ্যবিহীন করার জন্য সেখানে প্লাস্টিক বোতল ব্যবহারকে নিষিদ্ধ করা হয়েছিল। এই অনুষ্ঠানে পুনর্ব্যবহারযোগ্য খাবার থালা বাসন এবং স্টেইনলেস স্টিলের পানপাত্র ব্যবহার করা হয় ক্রীড়াবিদদের পুরনপাত্র ভর্তি করা যায় এমন স্টিলের ফ্লাস্ক দেওয়া হয়েছিল। পরিমাপ করে দেখা গেছে, এই সবুজ চর্চার ফলে ১২০ মেট্রিক টন বর্জ্য উৎপাদন বন্ধ হয়েছে। 'স্বচ্ছ ভারত' অভিযানের কায়দাতেই সারা দেশে প্লাস্টিক সামগ্রী বর্জনকে একটি সামাজিক আন্দোলন হিসেবে গড়ে তোলার ডাক দিয়েছেন প্রধানমন্ত্রী। রাষ্ট্রসংঘের জলবায়ু পরিবর্তনের সঙ্কট সংক্রান্ত এক আলোচনায় মোদি বলেন, "আমার সরকার ইতিমধ্যেই ঘোষণা করেছে যে, আগামী দিনে একবার ব্যবহারের প্লাস্টিক পণ্য পুরো বন্ধ করে দেওয়া হবে। আমার বিশ্বাস, তাকে বিদায় জানানোর সময় এসেছে বাকি বিশ্বেরও। বলা হয়েছে প্লাস্টিক পণ্য বর্ঝনকে এ বছর 'স্বচ্ছতাই সেরা' স্লোগানের পুরোভাঘে রাখার কথাও। দেশের প্লাস্টিক শিল্পের প্রতিনিধিদের দাবি, ভারতেত বছরে মিনারেল ওয়াটারের বোতলই তৈরি হয় ৩০ হাজার কোটি টাকার। সব ধরনের প্লাস্টিক বোতল ধরলে ওই অঙ্ক প্রায় সাড়ে সাত লক্ষ কোটি মানুষের রুটি রুজি। কিন্তু কেন্দ্রে পাল্টা যুক্তি, প্লাস্টিক -দূষণকে অস্বীকার করার উপায় নেই। প্লাস্টিক ব্যবহারে রাশ টানতে যে বিকল্প উঠে আসবে, তাতেও কাজ হবে অনেকের।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**



শুক্রবার নয়াদিল্লিতে একটি অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বাস্থ্য পরিবার কল্যাণমন্ত্রী ডঃ হর্ষবর্ধন সহ অন্যান্যরা।

# কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ, মানব না অন্য কোনও দেশের হস্তক্ষেপ ঃ অমিত শাহ

মুম্বই, ১১ অক্টোবর (হি.স.): কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অঙ্গঊ কাশ্মীর ইস্যুতে অন্য কোনও দেশের হস্তক্ষেপ আমরা কখনও মেনে নেব না, তা সে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পই হোক অথবা অন্য কেউঊ মোদীজী স্পষ্ট করে দিয়েছেন, কাশ্মীর আমাদের আভ্যন্তরীণ বিষয়ঊ শুক্রবার মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনের প্রচারে এমনই মন্তব্য করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহঊ কংগ্রেস এবং এনসিপি-কে তীব্র আক্রমণ করে অমিত শাহ এদিন বলেছেন, 'কাশ্মীর ভারতের সঙ্গে যুক্ত থাকুক, গোটা দেশবাসীই তা চেয়েছিল, শুধুমাত্র কংগ্রেস ও এনসিপি বিরোধিতা করেছিলঊ কংগ্রেস ও এনসিপির চিন্তাভাবনা শুধুমাত্র পরিবারের ভালোর জন্যই সীমাবদ্ধঊ উন্নয়নের জন্য উদগ্রীব ছিল বিদর্ভ, কিন্তু বিদর্ভের উন্নতি হতে দেয়নি কংগ্রেসঊ বিজেপি সরকার ক্ষমতায় আসার পর বিদর্ভের উন্নয়নের জন্য বিশেষ জোর দেওয়া হয়েছেঊ' বিদর্ভকে উন্নয়নের পথে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বিজেপি জোট প্রার্থীদের ভোট দেওয়ার আবেদন জানিয়েছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহ।

শুক্রবার মহারাষ্ট্রের বুলধানা জেলার চিখালি বিধানসভা কেন্দ্রের বিজেপি জোট প্রার্থী শ্বেতা মহালের হয়ে নির্বাচনী প্রচার করেন বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহঊ এদিনের জনসভা থেকে অমিত শাহ বলেছেন, 'কংগ্রেস ও এনসিপি প্রশ্ন তুলছে মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনে কাশ্মীরের প্রসঙ্গ উত্থাপণ করার কী প্রয়োজন রয়েছেঊ কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ, এটা মহারাষ্ট্রের জনগণ খুব ভালোভাবেই জানেনঊ শুধুমাত্র মহারাষ্ট্র নয়, গোটা দেশের জনগণ চাইছেন কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবেই থাকুকঊ সংসদে কংগ্রেস নেতারা বলেছিলেন যদি ৩৭০ অনুচ্ছেদ বিলোপ করা হয় তাহলে রক্ত বন্যা বইবেঊ কাশ্মীর ইস্যুতে অন্য কোনও দেশের হস্তক্ষেপ আমরা কখনও মেনে নেব না, তা সে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পই হোক অথবা অন্য কেউঊ মোদীজী স্পষ্ট করে দিয়েছেন, কাশ্মীর আমাদের আভ্যন্তরীণ বিষয়।'

অমিত শাহ এদিন আরও বলেছেন, 'নির্বাচনের পরেই লোকসভার প্রথম অধিবেশনে ৩৭০ অনুচ্ছেদকে বিলোপ করেছেন প্রধানমন্ত্রী, কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে পরিণত হয়েছেঊ ৩৭০ অনুচ্ছেদ বিলোপের পরও কাশ্মীরে এক ফোঁটাও রক্তপাত হয়নিঊ সর্বত্রই শান্তি রয়েছেঊ কংগ্রেস ও এনসিপি শুধুমাত্র তাঁদের পরিবারের স্বার্থে ৩৭০ অনুচ্ছেদকে সমর্থন করেছিল।' নির্বাচনী জনসভা থেকে অমিত শাহ আরও বলেছেন, 'মহারাষ্ট্রের জনগণের পাশাপাশি গোটা দেশের মানুষ ৩৭০ অনুচ্ছেদ বিলোপ হওয়ায় খুশি হয়েছেন।

কংগ্রেস ও এনসিপি-কে আক্রমণ করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, 'বিদর্ভের প্রতি কংগ্রেস ও এনসিপির মনোভাব সর্বদাই দ্বি-মনেরঊ এ জন্যই বিদর্ভের উন্নতি হয়নিঊ কেন্দ্র ও রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর, বিদর্ভের সমস্ত আটতে থাকা প্রকল্পগুলি গতি পেয়েছেঊ নাগপুর-মুম্বই মহাসমৃদ্ধি রোডের কাজ দ্রুত গতিতে চলছেঊ নাগপুর মেট্রোর কাজও চলছঊ সেচ প্রকল্পগুলিও গতি অর্জন করেছেঊ বিদর্ভের উন্নয়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ বিজেপিঊ বিদর্ভের প্রগতি আরও এগিয়ে নিয়ে যাওয়ার জনগণের কাছে বিজেপি জোটকে ভোট দেওয়ার অনুরোধ করেন অমিত শাহ।

## বাংলার আইন প্রশাসনের অবনতি ঘটেছে গৌতম গম্ভীর

কলকাতা, ১১ অক্টোবর (হি.স): পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে বলে মনে করেন ক্রিকেটার গৌতম গম্ভীর। শুক্রবার ফেসবুক পোস্টে গৌতম গম্ভীর লিখেছেন, 'আট বছরের পুত্র সমেত গোটা পরিবারকে অমানবিক, নৃশংসভাবে হত্যা করা হল। বাংলার আইন প্রশাসনের এতটাই অবনতি ঘটেছে যে কোনও আইনের তোয়াক্কা না করেই হত্যালীলা চালানো হচ্ছে। আশা করি, আরএসএস সংস্রবের কারণে মমতা বন্দ্যোপাধ্যায় নিশ্চয় দোষীদের শাস্তি দেওয়া থেকে বিরত থাকবেন না।'

মুর্শিদাবাদের জিয়াগঞ্জে শিক্ষক বন্ধুপ্রকাশ পাল, তাঁর স্ত্রী এবং আট বছরের সন্তানকে নির্মমভাবে হত্যা করা হয় দশমীর দিন। তারপরে রাজনৈতিক উত্তাপ চরমে পৌঁছেছে। অভিনেত্রী অপর্ণা সেন শুক্রবারই টুইট করে দাবি করেছেন, দ্রুত অপরাধীদের চিহ্নিত করে গ্রেফতার করা হোক। পাশাপাশি, রাজ্যপাল জগদীপ ধনকর স্বয়ং বিবৃতি দিয়ে জানিয়েছেন, এই ঘটনা রাজ্যের জন্য রীতিমত উদ্বেগজনক। বর্তমান রাজ্যের আইন শৃঙ্খলার অবনতিরই প্রতিফলন ঘটেছে সংশ্লিষ্ট ঘটনায়। গোটা ঘটনায় রাজ্যের রিপোর্ট চেয়েও পাঠানো হয়েছে রাজ্যপালের দফতর থেকে। যা নিয়ে আবার শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় পালটা রাজ্যপালকে রাজনৈতিক মন্তব্য করা থেকে বিরত থাকার পরামর্শ দিয়েছেন।

## অবশেষে সাফল্য দিল্লি পুলিশের সাংবাদিক-হামলায় জড়িত দু''জন সন্দেহভাজন দুষ্কৃতী গ্রেফতার

নয়াদিল্লি, ১১ অক্টোবর (হি.স.): দীর্ঘদিনের লুকোচুরি শেষ। অবশেষে দিল্লি পুলিশের জালে ধরা পড়ল মহিলা সাংবাদিক জয়মালা বাগচিকে হামলার ঘটনায় জড়িত দু''জন সন্দেহভাজন দুষ্কৃতী। শুক্রবার ভোরে দিল্লির নিজামুদ্দিন এলাকার কাছে দিল্লি পুলিশের স্পেশাল সেল এবং দুষ্কৃতীদের মধ্যে গুলির লড়াই শেষে আহত অবস্থায় দু''জন দুষ্কৃতীকে গ্রেফতার করেছে দিল্লি পুলিশ। গ্রেফতার করার পর ওই দু''জন দুষ্কৃতীকে আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। ডেপুটি কমিশনার অফ পুলিশ (স্পেশাল সেল, দিল্লি পুলিশ) সঞ্জীব যাদব জানিয়েছেন, দিল্লির নিজামুদ্দিন এলাকার কাছে দিল্লি পুলিশের স্পেশাল সেল এবং দুষ্কৃতীদের মধ্যে গুলির লড়াই শুরু হয়। এনকউন্টারে আহত হয়েছে দু''জন দুষ্কৃতী। ডিসিপি আরও জানিয়েছেন, প্রাথমিকভাবে মনে করা হচ্ছে আহত দুষ্কৃতীরা মহিলা সাংবাদিক জয়মালা বাগচিকে হামলার ঘটনায় জড়িত। উল্লেখ্য, সেপ্টেম্বর মাসে মোবাইল ছিনতাই করতে গিয়ে অটোয় সওয়ার এক মহিলা সাংবাদিককে টেনে রাস্তায় ফেলে দেয় দুষ্কৃতীরা। মোবাইলটি হাতিয়ে নেওয়ার পরই, চোখের নিমেষে চম্পট দেয় বাইকআরোহী ওই দুই ছিনতাইবাজ। চলন্ত অটো থেকে পড়ে গিয়ে, মারাত্মক জখম হন ওই মহিলা সাংবাদিক। দীর্ঘদিনের লুকোচুরি শেষে অবশেষে দিল্লি পুলিশের জালে ধরা পড়ল দু''জন দুষ্কৃতী।

# বুলন্দশহরে বাসের চাকায় পিষ্ট হয়ে মৃত্যু তিনটি শিশু-সহ ৭ জনের, আর্থিক ক্ষতিপূরণ ঘোষণা যোগী আদিত্যনাথের

বুলন্দশহর (উত্তর প্রদেশ), ১১ অক্টোবর (হি.স.): উত্তর প্রদেশের বুলন্দশহরে ফুটপাথে ঘুমিয়ে থাকা পুন্যার্থীদের পিষে দিল ঘাতক বাসঊ শুক্রবার ভোরে উত্তর প্রদেশের বুলন্দশহরে মর্মান্তিক এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে তিনটি শিশু ও চারজন মহিলারঊ মৃতরা সকলেই একই পরিবারের সদস্যঊ দুর্ঘটনাটি ঘটেছে বুলন্দশহরের নারোয়ার গঙ্গাঘাটের কাছেঊ পুলিশ সূত্রের খবর, গত ৩ অক্টোবর হাথরস জনপদের চন্দপা থানার অন্তর্গত মোহনপুরা গ্রাম থেকে ৫৬ জন পুন্যার্থীর একটি দল বাসে চেপে বৈষ্ণোদেবী মন্দির দর্শনের জন্য বেরিয়েছিলেনঊ প্রথমে তাঁরা হরিদ্বারে পৌঁছেছিলেনঊ সেখান থেকে পুন্যার্থীবোঝাই বাসটি নারোরার গান্ধীঘাটে পৌঁছয়ঊ রাত হয়ে যাওয়ার কারণে, আগ্রা-মুরাদাবাদ হাইওয়ের সন্নিকটে নারোরায় গান্ধীঘাট সংলগ্ন শ্মশান অভিমুখে রাস্তার ধারে বাস দাঁড় করানোর সিদ্ধান্ত নেন বাসের চালক।

পুন্যার্থীদের মধ্যে অনেকেই রাস্তার ধারে ফুটপাথে ঘুমিয়ে পড়েনঊ প্রত্যক্ষদর্শীদের বয়ান অনুযায়ী, শুক্রবার ভোরের দিকে প্রচণ্ড গতিতে একটি বেসরকারি বাস নিয়ন্ত্রণ হারিয়ে ফুটপাথের উপর উঠে পড়েঊ ঘুমিয়ে থাকা তীর্থযাত্রীদের পিষে দিয়ে কোনও রকমে ব্রেক কষে দাঁড়িয়ে পড়ে বাসটিঊ পালিয়ে যায় চালকঊ বাসের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় তিনটি শিশু ও চারজন মহিলারঊ পরে পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছেঊ মৃতদের পরিবার সূত্রের খবর, শুক্রবারই তাঁদের বাড়ি ফেরার কথা ছিলঊ কিন্তু, তার আগেই অকালেই মৃত্যু হল তিনটি শিশু ও চারজন মহিলারঊ পুলিশ ঘাতক বাস চালকের খোঁজে তদন্ত শুরু করেছে। ভয়াবহ বাস দুর্ঘটনায় প্রাণহানির ঘটনায় শোকস্তব্ধ উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথঊ মৃতদের পরিবারপিছু ২ লক্ষ টাকা করে আর্থিক ক্ষতিপূরণ ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথঊ পাশাপাশি দুর্ঘটনায় দোষীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রশাসনকে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

# বাপুর রামরাজের স্বপ্নকে বাস্তবায়িত করে তুলবে মোদীর সুরাজ ঃ আর কে সিনহা

রাজগীর, ১১ অক্টোবর (হি.স.): জাতীর জনক মহাত্মা গান্ধীর দূরদর্শি চিন্তাভাবনা এবং এখন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাপুর ওই চিন্তাভাবনাকে বাস্তবায়িত করার ইচ্ছাশক্তি, স্বচ্ছতা থেকে স্বাবলম্বন পর্যন্ত যাত্রা একটি মাইলফলক হবেঊ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাপুর স্বপ্নের ভারত গঠনের মাধ্যমে দেশকে শিক্ষিত, স্বাস্থ্যকর ও সমৃদ্ধ করার লক্ষ্যে অভিযান শুরু করে দিয়েছেনঊ প্রধানমন্ত্রীর এই মহাভিযানকে আরও গতি প্রদান করার জন্য বিহারের মাটিতে নেমে পড়েছেন বিজেপির রাজ্যসভার সাংসদ তথা হিন্দুস্থান সমাচার সংবাদ সংস্থার চেয়ারম্যান রবীন্দ্র কিশোর সিনহা।

''বাপুর রামরাজ-মোদীর সুরাজ'' এই নামে গত ২ অক্টোবর থেকে পদযাত্রা শুরু করেছেন রাজ্যসভার সাংসদ আর কে সিনহা। সাংসদ আর কে সিনহার এই পদযাত্রা বিভিন্নভাবে গুরুত্বপূর্ণ হতে চলেছেঊ এই পদযাত্রার মাধ্যমেই বিহারের শহর থেকে গ্রামাঞ্চল পর্যন্ত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উন্নয়ন ও প্রগতিশীল কাজ সম্পর্কে সরাসরি ওয়াকিবহাল করা হচ্ছে জনগণকে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের মানুষের বিশ্বাস জিতেছেন এবং ফের কেন্দ্রে ক্ষমতায় এসে সুন্দরভাবে অনেক সাহসী সিদ্ধান্ত নিয়েছেন। সরকারের এই সিদ্ধান্ত দেশের জনতার মধ্যে পৌঁছে দিতে দলের বড় নেতা থেকে শুরু করে ছোট কর্মীরাও এই কাজে নিয়োজিত রয়েছেন। এই কাজে সামিল হতে বিহারের প্রবীণ নেতা ও রাজ্যসভার সাংসদ আর কে সিনহা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকাশ অভিযানকে জন অভিযানের সঙ্গে যুক্ত করার কাজ শুরু করেছেন, এই কর্মসূচীর ফলে আগামী দিনে বিজেপির সাথে সাথে দেশের নামও স্বর্ণক্ষরে লেখা থাকবে।

স্বাধীনতার পরই মহাত্মা গান্ধীর চিন্তাধারা নিয়ে কাজ শুরু হয় নি ঊ যদিও মহাত্মা গান্ধী নতুন ভারতের স্বপ্ন দেখে ছিলেন ঊ তিনি ভারতবর্ষের অগ্রগতি এবং বিকাশের স্বপ্ন দেখে ছিলেন। কংগ্রেস সরকার স্বাধীনতার পরে বাপুর নাম ব্যবহার করে দেশে তাদের রাজনৈতিক ভবিষ্যত উজ্জ্বল করেছে এবং ক্ষমতা হাসিল করতে গান্ধীজির নাম ব্যবহার করেছে ঊ কিন্তু নরেন্দ্র মোদী দেশের প্রধানমন্ত্রী হওয়ার পর গান্ধীজির স্বপ্ন সাকার করতে পদক্ষেপ গ্রহণ করেছেন স্বচ্ছতা অভিযানকে জন আন্দোলনে পরিণত করেছেন। শিক্ষা, পরিচ্ছন্নতা এবং স্বাবলম্বনের দিক নির্দেশে ভারত সরকার কার্য সম্পাদন করছে। মহাত্মা গান্ধীর পরিকল্পিত সব বিষয়গুলি রাজ্যসভার সাংসদ আর কে সিনহার পদযাত্রায় আছে।

বিহারে চলছে ''বাপুর রামরাজ-মোদীর সুরাজ'' পদযাত্রা স্বচ্ছতা, জৈবিক, চাষবাস, প্লাস্টিক মুক্ত রাষ্ট্র, শিক্ষা এবং স্বাবলম্বনের বার্তা দিচ্ছে। সাংসদ সিনহার এই পদযাত্রায় বিভিন্ন জায়গায় অতিরিক্ত ভিড় লক্ষ্য করা যাচ্ছে এবং ওই পদযাত্রায় সামিল হচ্ছেন দলের কার্যকর্তারাও ঊ এদিনের পদযাত্রায় বিভিন্ন স্থানে সাংসদ আর কে সিনহাকে স্বাগত জানান হয়। শুক্রবার রাজগীর থেকে মুঙ্গের যাওয়ার পথে লখীসরাইয়ে বিজেপির নেতারা পদযাত্রা আটকে আর কে সিনহাকে আড়ম্বরপূর্ণ অভ্যর্থনা জানিয়েছে।

# আন্তর্জাতিক কন্যা সন্তান দিবসে টুইট বার্তা মুখ্যমন্ত্রীর

কলকাতা, ১১ অক্টোবর (হি.স) : আজ ১১ অক্টোবর, আন্তর্জাতিক কন্যা সন্তান দিবস। শুক্রবার এই বিশেষ দিনে রাজ্যসরকারের কন্যাশ্রী প্রকল্পের কথা তুলে ধরেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন এই বিষয়ে রাজ্যবাসীর উদ্দেশ্যে টুইট বার্তা পাঠান মুখ্যমন্ত্রী।

এদিন টুইটে মুখ্যমন্ত্রী লেখেন, 'আজ আন্তর্জাতিক কন্যা সন্তান দিবস। বাংলার সরকার ২০১৩ সালে কন্যাশ্রী প্রকল্প চালু করে। ২০১৭ সালে রাষ্ট্রসংঘের প্রথম পুরস্কার পায় এই প্রকল্প। স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত মেয়েদের স্বাবলম্বী হয়ে উঠতে সাহায্য করছে কন্যাশ্রী প্রকল্প। এখনও পর্যন্ত ৬০ লক্ষ ছাত্রী কন্যাশ্রী প্রকল্পের সুবিধা পেয়েছেন। প্রকল্পের সূচনা থেকে ২০১৯ সালের জানুয়ারি মাস পর্যন্ত প্রকল্পের মোট বাজেট ৭০০০ কোটি ছাড়িয়েছে। বাংলার সরকার নদীয়া জেলায় কন্যাশ্রী বিশ্ববিদ্যালয় গড়ছে। এছাড়া, জেলায় জেলায় কন্যাশ্রী কলেজ তৈরী করা হবে।'

২০১২ সালের ১১ অক্টোবর তারিখে প্রথম আন্তর্জাতিক কন্যা সন্তান দিবস পালন করা হয়েছিল। লিংগ বৈষম্য দূর করাই ছিল এই দিবসের অন্যতম প্রধান উদ্দেশ্য। এছাড়াও শিক্ষার অধিকার, পরিপুষ্টি, আইনী সহায়তা ও ন্যায় অধিকার, চিকিৎসা সুবিধা, ও বৈষম্য থেকে সুরক্ষা, নারীর বিরুদ্ধে হিংসা ও বলপূর্বক তথা বাল্যবিবাহ দূরীকরণ সম্পর্কে জনগনকে সতেচত করারও এই দিবসের অন্যতম লক্ষ্য।

প্ল্যান ইন্টারন্যাশনাল নামের বেসরকারী অনুষ্ঠানের পৃষ্ঠ-পোষকতাতে একটি প্রকল্প রূপে আন্তর্জাতিক কন্যা শিশু দিবসের সূচনা হয়। প্ল্যান ইন্টারন্যাশনাল ''কারণ আমি একজন মেয়ে'' (ক্ষত্রত্বথন্ডস্ত্র জ্জ ঙ্ক খ ত্তন্দ) নামক আন্দোলনের ফলশ্রুতিতে এই দিবসর ধারণা জাগ্রত হয়েছিল। এই আন্দোলনের মূল কার্যসূচী হল গোটা বিশ্বজুড়ে কন্যার পরিপুষ্টি সম্পর্কে জন সচেতনতা বৃদ্ধি করা। এই সংস্থার কানাডার কর্মচারীরা সকলে এই আন্দোলনকে বিশ্ব দরবারে প্রতিষ্ঠা করতে কানাডা সরকারের সহায়তা নেয়। পরে রাষ্ট্রসংঘের সাধারণ সভার মধ্যে কানাডায় আন্তর্জাতিক কন্যা শিশু দিবস উদযাপনের প্রস্তাব শুরু হয়। ২০১১ সালের ১৯ ডিসেম্বর তারিখে এই প্রস্তাব রাষ্ট্রসংঘের সাধারণ সভায় গৃহীত হয়। পরবর্তীতে ২০১২ সালের ১১ অক্টোবর তারিখে প্রথম আন্তর্জাতিক কন্যা শিশু দিবস পালন করা হয়। এরপর থেকে গোটা বিশ্বজুড়ে জাতিসংঘ রাষ্ট্রসমূহ প্রতিবছর ১১ অক্টোবর তারিখে পালন করে।

# বিগ-বি''র জন্মদিনে শুভেচ্ছা মুখ্যমন্ত্রীর

কলকাতা, ১১ অক্টোবর (হি.স) : আজ ১১ অক্টোবর, বলিউডের শাহেনশাহ আমিতাভ বচ্চনের ৭৮ তম জন্মবার্ষিকী। শুক্রবার এই বিশেষ দিনে তাঁকে শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন টুইটের মাধ্যমে তাঁকে শুভেচ্ছা বার্তা পাঠান মুখ্যমন্ত্রী।

এদিন টুইটে মুখ্যমন্ত্রী লেখেন, 'আমিতাভ বচ্চন জি কে জানাই জন্মদিনের শুভেচ্ছা। আপনার সুস্বাস্থ্য কামনা করি। বিশ্বের সমস্ত মানুষকে আপনার অভিনয়ে মন্ত্রমুগ্ধ করতে থাকুন।' বলিউডের শাহেনশাহ তারকা হিসেবে তাঁর পাঁচ দশকের অধিক সময়ের কর্মজীবনে ১৯০ টির অধিক চলচ্চিত্রে অভিনয় করেছেন। তাঁর এই প্রতিভার জন্য অমিতাভ বচ্চনকে ভারতীয় চলচ্চিত্র তথা বিশ্ব চলচ্চিত্রের অন্যতম সেরা ও প্রভাবশালী অভিনেতা হিসেবে গণ্য করা হয়।

১৯৭০ ও ১৯৮০-এর দশকে ভারতীয় চলচ্চিত্রে তাঁর একচ্ছত্র আধিপত্যের জন্য ফরাসি চলচ্চিত্র সমালোচক ও পরিচালক ফ্রঁসোয়া ত্রুফো তাকে ''একক-ব্যক্তি চলচ্চিত্র শিল্প'' বলে অভিহিত করেন। ভারতীয় চলচ্চিত্র জগতের তাঁর এই অসামান্য কৃতিত্বের জন্য, ১৯৮৪ সালে ভারত সরকার তাঁকে ভারতের চতুর্থ সর্বোচ্চ বেসামরিক সম্মাননা ''পদ্মশ্রী'' প্রদান করে। পরবর্তীতে ২০০১ সালে তিনি তৃতীয় সর্বোচ্চ বেসামরিক সম্মাননা ''পদ্মভূষণ'' এবং ২০১৫ সালে দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক সম্মাননা ''পদ্মবিভূষণ'' উপাধিতে ভূষিত হন। বিশ্ব চলচ্চিত্রে তাঁর অনন্য কর্মজীবনের স্বীকৃতি হিসেবে ২০০৭ সালে ফ্রান্স সরকার তাঁকে ফ্রান্সের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা ''লেজিওঁ দনরেরনাইট'' উপাধিতে ভূষিত করে।

# রাজকীয় অভ্যর্থনার অপেক্ষা, দুপুরেই চেন্নাইয়ে আসছেন চিনের প্রেসিডেন্ট শি জিনপিং

মহাবলিপুরম, ১১ অক্টোবর (হি.স.): বিমানবন্দর থেকে মন্দির, সমুদ্র থেকে রাস্তাঘাট-তামিলনাড়ুর উপকূলবর্তী শহর মমলাপ্পুরমকে সাজিয়ে তোলা হয়েছে অপরূপ সৌন্দর্যেঊ সঙ্গে রয়েছে কড়া নিরাপত্তা বলয়ঊ কিছুক্ষণের মধ্যেই মমলাপ্পুরমে আসতে চলেছেন চিনের প্রেসিডেন্ট শি জিনপিংঊ শি জিনপিংকে রাজকীয় অভ্যর্থনার অপেক্ষা মমলাপ্পুরমঊ মমলাপ্পুরমের পাঁচ রথ এলাকায় ফল ও সব্জি দিয়ে তৈরি করা হয়েছে গেটঊ সৌন্দর্যায়নে শুধুই সবুজের ছোঁয়া।

বিশেষ নজর কেড়েছে মমল্লপুরমের সাজসজ্জা। 'পাঁচ রথ' এলাকায় একটি গেট তৈরি হয়েছে শুধুমাত্র ফুল ও ফল দিয়ে। তামিলনাড়ু হর্টিকালচার বিভাগ এই গেটটি তৈরি করতে ব্যবহার করেছে ১৮ রকমের ফুল ও ফল। সেগুলি আবার এসেছে রাজ্যের প্রায় সব জেলা থেকে সেরাগুলি বাছাই করে। এ ছাড়া এখানে ফুল-ফলের গাছ দিয়ে সাজানো হয়েছে রাস্তার দু'পাশের বেশ কিছুটা এলাকা।

বিদেশ মন্ত্রক সূত্রের খবর, শুক্রবার সকালে বেজিং থেকে চেন্নাইয়ের উদ্দেশ্যে রওনা দিয়েছেন চিনের প্রেসিডেন্ট শি জিনপিংঊ দুপুর ২.১০ মিনিট নাগাদ চেন্নাইয়ে এসে পৌঁছবেন তিনিঊ সেখান থেকে তিনি যাবেন মহাবলিপুরম (মমল্লাপুরম), মহাবলিপুরমে তিনটি স্মৃতিস্তম্ভ (অর্জুনের তপস্যা, পঞ্চ রথ এবং শৌর্য্য মন্দির) দর্শন করবেন তিনিঊ শৌর্য্য মন্দিরে সাংস্কৃতিক অনুষ্ঠানের পর রাতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে ডিনারে যোগ নেবেন জিনপিংঊ প্রশাসন সূত্রের খবর, চেন্নাই বিমানবন্দরে পৌঁছনোর পর সেখান থেকে চেন্নাইয়ের আইটিসি গ্র্যান্ড চোলা হোটেলে উঠবেন চিনের প্রেসিডেন্টঊ শুক্রবার মহাবলিপুরমে শুরু হবে মোদী-শি দ্বিতীয় ঘরোয়া সংলাপ।




শহিদ হারাধন সাহার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করে সিআইটিইউ নেতৃত্ব। শুক্রবার আগরতলায় তোলা নিজস্ব ছবি।

## ফুটপাথে ঘুমিয়ে থাকা পুন্যার্থীদের পিষে দিল বাস, বুলন্দশহরে তিনটি শিশু-সহ মৃত্যু ৭ জনের

বুলন্দশহর (উত্তর প্রদেশ), ১১ অক্টোবর (হি.স.): উত্তর প্রদেশের বুলন্দশহরে ফুটপাথে ঘুমিয়ে থাকা পুন্যার্থীদের পিষে দিল ঘাতক বাসঊ শুক্রবার ভোরে উত্তর প্রদেশের বুলন্দশহরে মর্মান্তিক এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে তিনটি শিশু ও চারজন মহিলারঊ মৃতরা সকলেই একই পরিবারের সদস্যঊ দুর্ঘটনাটি ঘটেছে বুলন্দশহরের নারোয়ার গঙ্গাঘাটের কাছেঊ পুলিশ সূত্রের খবর, গত ৩ অক্টোবর হাথরস জনপদের চন্দপা থানার অন্তর্গত মোহনপুরা গ্রাম থেকে ৫৬ জন পুন্যার্থীর একটি দল বাসে চেপে বৈষ্ণোদেবী মন্দির দর্শনের জন্য বেরিয়েছিলেনঊ প্রথমে তাঁরা হরিদ্বারে পৌঁছেছিলেন। সেখান থেকে পুন্যার্থীবোঝাই বাসটি নারোরার গান্ধীঘাটে পৌঁছয়ঊ রাত হয়ে যাওয়ার কারণে, আগ্রা-মুরাদাবাদ হাইওয়ের সন্নিকটে নারোরায় গান্ধীঘাট সংলগ্ন শ্মশান অভিমুখে রাস্তার ধারে বাস দাঁড় করানোর সিদ্ধান্ত নেন বাসের চালক।

পুন্যার্থীদের মধ্যে অনেকেই রাস্তার ধারে ফুটপাথে ঘুমিয়ে পড়েনঊ প্রত্যক্ষদর্শীদের বয়ান অনুযায়ী, শুক্রবার ভোরের দিকে প্রচণ্ড গতিতে একটি বেসরকারি বাস নিয়ন্ত্রণ হারিয়ে ফুটপাথের উপর উঠে পড়েঊ ঘুমিয়ে থাকা তীর্থযাত্রীদের পিষে দিয়ে কোনও রকমে ব্রেক কষে দাঁড়িয়ে পড়ে বাসটিঊ পালিয়ে যায় চালকঊ বাসের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় তিনটি শিশু ও চারজন মহিলারঊ পরে পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছেঊ মৃতদের পরিবার সূত্রের খবর, শুক্রবারই তাঁদের বাড়ি ফেরার কথা ছিলঊ কিন্তু, তার আগেই অকালেই মৃত্যু হল তিনটি শিশু ও চারজন মহিলারঊ পুলিশ ঘাতক বাস চালকের খোঁজে তদন্ত শুরু করেছে।

## ফের কমল পেট্রোল-ডিজেলের দাম কমেই চলেছে দুই জ্বালানি তেলের মূল্য


নয়াদিল্লি ও কলকাতা, ১১ অক্টোবর (হি.স.): আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ক্রমাগত কমতে থাকায় অপরিশোধিত তেল, পেট্রোল ও ডিজেলের দামে ফের পতন। গত কয়েকদিন ধরে লাগাতার হ্রাস পেয়েছে পেট্রোল-ডিজেলের দাম। শুক্রবারও পেট্রোলের দাম কমেছে ০.১২-০.১৩ পয়সা ও ডিজেলের দাম কমেছে ০.১৫ থেকে ০.১৬ পয়সা, যা সাধারণ মানুষের মুখে কিছুটা হলেও হাসি ফিরিয়েছে।

দাম কমে শুক্রবার দিল্লিতে লিটার প্রতি পেট্রোলের দাম দাঁড়িয়েছে ৭৩.৪২ টাকা, মুম্বইয়ে ৭৯.০৩ টাকা, চেন্নাইতে ৭৬.২৫ টাকা এবং কলকাতায় ৭৬.০৭ টাকা। লিটার প্রতি ডিজেলের দাম দিল্লিতে হয়েছে ৬৬.৬০ টাকা, মুম্বইয়ে ৬৯.৮১ টাকা, চেন্নাইতে ৭০.৩৫ টাকা এবং কলকাতায় ৬৮.৯৬ টাকা।

# হরেকরকম ◌ হরেকরকম ◌ হরেকরকম

## অমিতাভ বচ্চনের উত্থান: কীভাবে জঞ্জির তাঁকে তারকা তৈরি করল

শুক্রবার ৭৭ বছরে পা রাখলেন অমিতাভ বচ্চন। যথারীতি, দেশ জুড়ে জন্মদিন উদযাপন করা হচ্ছে। লক্ষ লক্ষ ভক্ত আরব সাগরের তীরে তাঁর বাড়ির সামনে ভিড় করবে শুভেচ্ছা জনানোর জন্য উপহার নিয়ে। একটা সময়ের পর এটা কেমন যেন আচারে দাঁড়িয়েছে। এখন এই কিংবদন্তী সাদা কুর্তা উপর শাল জড়িয়ে ফিল্মি কায়দায় এন্ট্রি নেন বিগ বি। অনেকটা পিতৃসুলভ ছবি। যেমনটা ছিল আনন্দ-র বাবুমশাই। কিন্তু আমরা কথা বলছি অমিতাভ বচ্চনকে নিয়ে, যাঁর জীবন শান্ত অবস্থা থেকে ক্রমশ উত্তাল হয়েছে। পাঁচ দশক পরেও, বিগ বি আগেও থেকেও বেশি ব্যস্ত, তিনি কখনও বুঝতে দেননি বিগত বছরগুলির জীবনের উপর প্রতিফলন।২০১৯ অমিতাভ বচ্চনের জন্য বিশেষ বছর। ঠিক পঞ্চাশ বছর আগে তিনি কা আব্বাসের ''সাত হিন্দুস্তানি'' ছবিতে আত্মপ্রকাশ করেন। ছবিটি ততকালীন গোয়ার পর্তুগিজ পরিস্থিতিতে এক জ্বলন্ত বিপ্লবীর ভূমিকা তুলে ধরে সহানুভূতির আঁকার বিরল প্রচেষ্টা করেছিল বলিউড। কবি হরিবংশ রাই বচ্চনের ছোট ছেলে তার প্রথম ছবিতে একটি উর্দু কবির চরিত্রে অভিনয় করার উপযুক্ত, আবার তার পরের ছবি ''রেশমা অর শেরা'' (১৯৭১) কোন ভুলে পরিচালক সুনীল দত্ত বচ্চনকে ফের বাকহীন হিসাবেই চিত্রায়িত করেছেন? আপনি তো এমন একটা জিনিস সরিয়ে নিলেন যা সারাজীবন সিনিয়র বচ্চনকে চিহ্নিত করেছে- তাঁর অসাধারণ, স্বতন্ত্র ব্যারিটোন ভয়েস? যে কণ্ঠস্বর তাঁর সবথেকে আকর্ষণীয় উপহার হিসাবে পরিণত হয়েছে? এই আওয়াজ যা কোলা থেকে গহনা পর্যন্ত লক্ষ লক্ষ গ্রাহককে বিক্রি করেছে? সেই স্বর যা কালজয়ী সংলাপ তৈরি করেছে-''আজ মরে পাস বিল্ডিং হ্যায়, প্রপার্টি হ্যায় ..'', ''হম জাহান খারে হো জাতে হ্যায় লাইন ওয়াহি সে শুরু হোতি হ্যায়'', ''তুমহারা নাম কয়্যা হ্যায় বসন্তী'', ''ডন কা ইন্তেজার তো গয়ারা মুলক কা পুলিশ কর রহি হ্যায়'', ''রিসতে ম্যায় তো হাম তুমহারে বাপ লাগ হ্যায়'', ''আই ক্যান টক ইংলিশ, ওয়াক ইংলিশ'', ''বিজয় দীনানথ চৌহানপুরো নাম'' এবং অগণিত কত না জানি?''সাত হিন্দুস্থানি'' ছবিতে অমিতাভ (ডানদিকে শেষ)। ফোটো- এক্সপ্রেস আর্কাইভনেতৃত্বের রাগী মানুষনিঃশব্দতা থেকে স্বতঃস্ফূর্ততা, প্রকাশ মেহরার জঞ্জিরে স্বতঃস্ফূর্তভাবেই অন্তত কিছুটা এগিয়েছিলেন



অমিতাভ। এখানে তিনি কম কথা বলেছিলেন, রাগ দেখিয়েছেন বেশি। কথা হলেই যেখানে তিনি বলতেন ''জব তাক বেঠনে কে লিয়ে না কাহা যায়, শরাফত সে খারে রহো,'' যে চেয়ারে শের খান বসতে গিয়েছিলেন তাতে লাথি মেরে, পাঠান শের খানকে (প্রাণ) আদেশ দেন। তবে জঞ্জির প্রাণের চেয়ে বচ্চনেরই। প্রাণ আনুষঙ্গিক কারণেই প্রয়োজনীয় এবং জয়া ভাদুড়ি, যিনি বলিউডের উত্থানের আগেই বচ্চনকে বিয়ে করেছিলেন, তিনি জঞ্জিরে অমিতাভের প্রেমিকার ভূমিকায় ছিলেন। জাঞ্জির নবাগত এবিকে এক প্রথম সারির তারকা তৈরি করল। ছবিতে একটি গাড়ি দেখা যায় তা যেটা অমিতাভের জন্য ডিজাইন করা হয়নি। শোনা যায় ধর্মেন্দ্র প্রথম পছন্দ ছিলেন কিন্তি তিনি ব্যস্ত থাকায় ছবিটা তৈরি করতে দেরি হচ্ছিল এবং ছবির ভবিষ্যত অনিশ্চিতায় পড়েছিল।তবুও, এটি একটি অমিতাভ বচ্চন যান যা তাঁর জন্য ডিজাইন করা হয়নি। একটি গল্পে দেখা যায় যে ধর্মেন্দ্রর মূল পছন্দ ছিল তবে তিনি ব্যস্ত ছিলেন, তাই ছবিটি বিলম্বিত হয়েছিল এবং এর ভবিষ্যত দীর্ঘকাল অনিশ্চিত থেকে যায়। লেখক সেলিম-জাভেদকে যদি বিশ্বাস করা হয়, ধর্মেন্দ্র এক সময়ের জন্য এই স্ক্রিপ্টটির মালিক ছিলেন।আরেকটি কথাও শোনা যায়, যে রাজকুমার, যিনি তাঁর আগের ছবিতেই একজন পুলিশের চরিত্রে ছিলেন, তাকে জঞ্জিরের প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু সম্ভবত পরিচালকের চুলে তেলের গন্ধ পছন্দ করেননি! বলা হয় প্রকাশ মেহরা মুম্বইয়ের পরিবর্তে মাদ্রাজে ছবিটি শুটিংয়ের পরামর্শ দিয়েছিলেন তবে চিত্রনাট্যকার রাজি হননি। এমনকি চিরন্তন রোমান্টিক হিরো দেব আনন্দ বলেছিলেন, ''না।'' ''জঞ্জির ছেড়ে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ,'' ২০০৭ সালে জয়া বচ্চন একটি চিঠিতে দেব আনন্দকে লিখেছিলেন।''জঞ্জির'' ছবিতে অমিতভা ও জয়া। ফোটো- এক্সপ্রেস আর্কাইভবমূর্তি রয়েই গিয়েছেপ্রচলিত কথা অনুসারে, বচ্চন মন তৈরি করেছিলেন যে জঞ্জির যদি ফ্লপ হয় তবে তিনি একেবারে নিজের শহর এলাহাবাদে ফিরে আসবেন। এই নবাগত ইতিমধ্যে রেকর্ড সংখ্যক ফ্লপ দিয়েছিলেন এবং সম্ভবত যথেষ্ট চড়াই উতরাইও দেখে নিয়েছিলেন। তবে তাড়াতাড়িই তাঁর ভাগ্যের চাকা ঘুরতে চলেছিল। সেলিম-জাভেদের হাতযশে জঞ্জির বচ্চনকে ফ্ল ও হতাশা থেকে মুক্তি দিয়েছিল। তবে অন্য যে কারও থেকে, সাফল্য প্রথমসারির এক মানুষকে অবাক করে দিয়েছিল। রাজেশ খান্না তখন বিশাল তারকা এবং তাঁর রোমান্টিক গানে যেখানে তিনি তাঁর ট্রেডমার্ক কুর্তায় হাজির হতেন, মাথা নাড়িয়ে ঝকঝকে হাসি দিয়ে মহিলাদের মনে প্রবেশ করতেন। কিন্তু অমিতাভের প্রবেশ এই ছবি পুরোপুরি বদলে দিল।অমর আকবর অ্যান্টনি ছবিতে অমিতাভ। ফোটো- এক্সপ্রেস আর্কাইভ''বিজয় চরিত্রে অনবদ্য ছিলেন অমিতাভ''গোবিন্দ নিহালনি, ''অর্ধ সত্য'' ও ''দেব''-এর নির্মাতা ''বিজয়'' নিয়ে বলে চললেন।''আমি মনে করি কোথাও বিজয়ের এমন কিছু ছিল যা পুরো প্রজন্মকে আঁকড়ে ধরেছিল। যদিও আমি মনোবিজ্ঞানী নই যে বিষয়টি নিয়ে বিশ্লেষণ করব। কিন্তু সেটা কি আদেও যায় আসে? গোটা দেশ ক্ষুব্ধ ছিল। এখন প্রশ্ন কি জন্য? কারণ শুধুমাত্র সিনেমায় কেন এটি প্রকাশ পাচ্ছিল? আমি এর উত্তর জানিনা। কিন্তু আসল কথা হল কোথাও একটি দেশ হিসাবে আমরা ব্যর্থ হচ্ছিলাম - আমরা যে বলছিলাম স্বাধীনতা আমাদের জীবনে এসেছে তা পূরণ হয়নি। আমরা স্বাধীনতা পরবর্তী প্রজন্মকে হতাশ করেছি। তারা বিশ্বাসঘাতকতা অনুভব করেছিল, এই অর্থে সুখ, ন্যায়বিচার এবং মর্যাদার অনুভূতি আসছিলনা। জাতি হিসাবে আমাদের জন্য এটা বৃহত্তর উত্তরণের সময় ছিল। সুতরাং, যা কিছু অপ্রকাশিত ছিল যা এই বিস্ফোরণের অপেক্ষা করছিল। বিজয় এই বিস্ফোরণের অংশ ছিল। আমার মনে হয়েছে দিওয়ার এবং অন্যান্য বিজয় ছবিগুলি ভাল ছিল এবং হিন্দি সিনেমাতে এই জাতীয় অভিব্যক্তি প্রথমবারের জন্য পর্দার সামনে আসছিল কিন্তু এখন পিছনে ফিরে তাকালে মনে হয় আরও কিছুটা কমিয়ে বললে ঠিক হত। অবশ্যই, পুরো জিনিসটি মেলোড্রামা হিসাবে নিয়েছিল মানুষ। মেলোড্রামায় ভুল নেই। এটা সম্পূর্ণ বোঝার মতো মাধ্যম। হিন্দি সিনেমার উত্তরণে বিজয় অত্যন্ত গুরুত্বপূর্ণ। এমন কোনও ব্যক্তিত্বের সামনে আসা যিনি সমাজের অব্যক্ত রাগকে বাইরে বার করেছিলেন এবং বলা উচিত যে চরিত্র নির্মাণে অমিতাভের অবদান অনেকটা। আরও বেশ কয়েকটি ছবি তৈরি হয়েছিল যেখানে নায়ক একজন রাগী। কিন্তু যেভাবে অমিতাভ বচ্চন করেছিলেন, অন্য কেউ তা পারেনি। সেলিম-জাভেদ এবং অমিতাভ বচ্চনের জুটি অনবদ্য কাজ করেছিল।''

## বিগ বস ১৩'-এ অশালীন দৃশ্য ঘিরে বিতর্ক! কেন্দ্রের তরফে সলমনের শো ঘিরে নয়া পদক্ষেপ

বিগ বস বিতর্ক নিয়ে এবার ইলেকট্রনিক মিডিয়া মনিটারি সেন্টারকে জিজ্ঞাসাবাদ শুরু করে দিল কেন্দ্রীয় তথ ও সম্প্রচার মন্ত্রক। ''বিগবস ১৩'' এর সবেমাত্র কয়েকটি পর্ব সম্প্রচারিত হয়েছে। আর তাতেই শুরু হয়ে গিয়েছে বিতর্ক।বিজেপি নেতা কিশোর গুজ্জরের দাবি , অত্যন্ত অশালীন শয্যা দৃশ্য বিগ বস -এ সম্প্রচারিত হচ্ছে। যা পরিবারের সঙ্গে বসে দেখা যায় না বলে দাবি করেন তিনি। এখনই দাবি কার্নি সেনা থেকে ব্রাহ্মণ মহাসভারও। তাঁদের দাবি, ভারতীয় সংস্কৃতির পরিপন্থী এই অনুষ্ঠান। এই মর্মে চিঠি যায় কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের কাছে। এরপরই নড়েচড়ে বসে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক। শুরু হয়েছে ইলেকট্রনিক মিডিয়া মনিটারি সেন্টার থেকে অনুষ্ঠান সম্পর্কে খোঁজ খবর। প্রসঙ্গত, এই অনুষ্ঠানকে নিষিদ্ধ করার দাবি তোলা হয় বিভিন্ন মহল থেকে।এই মুহূর্তে ''বিগ বস ১৩'' টিআরপি তালিকায় শীর্ষে। টেলিভিশন চ্যানেলগুলির সিরিয়াল ও অনুষ্ঠানের মধ্যে এই মুহূর্তে সবচেয়ে এগিয়ে রয়েছে ''বিগবস ১৩''। এমন এক পরিস্থিতিতে অনুষ্ঠান বন্ধ হয় কিনা তা নিয়ে রয়েছে জল্পনা।

## ডাকাত বেশে তাক লাগিয়ে দিলেন এই বলিউড স্টার

চলছিল ফিল্মের শ্যুটিং। আর তার সেই সময়ই ক্যামেরাবন্দি হয়ে যায় ডাকাত বেশে অভিনেতা রণবীর কাপুরের লুক। ছবি ''শমশেরা''র শ্যুটিং এর সময়ই ফাঁস হয়ে গেল রণবীর কাপুরের ফার্স্ট লুক।শেষবার ''সঞ্জু'' ছবিতে দেখা গিয়েছিল রণবীরকে। আর যাঁর জীবনী নিয়ে তৈরি হয়েছিল ছবি, সেই সঞ্জয় দত্তের সঙ্গেই এবার ''শমশেরা'' ছবিতে দেখা যেতে চলেছে রণবীর কাপুরকে। প্রসঙ্গত, রণবীরের ''শমশেরা'' ফিল্মের শ্যুটিং ফ্লোর থেকে যে লুকটি এই মুহূর্তে সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে, তাতে স্পষ্ট দেখা যাচ্ছে রণবীরের একটি চোখে কাটা দাগ। যা ডাকাত বেশে রণবীরের চরিত্রের সঙ্গে মানানসই বলে মনে করছেন নেটিজেনরা।উল্লেখ্য, রণবীর কাপুরের পরবর্তী ছবি ''ব্রহ্মাস্ত্র'' ঘিরে আপাতত ভক্তকূল অধীর অপেক্ষায়। অয়ন মুখোপাধ্যায় পরিচালিত এই ''ব্রহ্মাস্ত্র'' ছবিটি বলিউডে রণবীরের কেরিয়ারগ্রাফে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হতে চলেছে বলে মনে করা হচ্ছে। ছবিতে রণবীরের সঙ্গে রয়েছেন আলিয়া ভাট। প্রসঙ্গত, এই ''ব্রহ্মাস্ত্র'' ছবি থেকেই শুরু রণবীর আলিয়ার প্রেম পর্ব।

## রাজামৌলির জন্মদিনে শুভেচ্ছা মহেশবাবু, তামান্না, কর্ণ জোহরের

মুম্বই: বৃহস্পতিবার, ৪৬ বছর পূর্ণ করলেন বাহুবলী-খ্যাত চলচ্চিত্র পরিচালক এস এস রাজামৌলি। এই উপলক্ষ্যে, তাঁকে জন্মদিনের শুভেচ্ছাবার্তায় ভরিয়ে দিলেন দেশের সিনে জগতের বিশিষ্টরা।বাহুবলীর প্রযোজকরা সকলের আগে রাজামৌলিকে শুভেচ্ছা জানান। টুইটারে লেখেন, গেম-চেঞ্জার আমাদের সকলের প্রিয় রাজামৌলি গারুকে জন্মদিনের অনেক শুভেচ্ছা। ভবিষ্যতে আরও সাফল্যের কামনা রইল। রাজামৌলিকে দূরদৃষ্টিসম্পন্ন পরিচালক উল্লেখ করেন ওই ছবির অন্যতম নায়িকা তামান্না। মঞ্জু মনোজ আবার তাঁকে ভারতীয় সিনেমার বর্তমান কভার পেজ হিসেবে প্রশংসা করেন।দক্ষিণী সিনেমার তারকারাও, রাজামৌলিকে শুভেচ্ছাবার্তা দেন। রাম চরণ বলেন, আপনাকে জন্মদিনের অনেক শুভেচ্ছা। আশা করি আপনি ভারতীয় সিনেমায় আরও নতুন নতুন দৃষ্টান্ত স্থাপন করবেন। অভিনেতা মহেশবাবু লেখেন, আইকনিক পরিচালক রাজামৌলিকে জন্মদিনের শুভেচ্ছা।

## অমিতাভের শুভেচ্ছাবার্তা দিয়ে জিতের ''শেষ থেকে শুরু''

বুধবার অর্থাতআজ মুক্তি পেয়েছে জিতের ছবি ''শেষ থেকে শুরু''। এদিন প্রায় ধাওয়া করে পৌঁছনো গেল সুপারস্টার পর্যন্ত। ছবি রিলিজের আগে প্রচুর ব্যস্ততার মধ্যেও কথা বললেন ইন্ডিয়ান এক্সপ্রেস বাংলার সঙ্গে।আবার ''শেষ থেকে শুরু'' করলেন? অমিতাভ বচ্চনও আপনাকে শু ে ভ চ ছ া জানিয়েছেন।মিস্টার.বচ্চন শুভেচ্ছা জানিয়েছেন, তার জন্য আমার ভাষা নেই। এটা হৃদয়ের বন্ধন। আসলে অমিতাভ বচ্চন পর্যন্ত পৌঁছনোটা অনেকদিন আগেই হয়েছে। তবে ৫০ তম ছবিতে ওঁর শুভেচ্ছাবার্তা অনেকটা উজ্জীবিত করে।এখনও পর্যন্ত কেমন সাড়া পাচ্ছেন দর্শকদের কাছ থেকে?ভীষণ ভাল, খুবই ভাল। গানে তো অসাধারণ সাড়া পেয়েছি। প্রথমবার অর্ক মুখোপাধ্যায় বাংলা ছবিতে কম্পোজ করলেন। ''মন আমার'' এবং ''মধুবালা'', যেমনটা একটু আগেও বলছিলাম, ভীষণ ভাল। ফিঙ্গারস ক্রসড, মানুষ এটা পছন্দ করছেন।''শেষ থেকে শুরু''র কোনও বিষয় নিয়ে বলতে হলে বলব ছবির বিষয়। অনেকদিন পরে পরিবারের গল্প আসছে, যেখানে প্রেম, বিচ্ছেদ, অমতে বিয়ে, এই সমস্তটা আসছে। এগুলো আমরা সমাজে হামেশাই দেখতে পাই। তবে ছবিতে সেটা একটু বড় আকারে।কোয়েলের সঙ্গে এতদিন পর, আবার রেকর্ড ভাঙবে?ভাঙাতে আমি বিশ্বাস করি না, গড়াতে বিশ্বাস রাখি (হাসি)। কী কী নতুন গড়ছি সেটাই লক্ষ্যে থাকে। এবারের প্রত্যেকটা চরিত্র পরিণত, গল্পের প্রয়োজনে প্রায় প্রতিটা চরিত্র সমান জায়গা



পেয়েছে।আর ঋতাভরীঋতাভরী অভিনেত্রী হিসাবে আমাকে চমকে দিয়েছে। একবারেই শেষ মূহুর্তে ছবিতে নেওয়া হয়েছে ওকে। ওর চরিত্রটার জন্য অনেকের সঙ্গে কথা হয়েছিল। কিন্তু শেষমেষ ঋতাভরীই ফাইনাল হয়েছিল। আর ও অসম্ভব ভাল করেছে।জিতও ঋতাভরী। ছবি: ঋতাভরী চক্রবর্তীর ইনস্টাগ্রামঈঁদে হিন্দি বনাম বাংলা ছবি থাকেই, এবারেও ভাইজান রয়েছেনএই প্রশ্নটা বিগত কয়েক বছর ধরে আমি শুনছি। প্রতিটা ঈদেই ছবি তৈরি করছি। সবার দর্শক রয়েছেন। বাংলা ছবির নিজস্ব দর্শক তো রয়েইছেন। অন্যদের নিয়ে না ভেবে নিজেদের কাজটা করে যাওয়া ভাল। আর যে জিনিসটা আপনি বদলাতে পারবেন না, সেটা না ভেবে নিজের কাজ করে যাওয়াটা শ্রেয়। তাছাড়া হিন্দি মার্কেট হিসাবে অনেক বড়। আমরা দর্শককে ছবি দেখতে দেখেছি, তাই তো প্রত্যেকবার রিলিজ করে আসছি ছবি।বাংলা ছবি মানুষ দেখছেন না, এই রবটা তো রয়েছে!কে বলেছে বাংলা ছবি দর্শক দেখছেন না? মানুষ সিনেমা হলে গিয়ে দেখছেন, টেলিভিশনে দেখছেন। সকালবেলাই বাবা বলছিলেন, একজন অবাঙালির সঙ্গে দেখা হলো। একজন আলাপ করিয়ে দিলেন, জিতের বাবা বলে। উনি বললেন, হ্যাঁ জিতকে চিনি। বাবা জিজ্ঞেস করায় পর পর আমার ছবির নামগুলো বলে গেলেন। জানালেন, সিনেমা হলে দেখা হয় না, তবে টিভিতে দেখা। ছবি না দেখলে ছবি তৈরি হচ্ছে কি করে? ছবির সংখ্যা তো কমছে না? নতুন নতুন প্রযোজক, টেকনিশিয়ান আসছেন। আসলে সিনেমার ব্যবসায় ৮ থেকে ১০ শতাংশ সাকসেস রেট। আর সেটা ভাল।ঈদেও ব্লকবাস্টার সোনাদার ''দুর্গেশগড়ের গুপ্তধন''একটা ছবির মার্কেটিংয়ের দিক নিয়ে আপনি কতটা ভাবেন?আমার মার্কেটিং টিম রয়েছে। তারা বিষয়টা দেখে। আমার ভাবনা চিন্তা সব জায়গাতেই থাকে। তবে টিমের সঙ্গে বসে আইডিয়া আলোচনা করি।''শেষ থেকে শুরু'' নিয়ে দর্শককে কী বলবেন?ধন্যবাদ জানাব! আমার ৫০ তম সিনেমাতেও আমার সঙ্গে থাকার জন্য এবং এতটা ভালবাসা দিয়েছেন। কৃতজ্ঞ আমি। চেষ্টা করব আরও ভাল ভাল ছবি উপহার দেওয়ার।

## কিডন্যাপ''-এ নজর কাড়লেন রুক্মিনী, তবে ছবি জমল কি?

শুরুটা বেশ। মানবপাচার, বছর একুশের নিখোঁজ যুবতী, অসহায় বাবা এবং আন্তর্জাতিক স্তরে হিউম্যান ট্রাফিকিং অর্থাত মানবপাচার চক্রের কর্মকাণ্ডের ঝলক মিলল। সাংবাদিক মেঘনার সঙ্গে দেবের বন্ধুত্ব, মাখোমাখো প্রেম-রোম্যান্সে জমজমাট বিনোদনের মোড়কে টানটান ''কিডন্যাপ''-এর চিত্রনাট্য। রোমাঞ্চ আছে বইকী, তবে তার জন্য আপনাকে অপেক্ষা করতে হবে ছবির দ্বিতীয়ার্ধ অবধি।

''মাননীয় মুখ্যমন্ত্রী, গত দু''মাস হয়েছে আমার মেয়ে নিখোঁজ.'' এই মর্মে শুরু হয়েছে ছবির গল্প। মেয়ের সন্ধান পাওয়ার আশায় অসহায় বাবা চিঠি লিখছেন প্রশাসনকে। জুতোর শুকতলা খুঁইয়েও মেলেনি মেয়ের খোঁজ। ভালবাসার মানুষের ফাঁদে পা রেখে পাচার হয়ে গিয়েছে দুবাইয়ে। ট্রেলারেই মিলেছিল নারী পাচারের আভাস। সেই মেয়ের সন্ধানে দুবাইয়ে পা রাখা মেঘনা অর্থাত রুক্মিণীও সেই জালে জড়িয়ে পড়ে। কাহিনি যত গড়িয়েছে খুলেছে রহস্যের জট। ঠুঁটো-জগন্নাথের মতো পুলিশ-প্রশাসনের ভূমিকা নিয়েও ভাবাবে এই ছবি। তবে, দ্বিতীয়ার্ধের পর গল্পে রয়েছে চমক। দেশ-বিদেশে নারীপাচার নিয়ে ব্যবসা ফেঁদে বসেছে একদল। গোটা দক্ষিণ-পূর্ব এশিয়াজুড়ে এই পাচারচক্র সক্রিয়। দিনের পর দিন অপহৃত হচ্ছে মেয়েরা।

কিন্তু তাদের ধারে কাছে যাওয়া তো দূর, পাওয়া যাচ্ছে না টিকিটিও! যে করেই হোক পর্দাফাঁস করতেই হবে কে বা কারা, কোথা থেকে এই পাচারচক্র চালাচ্ছে। সাংবাদিক মেঘনার প্রেমে হাবুডুবু খেয়ে ময়দানে নেমে পড়েন দেব। নিজের কাঁধে সমস্ত দায়িত্ব তুলে নেয় দেব। অপহৃত হওয়া মেয়েটির বাবাকে আশ্বাসবাণী দেয়, ''যে করেই হোক আপনার মেয়েকে খুঁজে বের করবই আমি''। বেশ কিছু অ্যাকশন সিক্যোয়েন্সে নজর কেড়েছেন দেব। রুক্মিণীর অভিনয়ও বেশ প্রশংসনীয়। আগের ছবির তুলনায় ''কিডন্যাপ''-এ অভিনেত্রী হিসেবে অনেকটাই পরিণত তিনি। উল্লেখ্য, এই ছবিতে দেব কিন্তু নিজের নামই ব্যবহার করেছেন।দেব-রুক্মিনী ছাড়াও ''কিডন্যাপ''-এ অভিনয় করেছেন শ্রীপর্ণা সেন, প্রান্তিক বন্দ্যোপাধ্যায় এবং চন্দন সেন। অপহৃতা মেয়ের চরিত্রে অভিনয় করেছেন শ্রীপর্ণা। তবে, খুব বেশিক্ষণের স্ক্রিন প্রেজেন্স না থাকলেও বাবার ভূমিকায় নজর কেড়েছে চন্দন সেনের অভিনয়। তবে, ছবির শুরুটা জমিয়ে হলেও দেব-রুক্মিনীর রোম্যান্স দেখাতে গিয়ে কোথায় যেন মূল বিষয় থেকে সরে গিয়ে তাল কেটে গেল। সেই রোমাঞ্চের স্বাদ পাওয়া গেল দ্বিতীয়ার্ধে। তবে, ইদের মরশুমে সপ্তাহান্তে দেখে আসাই যায় ''কিডন্যাপ''।

## জিয়নকাঠি''-তে ঋষি ও জাহ্নবীর প্রেম এখনও জমে ওঠেনি

গত ২৩ সেপ্টেম্বর থেকে সান বাংলা-য় শুরু হয়েছে ধারাবাহিক ''জিয়নকাঠি''।এই ধারাবাহিকে অভিনয় করেছেন জয় মুখোপাধ্যা, ঐন্দ্রিলা শর্মা ও মিশমী দাস। এই সোশাল ড্রামা দিয়েই দীর্ঘ কয়েক বছর পরে টেলিপর্দায় ফিরলেন জয় (ঋষি)।নতুন নায়িকার চরিত্রে, ঐন্দ্রিলা শর্মাও ''জীবনজ্যোতি''-র পরে এলেন জাহ্নবী। ঋষি ও জাহ্নবীর এই গল্প বেশ অল্পদিনেই জমে উঠেছে। তবে এখানেও রয়েছে একটি ত্রিকোণ প্রেমের ছোঁওয়া। গ্রামের গরিব পরিবারের মেয়ে জাহ্নবী পড়াশোনায় অত্যন্ত ভালো, ৯৬ শতাংশ নম্বর নিয়ে সদ্য পাশ করেছে উচ্চমাধ্যমিক পরীক্ষা।আরও পড়াশোনা করে জীবনে প্রতিষ্ঠিত হওয়ার স্বপ্ন রয়েছে তার। কিন্তু একদিকে আর্থিক অনটন আর অন্যদিকে মামা-মামীর পক্ষ থেকে বিয়ের চাপ- দুই নিয়েই জেরবার সে। জাহ্নবীর মা স্বামী-পরিত্যক্ত অবস্থায় তার দাদার কাছে থেকেই কোনওমতে মেয়েকে মানুষ করে সরকারি বাংলোয় কাজ করে। ঠিক এই অবস্থাতেই ওই গ্রামে নতুন পোস্টিং নিয়ে আসে ঋষি।অত্যন্ত সত সরকারি অফিসার হিসেবে তার নামডাক কিন্তু তার জীবনেও রয়েছে একটি অত্যন্ত বেদনাময় অধ্যায়।

## আপনার প্রিয় সন্তানকে এ কটি কথা কখনো বলবেন না

সুদেষ্ণা গোস্বামী:সন্তানকে গর্ভধারণ করা থেকে তাকে প্রতিপালন করা অনেক বেশি কঠিন কাজ।তাই সন্তান প্রতিপালন করার ক্ষেত্রে পিতামাতাদের খুবই আন্তরিক হতে হয়।আপনার কিছু কিছু কথা আপনার সন্তানের ভবিষ্যত সুন্দর ভাবে সাজিয়ে দিতে পারে আবার কিছু কিছু কথা পুরোপুরি তাকে উলটপালট করে রেখে দিতে পারে। তাই যে কথাগুলো সন্তানকে উল্টো পথে ধাবিত করতে পারে সেগুলো আপনি বলবেন না সেগুলো নিয়ে আজ আলোচনা করব।১) তোমার বয়সে আমি আরো দায়িত্বশীল ছিলাম:কথাটি বলবেন না।এটি বলাতে তার মধ্যে কুপ্রভাব করতে পারে তার নিজের প্রতি আস্থা হারাতে পারে। তাই তুলনা একদম করবেন না।তোমার বয়সে আমি আরো দায়িত্বশীল ছিলাম:কথাটি বলবেন না।এটি বলাতে তার মধ্যে কুপ্রভাব করতে পারে তার নিজের প্রতি আস্থা হারাতে পারে। তাই তুলনা একদম করবেন না।২)তুমি সব সময় ভুল সিদ্ধান্ত নাও:আপনার সন্তানকে কখনো তার অপরিণত থাকার বিষয়ে বলবেন না। প্রতিটি মানুষই ভুল করতে পারে আর সে ভুলকরতে করতেই শিখবে এটাই নিয়ম। বরং তাকে সঠিক পথ দেখান কখনোই আপনার সিদ্ধান্ত চাপিয়ে দেবেন না।৩) তোমার ভাই বা বোনের মতো হও এটা কখনো বলবেন না:সবাই এক ক্ষমতা নিয়ে জন্মায় না। নিজে বলি সে এক এক রকমের হয়ে থাকে। বরং তাকে বলুন আরও ভালো করার বিষয়ে ভালোভাবে বুঝান।৪) আমাকে একা থাকতে দাও বলবেন না:সন্তানরা অনেক সময় অবিভাবকদের এই একা থাকার ব্যাপারটা মেনে নিতে পারে না। কারণ তাদের মাথায় দুশ্চিন্তা তো ঘুরপাক খায় না। শিশুমন খুব নরম হয়। তাকে বুঝিয়ে বলে কিছুক্ষণ সময় দিয়ে নিজে একা থাকার চেষ্টা করুন কিছুক্ষণের জন্য। শিশুমন অবহেলিত বোধ করে এবং অসহায় হয়ে পড়ে তাই সহনশীল হন।৫)এই কাজের জন্য তোমার লজ্জা হওয়া উচিত:এটি সন্তানের উপর বড় ধরনের বিরূপ প্রভাব ফেলতে পারে।সে খারাপ কাজ করতে পারে আর না বুঝেই এটি করে থাকতে পারে সন্তানকে ভালো-মন্দ বোঝানোর জন্য আপনাকে অনেক কোমল হতে হবে।৬)তুমি সবসময় আমাকে কষ্ট দেওয়ার চেষ্টা করো:পিতা-মাতার কথা চিন্তা না করে তার বাইরে গিয়ে অনেক সময় সন্তান তাদের কষ্ট দেয়। বুঝতে না পেরে এটি তারা করে থাকে অথবা আপনি যেভাবে ভাবছেন সে ভিন্নভাবে ব্যাপারটা নিয়ে ভাবছে। এর ফলে সে সিদ্ধান্ত নিতে বিভ্রান্ত হয়ে পড়ে। প্রয়োজনে তার সিদ্ধান্তের ব্যাপারে আপনি নমনীয় ভাবে মতামত দিতে পারেন।৭) তোমার মত সন্তান না থাকাই ভালো:উপরের এই কথাটি সন্তানের আবেগে ভীষণ খারাপ প্রভাব ফেলে। এটি সন্তানকে বললে তাদের হৃদয় ভেঙে যায়।তাদের জীবনের প্রতি বিতৃষ্ণা চলে আসে। খারাপ হওয়ার আশঙ্কা অনেক বেশি থাকে।৮) খারাপবন্ধুদের এড়িয়ে চলো:শিশুদের জগত তাদের বন্ধুবান্ধবদের নিয়ে তৈরি হয়। সারাজীবন তো আপনি পাহারা দিতে পারবেন না। তাই তাদের দুই ধরণের বন্ধুদের সাথে মিশতে দিন। ধীরে ধীরে সে ভালো-মন্দের বিচার করতে শিখবে।

## অন্যরূপে ধরা পড়লেন নুসরত

ঈদে একে অপরকে চলছে শুভেচ্ছা জানানোর পালা। তারকা, রাজনীতিক থেকে শুরু করে একে একে অনেকে ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় শুভেচ্ছা জানাচ্ছেন। তালিকায় রয়েছেন টলিউডের জনপ্রিয় অভিনেত্রী, তৃণমূল সাংসদ নুসরত জাহান। ঈদের শুরুতেই ফেবুক থেকে ট্যুইটার, সোশ্যাল মিডিয়ায় নিজের ছবি সহ ঈদের শুভেচ্ছা জানান তিনি।লোকসভা নির্বাচনে জয়ের পর ৩ লক্ষ ৫০ হাজার ৩৬৯ ভোটে প্রতিদ্বন্দ্বী বিজেপি প্রার্থী সায়ন্তন বসুকে পরাজিত করেন নুসরত।সংসদে যাওয়ার আগে আজমের শরিফে যান নায়িকা। এরপর সংসদে উপস্থিত থাকার প্রথম দিনই মিমি এবং নুসরত ছবি পোস্ট করেন সোশ্যাল মিডিয়ায়। দু''জনকেই ক্যাজুয়াল পোশাকে দেখা গিয়েছিল সেদিন। মিমির পরণে সাদা শার্ট আর ব্লু জিনস আর নুসরত পরেছেন বেগুলি রঙের একটি ওয়েস্টার্ন ড্রেস। এই ছবিকে কেন্দ্র করেই ট্রোলের শিকার হয়েছিলেন দুই অভিনেত্রী। তাঁদের সমর্থনে অবশ্য এগিয়েও এসেছিলেন অনেকেই। তবে এসবকে পাত্তা দিতে নারাজ নুসরত। রাজনীতিতে তিনি অভিজ্ঞ নন স্বীকার করেই তৃণমূল সুপ্রিমোর দেখানো পথেই কাজ করে যাবেন বলে ভরসা জুগিয়েছেন বসিরহাটবাসীকে। আর সেই ভরসাতে ভরসা করেই বসিরহাটবাসী জয়ীও করেছে নুসরতকে।একদিকে রাজনীতির নয়া সফর, সেই সঙ্গে ছবির শ্যুটিং, এরই মধ্যে আবার শোনা যাচ্ছে, শীঘ্রই বিয়ের পিঁড়িতে বসছেন তিনি। কলকাতার ব্যবসায়ী পাত্রের সঙ্গে বিয়ে হচ্ছে তাঁর। জানা গিয়েছে, কলকাতার শিল্পপতি নিখিল জৈনের সঙ্গে বিয়ে হবে তাঁর। কলকাতার এমপি বিড়লা ফাউন্ডেশনে পড়াশোনার পর যুক্তরাজ্যের ওয়ারউইক বিশ্ববিদ্যালয়ে ম্যানেজমেন্টের ওপর কোর্স করেন নিখিল। আপাতত কলকাতার প্রতিষ্ঠিত। কর্মসূত্রেই নুসরতের সঙ্গে তাঁর পরিচয় হয়। আগামী জুন মাসের মাঝামাঝি বিয়ে করবেন নুসরত। এমনটাই গুঞ্জন টলিউডে।তবে এও শোনা যাচ্ছে যে, নুসরতের বিয়ে কলকাতায় হচ্ছে না। ভারতের বাইরেই ডেস্টিনেশন ওয়েডিং হবে তাঁদের। ইস্তাম্বুলে এই বিয়ে হবে বলে জানা গিয়েছে। এরই মধ্যে ১৯ থেকে ২১ জুন পর্যন্ত এই তিন দিনের জন্য ইস্তাম্বুলের একটি পাঁচতারা হোটেল বুক করা হয়েছে বলেও জানা গিয়েছে। ভোটের আগেই সংবাদমাধ্যমে প্রেমিকের কথা স্বীকার করেছিলেন নুসরত। সংবাদমাধ্যমে সাক্ষাতার দিতে গিয়ে স্বীকার করেছিলেন যে একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ীর সঙ্গে বিয়ে হচ্ছে তাঁর। ইনস্ট্রাগ্রামে তাঁর মিঃ পারফেক্টের সঙ্গে ছবি দিয়েও যেন দেননি তিনি। এমনই ধোঁয়াশায় রেখেছেন। তবে শুভ খবর আসতে যে বেশি দেরি নেই তার পূর্বাভাস আগেই দিয়ে দিয়েছেন টলি সেনসেশন এবং সাংসদ নুসরত জাহান।

# এক নজরে বাংলাদেশ

মনির হোসেন, ঢাকা,

## বাংলাদেশের পাবনায় দুই পরিবারের সংঘর্ষে ১১ গুলিবিদ্ধসহ আহত ২১

ঢাকা,অক্টোবর ১১।। পাবনা সদরের চর ঘোষপুর মধ্যপাড়া এলাকায় ফুটবল খেলাকে কেন্দ্র করে স্থানীয় মালিথা ও মুন্সি পরিবারের মধ্যে সংঘর্ষে ১১ গুলিবিদ্ধসহ ২১ জন আহত হয়েছে। শুক্রবার (১১ অক্টোবর) সকালে এ ঘটনা ঘটে।পাবনা সদর মেডিক্যাল কলেজ হাসপাতাল সূত্রে জানা যায়, বেলা ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত ১১ গুলিবিদ্ধসহ ২১ জন হাসপাতালে চিকিৎসা নিয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার সকালে মহম্মদ আলী মালিথার পরিবারের ছেলেরা বাড়ির পাশে মাঠে ফুটবল খেলছিল। এসময় প্রতিবেশী হাবিবুর মুন্সির ছেলেরা তাদের ফুটবল খেলতে বাধা দেয়। সে সময় ঘটনাটি মালিথা পরিবার মুন্সি পরিবারের অভিভাবকদের জানালে উভয় পরে মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। এসময় উভয় পরিবারের মধ্যে বেশ উত্তেজনার সৃষ্টি হয়। এসময় মুন্সি পরিবারের লোকজন অস্ত্র-শস্ত্র নিয়ে মালিথা বাড়িতে হামলা চালায়।

মালিথা পরিবারের দাবি, হামলাকারী হাবিবুর মুন্সি, কায়েম মুন্সি তার ছেলে সাব্বির, ভাতিজা সজিব, সোহাগসহ ১৫/২০ জন সদস্য দলবদ্ধভাবে তাদের ওপর হামলা এবং গুলি ছোড়ে। হামলায় গুলিবিদ্ধ হয় একই পরিবারের ১০ জন। এরা হলেন- পরিবার প্রধান মোহম্মদ আলী মালিথা (৬৪), তার ছেলে মিজানুর রহমান মালিথা (৪০), আনিসুর রহমান মালিথা (৫৬), গোলাম মোস্তফা (৪৫), মোকাদ্দেস মালিথা (৪৬), রুহুল আমিন (১৩), আজমত (৪৫), রনি মালিথা (৩২) শাহাবাহ (১৫), নিলুফার ইয়াসমিন (৪০) ও হামিন (১০) নামে এক প্রতিবেশী শিশু। ঘটনার বিষয়ে আহত শিশু সাহাবাজের বাবা আরিফুল ইসলাম বলেন, সামান্য ফুটবল খেলোকে কেন্দ্র করে এতো বড় কিছু ঘটবে আমরা ভাবতেই পারিনি। আমার শিশু বাচ্চা তাকেও গুলি করেছে সন্ত্রাসীরা। মুন্সি পরিবারের সদস্যরা এলাকার চিহ্নিত সন্ত্রাসী ও মাদক কারবারী। তাদের ভয়ে এলাকার সাধারণ মানুষ মুখ খুলে না। এর আগেও তারা আমাদের পরিবারের সদস্যদের মারপিট করেছে। আমরা ঘটনার সুষ্ঠু তদন্ত করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি প্রশাসনের কাছে।

পাবনা মেডিক্যাল কলেজ হাসপাতালের কর্তব্যরত ইন্টার্ন চিকিৎসক ডা. সাফিনা আক্তার সিমা বাংলানিউজকে জানান, শুক্রবার বেলা ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত মোট ১১ জন গুলিবিদ্ধ ব্যক্তিকে চিকিৎসা দেওয়া হয়েছে। এর মধ্যে তিনজন নারী রয়েছে, যার মধ্যে একজনের চোখে আঘাত লেগেছে। আর মাথায় আঘাতপ্রাপ্ত হয়েছে আরো তিনজন। যারা হাসপাতালে ভর্তি হয়েছেন তাদের সবার গায়ে গুলিবিদ্ধ ছিল। তাদের সবাইকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। আহত রোগীদের মধ্যে আশঙ্কাজনক অবস্থায় কেউ নেই। ঘটনার বিষয়ে পাবনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাছিম আহম্মেদ বলেন, শুক্রবার সকালে পাবনা চরঘোষপুর এলাকায় বাচ্চাদের ফুটবল খেলাকে কেন্দ্র করে একটি সংঘর্ষের ঘটনা ঘটেছে। ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। সংঘর্ষে বেশ কয়েকজন গুলিবিদ্ধ হয়ে আহত হয়েছে। তাদের চিকিৎসা দেওয়া হচ্ছে। এই ঘটনায় ওই এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। তবে থানায় এখনো কোনো প লিখিত অভিযোগ দেয়নি। ঘটনার বিষয়ে তদন্ত করা হচ্ছে বলেও জানান ওই পুলিশ কর্মকর্তা।

## খালেদা জিয়ার উন্নত চিকিৎসা দরকার সেলিমা ইসলাম

ঢাকা,অক্টোবর ১১।। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মেজবোন সেলিমা ইসলাম সাংবাদিকদের বলেছেন, তার বোন খালেদা জিয়া অত্যন্ত অসুস্থ। জরুরিভিত্তিতে তার উন্নত চিকিৎসা দরকার। শুক্রবার (১১ অক্টোবর) বিকেলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে খালেদা জিয়ার সঙ্গে দেখা করার পর বাইরে এসে সাংবাদিকদের তিনি একথা বলেন। সেলিমা ইসলাম বলেন, আমরা দেখে এলাম, খালেদা জিয়ার শারীরিক অবস্থা আগের চেয়ে অনেক খারাপ। তিনি কারও সাহায্য ছাড়া দাঁড়াতে পারেন না। নিজের খাবার নিজে খেতে পারেন না। হাত-পা শক্ত হয়ে গেছে। তার জরুরিভাবে উন্নত চিকিৎসা দরকার। চিকিৎসকরা বলেছেন তিনি সুস্থ আছেন, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে সেলিমা ইসলাম বলেন, সব মিথ্যা কথা। আমরাতো এখনই দেখা এলাম, তিনি কি অবস্থায় আছেন।

তাকে বিদেশে নেওয়ার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, সরকার যদি চায় তাহলেই তিনি বিদেশে চিকিৎসা নিতে পারবেন। তবে এ বিষয়ে খালেদা জিয়া আমাদের সঙ্গে কিছু বলেননি।

শুক্রবার বিকেল সোয়া ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত পরিবারের ছয় সদস্য তার সঙ্গে স্যাৎ করেন বলে জানান বিএনপি চেয়ারপারসনের প্রেস উইংয়ের সদস্য শামসুদ্দিন দিদার। দিদার বলেন, বিএনপি চেয়ারপারসনের মেজবোন সেলিমা ইসলাম, ছোট ভাই শামীম ইস্কান্দার, শামীম ইস্কান্দারে স্ত্রী কানিজ ফাতিমা, শামীম ইস্কান্দারের ছেলে অভিক ইস্কান্দার, অরিক ইস্কান্দারসহ পরিবারের ছয় সদস্য বিএসএমএমইউ'র কেবিন ব্লকে কারা হেফাজতে চিকিৎসাধীন খালেদা জিয়ার কে গিয়ে দেখা করেন। এর আগে গত ২০ সেপ্টেম্বর পরিবারের সদস্যরা তার সঙ্গে দেখা করেন। ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি থেকে কারাবন্দি খালেদা জিয়াকে চিকিৎসার জন্য গত ১ এপ্রিল বিএসএমএমইউ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে ৬১২ নম্বর কেবিনে তার চিকিৎসা চলছে।

## বুয়েটে রাজনীতি নিষিদ্ধ ঘোষণা

ঢাকা,অক্টোবর ১১।। উপাচার্যের মতাবলে বুয়েটে ছাত্র-শিকদের সব ধরনের সাংগঠনিক রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। শুক্রবার (১১ অক্টোবর) বিকেল সাড়ে ৫টায় বুয়েট অডিটোরিয়ামে ফাহাদ স্মরণে এক মিনিট নীরবতা পালনের মধ্যদিয়ে শির্থীদের সঙ্গে প্রশাসনের বৈঠক শুরু হয়। এতে বুয়েটের ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক মিজানুর রহমান, ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ইয়াজ হোসেন, শিক সমিতির সভাপতি অধ্যাপক মাসুদসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের কর্তাব্যক্তিরা উপস্থিত আছেন। আলোচনার শুরুতে ফাহাদ হত্যা মামলায় এজাহারভুক্ত সব আসামিকে সাময়িক বহিষ্কার করা হয়েছে বলে জানিয়েছেন ভিসি। এ ঘটনায় মামলায় এজাহারভুক্ত আসামি ১৯ জন।ফাহাদের খুনিদের ফাঁসিসহ শির্থীদের ১০ দফা দাবি নিয়ে বুয়েটের ১৫, ১৬, ১৭ ও ১৮ ব্যাচের সঙ্গে এ আলোচনা অনুষ্ঠিত হচ্ছে। শির্থীদের শর্ত অনুযায়ী, গণমাধ্যমের সামনে আলোচনা করতে রাজি না হলেও পরে উপাচার্য সাংবাদিকদের সামনে আলোচনা করতে রাজি হয়েছেন। তবে তিনি বৈঠক সরাসরি সম্প্রচার না করার শর্ত জুড়ে দিয়েছেন।

সরেজমিনে দেখা যায়, বিকেল সাড়ে তিনটা থেকে শির্থীদের পরিচয়পত্র দেখে ক্যাম্পাসে প্রবেশ করতে দেওয়া হয়। শির্থীদের দশ দফা দাবিগুলো ছিল, খুনিদের শনাক্ত করে সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে হবে, খুনিদের বিশ্ববিদ্যালয় থেকে ১১ অক্টোবরের মধ্যে আজীবন বহিষ্কার করতে হবে, আবরার হত্যা মামলার সব খরচ এবং তিপূরণ বিশ্ববিদ্যালয়কে বহন করতে হবে, মামলা দ্রুতবিচার ট্রাইব্যুনালের অধীন স্বল্পতম সময়ে নিস্পত্তি করতে হবে, অবিলম্বে চার্জশিটের কপিসহ অফিসিয়াল নোটিশ দিতে হবে, বুয়েটে সাংগঠনিক ছাত্ররাজনীতি নিষিদ্ধ করতে হবে, ঘটনার পর ভিসি কেন ঘটনাস্থলে উপস্থিত হননি এবং ৩৮ ঘণ্টা পর গিয়ে কোনো প্রশ্নের উত্তর না দেওয়ায় শির্থীদের কাছে তার জবাব দিতে হবে, আবাসিক হলগুলোতে র্যা গের নামে এবং ভিন্নমত দমানোর নামে নির্যাতন বন্ধে প্রশাসনের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে, এ ধরনের ঘটনা প্রকাশে একটি কমন প্ল্যাটফর্ম ব্যবহার করতে হবে, নিরাপত্তার জন্য সব হলের উইংয়ের দু'পাশে সিসি ক্যামেরা বসাতে হবে এবং ১১ অক্টোবরের মধ্যে শেরেবাংলা হলের প্রভোস্টকে প্রত্যাহার করতে হবে।

## দ্রুত বিচার ট্রাইব্যুনালে আবরার হত্যার বিচারের দাবি জানিয়েছে ১৪ দল

ঢাকা,অক্টোবর ১১।। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শির্থী আবরার ফাহাদ হত্যাকান্ডের বিচার দ্রুত বিচার ট্রাইব্যুনালে করার দাবি জানিয়েছে কেন্দ্রীয় ১৪ দল। শুক্রবার দুপুরে রাজধানীর বঙ্গবন্ধু এ্যাভিনিউয়স্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত ১৪ দলের এক বৈঠক শেষ আয়োজিত সংবাদ সম্মেলনে আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য এবং কেন্দ্রীয় ১৪ দলের মুখপাত্র মোহাম্মদ নাসিম এ কথা বলেন।মোহাম্মদ নাসিম বলেন,দ্রুত সময়ে এই ঘাতকদের বিচার করতে হবে। দ্রুতবিচার আইনের আওতায় এনে দ্রুতবিচার ট্রাইব্যুনাল গঠন করে আবরার ফাহাদ হত্যার বিচার করতে হবে।

বুয়েট শির্থী হত্যার ঘটনায় নিন্দা প্রকাশ করে আওয়ামী লীগের এই নেতা বলেন, বিগত দিনে দেশে যত হত্যা কান্ড সংঘটিত হয়েছিল এই সরকার সব হত্যাকান্ডের বিচার করেছে। অতীতে যেমন কোন অপরাধীকে ছাড় দেওয়া হয়নি, তেমনি দ্রুত সময়ের মধ্যে আবরার হত্যাকান্ডের বিচার হবে।তিনি বলেন, কিছু চেনা মুখ অশুভ শক্তি এই দু:খজনক ঘটনাকে কেন্দ্র করে ঘোলা পানিতে মাছ শিকারের পায়তারা করছে। বিএনপি এই ঘটনার বিচার যত না চায় তার চেয়ে বেশি সরকারকে প্রশ্নবিদ্ধ করতে চায়। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মোহাম্মদ নাসিম বলেন, কেন্দ্রীয় ১৪ দল ছাত্র রাজনীতি বন্ধের পে নয়। সুষ্ঠ ধারার ছাত্র রাজনীতি আমরা চাই।তিনি বলেন, এক জন ছাত্রের হত্যাকা-ের পর বুয়েটের ভিসি কেন দেখতে গেলেন না। এক জন ভিসির কাছ থেকে এটা আমরা আশা করিনি। এই হত্যাকান্ড অত্যন্ত দু:খজনক, বেদনাদায়ক। আমরা ভিন্ন মতকেগ্রহণ করতে চাই। কিন্তু কিছু দুবৃত্ত এই ঘটনা ঘটিয়েছে। এই সব ঘটনার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপকে কঠোর ব্যবস্থা নেওয়া উচিত।সংবাদ সম্মেলনে মোহাম্মদ নাসিম জানান, ২২ অক্টোবর কেন্দ্রীয় ১৪ দল ভারতের সঙ্গে বাংলাদেশের যে সমঝোতা চুক্তি হয়েছে সেটা নিয়ে গোলটেবিল আলোচনা করবে। সেই সঙ্গে ২৩ অক্টোবর ১৪ দল রোহিঙ্গা ইস্যু নিয়ে আরেকটি গোলটেবিল বৈঠকের আয়োজন করবে।জাসদ সভাপতি হাসানুল হক ইনু বলেন, ভারতের সঙ্গে যে ৫৩টি সমঝোতা চুক্তি হয়েছে তার মধ্যে কোনটি দেশের স্বার্থ বিরোধী সেটাসুনির্দিষ্ট করে প্রমাণ করার চ্যালেঞ্জ দিচ্ছি। ফেনীর নদীর যে পরিমাণ পানি ভারতকে দেওয়া হবে তাতে সেটাতে পরিবেশ প্রকৃতির উপর কোনো প্রভাব পড়বে না।

বৈঠকে কেন্দ্রীয় ১৪ দলের পে বুয়েটের এই বেদনাদায়ক ঘটনায় আবরারের পিতা মাতাসহ পরিবারের সকলের প্রতি গভীর সমবেনা জানানো হয়।এর আগে মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী, উপ-দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, সাম্যবাদী দলের সাধারণ সম্পাদক দিলীপ বড়ুয়া, ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা, জাতীয় পাটির (জেপি) সাধারণ সম্পদাক শেখ শহীদুল ইসলাম, গণতন্ত্রী পার্টির সধারণ সম্পাদক ডা. শাহাদাৎ হোসেন, জাসদের সাধারণ সম্পাদক শিরীন আখতার, কমিউনিস্ট কেন্দ্রের আহবায়ক ড় ওয়াজেদুল ইসলাম খান, ঢাকা মহানগর দনি আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহে আলম মুরাদ, যুগ্ম সাধারণ সম্পাদক ডা. দিলীপ রায় প্রমুখ উপস্থিত ছিলেন।

## পানি ঘোলা করার রাজনীতি না করতে বিএনপি'র প্রতি আহ্বান বাংলাদেশের তথ্যমন্ত্রীর

ঢাকা,অক্টোবর ১১।। বাংলাদেশের তথ্যমন্ত্রী ড় হাছান মাহমুদ বুয়েটের শির্থী আবরার ফাহাদের হত্যা নিয়ে ঘোলা পানিতে রাজনীতি না করার জন্য বিএনপি'র প্রতি আহ্বান জানিয়েছেন।শুক্রবার এখানে জাতীয় প্রেসকাবের সামনে বাংলাদেশ স্বাধীনতা পরিষদ মানববন্ধন কর্মসূচিতে তিনি বলেন,আবরার হত্যা নিয়ে তারা (বিএনপি) পানি ঘোলা করার চেষ্টা করছে। তারা অতীতেও পানি ঘোলা করার চেষ্টা করেছে, তবে তারা ব্যর্থ হয়েছে। বিএনপি'র ষড়যন্ত্র প্রতিহত করার জন্য আওয়ামী লীগ নেতা-কর্মীদের আরো সতর্ক থাকার আহ্বান জানিয়ে হাছান বলেন, বিএনপি নেতারা যদি পানি ঘোলা করতে চায় এবং ঘোলা পানিতে রাজনীতি করতে চায় তাহলে কঠোরভাবে তাদের প্রতিহত করা হবে।তিনি বলেন, কারো ব্যাপারে কোন দাবি তোলার আগেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে আবরার হত্যায় জড়িত সন্দেহভাজন বেশিরভাগ অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক হাছান মাহমুদ বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতোমধ্যেই আশ্বাস দিয়েছেন, আবরার হত্যাকান্ডে জড়িতদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা হবে।তিনি বলেন, ২০০২ সালে বিএনপি শাসনকালে প্রতিদ্বন্দ্বী দুই গ্রুপ ছাত্রের মধ্যে টেন্ডার নিয়ে ক্যাম্পাসে বন্দুক যুদ্ধে বুয়েটের ছাত্রী সাদেকুন নাহার সনি নিহত হয়।তিনি প্রশ্ন তোলেন,এ হত্যায় জড়িতদের শাস্তি দিতে ছাত্রদল অথবা বিএনপি কি কোন ব্যবস্থা নিয়েছিল?

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাম্প্রতিক দিল্লী সফর প্রসঙ্গে তথ্যমন্ত্রী বলেন, তাঁর সফরকালে বাংলাদেশ ও ভারতের মধ্যে স্বারিত চুক্তির ব্যাপারে বিএনপি সরকারের বিরুদ্ধে প্রপাগান্ডা চালাচ্ছে।তিনি বলেন, তারা (বিএনপি নেতারা) এ চুক্তি পড়েওনি তবুও তারা এ নিয়ে সরকারের বিরুদ্ধে প্রপাগান্ডা চালাচ্ছে এবং চুক্তির ব্যাপারে কর্মসূচি দিয়েছে।

বিএনপি'র রাজনীতি মিথ্যার ওপর ভিত্তি করে একথা উল্লেখ করে হাছান মাহমুদ বলেন,সংবাদ সম্মেলন ডেকে মিথ্যা বলছেন এটা আপনাদের (বিএনপি নেতৃবৃন্দ) রাজনীতি।সরকার সব সময় সমালোচনাকে স্বাগত জানায় একথা উল্লেখ করে তিনি বলেন, আমাদের সমালোচনা করুন তবে অজ্ঞের মতো নয়।

হাছান মাহমুদ বলেন, তারা প্রপাগান্ডা চালাচ্ছে যে সরকার প্রাকৃতিক গ্যাস রফতানি করবে। কিন্তু প্রকৃত ঘটনা হচ্ছে যে ভারতে রফতানি হবে এলপিজি, প্রাকৃতিক গ্যাস নয়।

মন্ত্রী বলেন,আমরা বিদেশ থেকে এলপিজি আমদানি করবো এবং মূল্য সংযোজনের পরে বোতলে করে এই গ্যাস রফতানি করবো।হাছান বলেন, একটি সংবাদপত্রে রিপোর্ট প্রকাশ করেছে যে, ভারত বঙ্গোপসাগরে রাডার বসাবে, এটি ভুয়া এবং মনগড়া খবর।তিনি বলেন,প্রকৃত তথ্য হচ্ছে, বঙ্গোপসাগরে অবৈধ মাছ শিকার রোধে রাডার বসানোর জন্য ভারত আমাদের মঞ্জুরি দেবে। রাডার হবে কোস্ট গার্ডের সম্পদ এবং তারা এগুলো পরিচালনা করবে। বাংলাদেশ স্বাধীনতা পরিষদের উপদেষ্টা ব্যারিস্টার জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ঢাকা দিণর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক শাহে আলম মুরাদ, আওয়ামী লীগ নেতা এম এ করিম এবং আক্তার হোসেন, স্বাধীনতা পরিষদ সভাপতি জিন্নাত আলী খান, সংগঠনের সিনিয়র সহ-সভাপতি শেখ নওশেদ আলী এবং সাধারণ সম্পাদক শাহাদাত হোসেন বক্তব্য রাখেন।

## বাংলাদেশে আনসার আল ইসলামের ৪ জঙ্গি গ্রেফতার

,ঢাকা,অক্টোবর ১১।। নিষিদ্ধ জঙ্গি সংগঠন আনসার আল ইসলামের চার সদস্যকে গ্রেপ্তার করেছে পুলিশের কাউন্টার টেরোরিজম ইউনিট।বৃহস্পতিবার রাতে ঢাকার যাত্রাবাড়ী এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয় বলে কাউন্টারে টেররিজম ইউনিটের অতিরিক্ত উপ-কমিশনার সাইফুল ইসলাম জানান। গ্রেপ্তাররা হলেন, শাহীন আলম ওমর (২১), সাইফুল ইসলাম (১৮), হামিদুজ্জামান বিপ্লব (১৮) ও আল মামুন (২০)। তাদের কাছ থেকে তিনটি চাপাতি উদ্ধার করেছে পুলিশ।

কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের প্রধান মনিরুল ইসলাম শুক্রবার ঢাকার মিন্টো রোডে পুলিশের মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে বলেন, গ্রেপ্তার চারজন প্রাথমিক জিজ্ঞাসাবাদে আনসার আল ইসলামে সক্রিয় থাকার কথা স্বীকার করেছে।

তারা কথিত জিহাদি প্রশিণের জন্য দেশের বিভিন্ন জেলা থেকে সংগঠনের সদস্যদের নিয়ে সুন্দরবনের করমজলে গিয়েছিল।

সেখানে এক সপ্তাহের প্রশিণ ক্যাম্প করে তারা। পরে বান্দরবান জেলার আলীকদমে গিয়ে প্রায় এক মাস তারা চাপাতি চালানোসহ বিভিন্ন বিষয়ে প্রশিণ নেয়।পাহাড়ি এলাকায় প্রশিণ শেষ করে 'নাশকতার পরিকল্পনা বাস্তবায়নের জন্যই' তারা ঢাকায় এসে যাত্রাবাড়ীতে মিলিত হয়েছিল বলে জানান পুলিশ কর্মকর্তা মনিরুল।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, গ্রেপ্তার জঙ্গিরা বিভিন্ন অ্যাপ ব্যবহার করে নিজেদের মধ্যে যোগাযোগ করত। নাশকতা চালিয়ে 'রাষ্ট্রীয় সম্পদের তি করার' পরিকল্পনা ছিল তাদের।গ্রেপ্তারদের মধ্যে শাহীন ও মামুনের বাড়ি চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলায়। সাইফুল ইসলামের বাড়ি কিশোরগঞ্জের নিকলী এবং হানিফুজ্জামানের বাড়ি চুয়াডাঙ্গার আলমডাঙ্গায়।

## শহীদ আবরার দিবস পালনের আহ্বান বিএনপি নেতা মওদুদের

ঢাকা,অক্টোবর ১১।। ভারতের সঙ্গে দেশের 'স্বার্থবিরোধী' চুক্তির সমালোচক বুয়েটের ছাত্র আবরার ফাহাদ হত্যাকাণ্ডের দিনটিকে 'শহীদ আবরার দিবস' হিসেবে পালনের আহ্বান জানিয়েছেন মওদুদ আহমদ। শুক্রবার সকালে রাজধানীর জাতীয় প্রেস কাবে এক সমাবেশে বিএনপির স্থায়ী কমিটির সদস্য এ প্রস্তাব করেন।মওদুদ বলেন, ভারতকে চট্টগ্রাম ও মংলা বন্দরের ব্যবহারে অনুমতি ও উপকূলে সার্বণিক নজরদারির বিষয়ে চুক্তি আমাদের সার্বভৌমত্ব বিক্রির শামিল। ফেনীর নদীর পানি দেওয়া নিয়ে যে চুক্তি হল, তারপরেই হল আবরারের শহিদানের ঘটনা।তিনি বলেন, চুক্তি নিয়ে সমালোচনামূলক বক্তব্য রাখায় আবরারের প্রতিবাদী কণ্ঠকে স্তব্ধ করে দিতেই তাকে হত্যা করা হয়।তাই এ দিনটিকে 'শহীদ আবরার দিবস হিসেবে' পালন করার জন্য আমি আহ্বান জানাচ্ছি।

তড়িৎ কৌশল বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র আবরার ফাহাদকে গত রোববার (৬ অক্টোবর) রাতে ওই হলের ২০১১ নম্বর কে ডেকে নিয়ে পিটিয়ে হত্যা করে ছাত্রলীগের নেতাকর্মীরা। এ ঘটনায় করা মামলায় মোট ১৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। সাবেক আইনমন্ত্রী মওদুদ বলেন, ফেনী নদী থেকে প্রতি সেকেন্ডে ৫০ লিটার পানি যাবে, প্রতি চব্বিশ ঘণ্টায় যাবে ৪ ল লিটার। এই পানি আমাদেরই প্রয়োজন, শুষ্ক মৌসুমে পানি থাকে না। কিন্তু সেই পানি দিয়ে এসে বললেন, বাংলাদেশের কোনো স্বার্থ তিনি (প্রধানমন্ত্রী) বিক্রি করে আসনে নাই।অথচ, এই সরকার ১০ বছর হলো মতায় আছে, কিন্তু তারা তিস্তা নদীর ন্যায্য হিস্যা আদায় করতে পারে নাই।

ছাত্রলীগ সারা দেশে 'টর্চার সেল' স্থাপন করে বিরোধী মতের মানুষের ওপর নির্যাতন চালাচ্ছে অভিযোগ করে মওদুদ বলেন,বাংলাদেশ মানুষ এই সরকারকে আর মতায় দেখতে চায় না।দেশে শান্তি ফিরে আসুক, নৈরাজ্য দূর হোক, আইনের শাসন ফিরে আসুক, সংবাদপত্রের স্বাধীনতা ফিরে আসুক এবং বিচার বিভাগের স্বাধীনতা ফিরে আসুক- এটাই বাংলাদেশের মানুষের প্রত্যাশা। কারাবন্দী দলীয় প্রধানেরে ত্র সরকার আইন প্রয়োগে বৈষম্য সৃষ্টি করছে অভিযোগ করে এই বিএনপি নেতা বলেন,চিকিৎসার জন্য দুই দিনের মধ্যে সম্রাট হাসপাতালে আর আমার নেত্রী খালেদা জিয়া, তিনবার জনগণের নির্বাচিত প্রধানমন্ত্রী, এখন পর্যন্ত উপযুক্ত চিকিৎসা পাচ্ছেন না, তাকে অবহেলিতভাবে পিজি হাসপাতালের একটা ছোট্ট কেবিনে রাখা হয়েছে।

জাতীয় প্রেস কাবের সামনে সম্মিলিত পেশাজীবী পরিষদের উদ্যোগে আবরার ফাহাদ হত্যার প্রতিবাদে এই সমাবেশ হয়।সংগঠনের পেশাজীবী নেতা সাংবাদিক রুহুল আমিন গাজী ও সদস্য সচিব অধ্যাপক এজেডএম জাহিদ হোসেনের পরিচালনায় সমাবেশে ডা. জাফরুল্লাহ চৌধুরী, অধ্যাপক আব্দুল কুদ্দুস, অধ্যাপক এবিএম ওবায়দুল ইসলাম, অধ্যাপক শামসুল আলম, অধ্যাপক রফিকুল ইসলাম বাচ্চু, অধ্যাপক লুৎফর রহমান, সাংবাদিক এম আবদুল্লাহ, কাদের গনি চৌধুরী, শহিদুল ইসলাম, কৃষিবিদ শামীমুর রহমান শামীম, অ্যাডভোকেট আবেদ রাজা, জাতীয়তাবাদী সম্মিলিত সাংস্কৃতি জোটের রফিকুল ইসলাম বক্তব্য দেন।

## ২০৩০ সালের মধ্যে বাংলাদেশে কোন দারিদ্র থাকবে না : অর্থমন্ত্রী মুস্তফা কামাল

ঢাকা,অক্টোবর ১১।। বাংলাদেশের অর্থমন্ত্রী আ.হ.ম মুস্তফা কামাল বলেছেন, ২০৩০ সালের মধ্যে দেশে কোন দারিদ্রতা থাকবে না। বিশ্বের ১৭৮টি দেশের মধ্যে বাংলাদেশ ২৪তম উন্নত দেশে পরিণত হবে।

শুক্রবার কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার ফুড প্যানেলে আয়োজিত চৌদ্দগ্রাম উপজেলা আওয়ামী লীগের ত্রি- বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও জেলা আওয়ামী লীগের সহসভাপতি এডভোকেট আবদুল মতিন খসরু এমপি।স্বাগত বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো: মজিবুল হক এমপি।সম্মেলনে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি উপজেলা চেয়ারম্যান মো: আবদুস সোবহান।

আ.হ.ম মুস্তফা কামাল বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন ভূখন্ড হয়েছে। এখন তাঁর সুযাগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর সোনার বাংলা প্রতিষ্ঠায় দেশকে উন্নয়নের সোপানে নিয়ে যাচ্ছেন।তিনি বলেন, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের ২০তম উন্নত দেশ হবে। তিনি শিাক্ষেত্র পরিবর্তনের জন্য বর্তমান তথ্য প্রযুক্তি নির্ভর শিায় শিতি হওয়ার জন্য শির্থীদের প্রতি আহ্বান জানান।



রবিবার কোজাগরি লক্ষ্মী পূজা। শুক্রবার আগরতলায় মূর্তি নিয়ে বিক্রির জন্য হাজির শিল্পীরা। ছবি-নিজস্ব।

# বৈদ্যুতিন চ্যানেলের সম্পাদকের উপর হামলায় এক অভিযুক্ত গ্রেপ্তার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ অক্টোবর।।** বুধবার রাতে নিউজ টুডের সম্পাদক সৌরজিৎ পালের উপর হামলার ঘটনায় গ্রেপ্তার এক অভিযুক্ত। ঘটনার ৪৮ ঘণ্টা পর বিভিন্ন মহল থেকে যখন সমালোচনার ঝড় বইতে শুরু করেছে ঠিক তখন পশ্চিম আগরতলা থানার পুলিশ এক অভিযুক্তকে জালে তুলে। ধৃত অভিযুক্তর নাম পাপন দাস। বুধবার রাতে সমাজদ্রোহী বাপ্পা নন্দীর নেতৃত্বে ধৃত পাপন দাস সহ অন্যান্যরা সৌরজিৎ পালের উপর হামলা চালায়। সদর মহকুমা পুলিশ আধিকারিক জানান এই ঘটনার সাথে বাকি যারা যুক্ত তাদের আটক করার প্রয়াস চলছে। তবে তদন্তের স্বার্থে পুলিশ এইদিন অভিযুক্ত পাপন দাসকে কোন জায়গা থেকে আটক করা হয়েছে তা প্রকাশ করেনি।

# হেপি দেববর্মার মৃত্যু হয়েছে এনিমিয়ায়, দাবি স্কুল কর্তৃপক্ষের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ অক্টোবর।।** হ্যাপি দেববর্মা মৃত্যুর ব্যাপারে হলিক্রস স্কুলের তরফ থেকে দাবি করা হয়েছে এনিমিয়া রোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়েছে। স্কুল কর্তৃপক্ষ শুক্রবার এক প্রেস বিবৃতিতে একথা জানায়। স্কুলের দাবি, হ্যাপি দেববর্মা বাধ্য ছাত্র ছিল। সে অসুস্থ হওয়ায় স্কুল কর্তৃপক্ষ হাসপাতালে গিয়েও খোঁজ খবর নিয়েছিল। কিন্তু, হঠাৎ করে তার মৃত্যুর সংবাদে স্কুল কর্তৃপক্ষও রীতিমতো বিস্মিত। মৃত্যুর ব্যাপারে তদন্তকারী সংস্থাকে স্কুল কর্তৃপক্ষ পূর্ণ সহায়তা করবে বলে আশ্বাস দিয়েছে।

এদিকে, কুমারঘাট হলিক্রস স্কুলের হোস্টেলের ওয়ার্ডেনের অমানবিক নির্যাতনের ফলে গত ৬ অক্টোবর মৃত্যু হয়েছিল স্কুলের নবম শ্রেনীতে পড়ুয়া ফটিকরায় বিধানসভার ডেমডুম এডিসি ভিলেজের রাজমালা দেববর্মার পনেরো বর্ষীয় পুত্র হেপি দেববর্মার। এরই প্রতিবাদে এবং অভিযুক্তের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে শুক্রবার ঊনকোটি জেলার কুমারঘাটে প্রতিবাদ মিছিল সংঘটিত করল ভারতীয় জনতা যুব মোর্চা। এদিন স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে স্লোগান তুলে শহর কাপালো যুবমোর্চার কর্মী-সমর্থকরা। দলীয় কর্মী-সমর্থকদের সাথে মিছিলে হাঁটলেন এলাকার বিধায়ক তথা বিজেপি ঊনকোটি জেলা সভাপতি ভগবান দাস, যুব মোর্চার জেলা সভাপতি দীপঙ্কর গোস্বামী সহ অন্যান্য নেতৃত্বরা। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে ভগৎ সিং চৌমুহনীতে এসে প্রতিবাদ সভায় মিলিত হয়। সভায় বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক তথা বিজেপি ঊনকোটি জেলা সভাপতি ভগবান দাস এই ঘটনার তীব্র নিন্দা জানান। পাশাপাশি হোস্টেলের ওয়ার্ডেন বুর্চুং হালামের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি তোলেন। মিছিলকে ঘিরে শহরে বেশ সাড়া পরে।

# এডিবি'র ঋণের টাকার প্রথম কিস্তি বরাদ্দ দিল কেন্দ্র


**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ অক্টোবর।।** এশিয়ান ডেভলাপমেন্ট ব্যাঙ্কের তরফ থেকে যে ঋণ মঞ্জুর করা হয়েছিল রাজ্যের জন্য তার প্রথম কিস্তি অনুমোদন করেছে কেন্দ্রীয় সরকার। মূলত নগরোন্নয়ন দপ্তরের হাতে এই টাকা দেয়া হবে রাজ্যের সাতটি জেলা সদরের উন্নয়নের জন্য। মোট ১৬৫০ কোটি টাকার ঋণ মঞ্জুর করা হয়েছে। তিন বছরের জন্য এই টাকা দেওয়া হচ্ছে। কৈলাশহর, ধর্মনগর, আমবাসা, খোয়াই, বিলোনীয়া এবং উদয়পুর শহর ও বিশ্রামগঞ্জের উন্নয়নে এই টাকা ব্যয় করা হবে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

# জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# মুক্তির পর ইরান ত্যাগ করেছেন রাশিয়ার মহিলা সাংবাদিক ইউলিয়া ইউজিক

তেহরান, ১১ অক্টোবর (হি.স.) : ইরানে আটক রুশ মহিলা সাংবাদিক ইউলিয়া ইউজিককে মুক্তি দেওয়া হয়েছে। তেহরানস্থ রুশ দূতাবাসের মুখপাত্র আন্দ্রে গাঙ্কো এ তথ্য জানিয়েছেন। তিনি বলেছেন, বৃহস্পতিবার সকালে মুক্তিপ্রাপ্ত ওই সাংবাদিক তেহরান ত্যাগ করেছেন।

ইসরাইলী গোয়েন্দা সংস্থার সঙ্গে যোগ থাকার অভিযোগে গত সপ্তাহে তেহরানে ইউলিয়া ইউজিককে(৩৮) গ্রেফতার করা হয়। ইরান সরকারের একজন মুখপাত্র বলেন, ভিসা সংক্রান্ত জটিলতার কারণে তাকে আটক করা হয়। কিন্তু রুশ দূতাবাস বলছে, তার বিরুদ্ধে ইসরাইলী নিরাপত্তা বাহিনীর হয়ে কাজ করার অভিযোগ আনা হয়েছে।

গত ২৯ সেপ্টেম্বর রবিবার ইউলিয়া ইরানে পৌঁছালে তেহরানের ইমাম খোমেনী (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরে তার পাসপোর্ট বাজেয়াপ্ত করা হয়। এরপর ২ অক্টোবর তাকে তেহরানের একটি হোটেল থেকে আটক করা হয়।

টুইটারে রুশ দূতাবাস বলছে, রুশ বিদেশ দফতর ও তেহরানে রুশ দূতাবাসের যৌথ প্রচেষ্টায় ইরান ইউলিয়াকে ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়। সে এখন মস্কোর পথে রয়েছে বলে দূতাবাস থেকে বলা হয়েছে। ইউলিয়া নিউজউইকের রুশ সংস্করণসহ বেশ কিছু সংবাদমাধ্যমে কাজ করেছেন।

# আবরার বাংলাদেশের কণ্ঠস্বর বিএনপির স্থায়ী কমিটি

মনির হোসেন,ঢাকা,অক্টোবর ১১।। বুয়েটের মেধাবী ছাত্র আবরার ফাহাদ হত্যার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বিএনপির স্থায়ী কমিটি। তারা বলেছে, রাতের অন্ধকারে ভোট ডাকাতির অবৈধ সরকার দেশের স্বার্থ ও সার্বভৌমত্ব বিরোধী চুক্তি করেছে। এর প্রতিবাদ করায় জীবন দিতে হয়েছে আবরারকে। আবরারের পুরো বক্তব্যটি বাংলাদেশের স্বার্থের পক্ষে, তাই আবরার বাংলাদেশের কণ্ঠস্বর। তাঁর এই নির্মম মৃত্যু বৃথা যেতে পারে না। বৃথা যেতে দেওয়া হবে না, দেশের জনগণ বৃথা যেতে দেবে না। মোশাররফ বলেন, দেশের স্বার্থবিরোধী এ সব চুক্তির প্রতিবাদে জনগণ ফুঁসে উঠেছে। সচেতন ছাত্র সমাজ আন্দোলনে সোচ্চার হয়েছে। সমালোচনায় ভীত সরকার তাদের দলীয় লাঠিয়ালদের দিয়ে ফেসবুকে প্রতিবাদী পোস্ট দেওয়ার জন্য বুয়েটের মেধাবী ছাত্র আবরারকে খুন করেছে। কিন্তু এই নৃশংস হত্যাকাণ্ড আন্দোলনের আগুনে ঘৃতাহুতি দিয়েছে মাত্র কাউকে ভীত করতে পারেনি। জনগণ মুক্তিযুদ্ধের সোনালি ফসল গণতন্ত্র পুনরুদ্ধারের মাধ্যমে এই দুরাচারী শাসকের পতন চায়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, গয়েশ্বর চন্দ্র রায়, নজরুল ইসলাম খান, আমীর খসরু মাহমুদ চৌধুরী, সেলিমা রহমান, ভাইস চেয়ারম্যান বরকত উল্লাহ, মো. শাহজাহান, যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, সৈয়দ মোয়াজ্জেম হোসেন প্রমুখ।

# আবরার হত্যার ঘটনায় কূটনীতিকদের মন্তব্য অনভিপ্রেত: তথ্যমন্ত্রী হাছান

ঢাকা,অক্টোবর ১০।। বাংলাদেশের তথ্যমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, বুয়েটে ছাত্র আবরার হত্যার ঘটনা আমাদের অভ্যন্তরীণ বিষয়। এ নিয়ে বিদেশি কূটনীতিকদের মন্তব্য অনভিপ্রেত। তথ্যমন্ত্রী বলেন,মার্কিন যুক্তরাষ্ট্রে প্রতিবছর অসংখ্য ছাত্র-ছাত্রী গুলিবিদ্ধ হয়ে হতাহত হয়, গত মাসেও এ ঘটনা ঘটেছে। যুক্তরাষ্ট্রে যখন স্কুলে গুলিবর্ষণে ছাত্র-ছাত্রীরা হতাহত হয়, পাকিস্তানে শিয়া মসজিদ পুড়িয়ে দেওয়া হয়, তখন কি তারা সব সময় উদ্বেগ প্রকাশ করেন? এ সময় তিনি বলেন,যুক্তরাষ্ট্রে প্রতিবছর শত শত ছাত্র-ছাত্রী হতাহত হওয়ার ঘটনায় আমি উদ্বিগ্ন। এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, রাজধানীর তোপখানা রোডে বৃহস্পতিবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের তৃতীয় তলায় আবদুস সালাম হলে চট্টগ্রাম বিভাগ সাংবাদিক ফোরামের (বিসবক) দ্বিবার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। ওই আয়োজনে প্রধান অতিথির বক্তৃতায় তথ্যমন্ত্রী এসব কথা বলেন।সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। তথ্যমন্ত্রী বলেন,কয়েকটি বিদেশি মিশন আবরার হত্যাকাণ্ডের পর উদ্বেগ প্রকাশ করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র, জাপানসহ আমাদের সব উন্নয়ন সহযোগী রাষ্ট্রকে তাদের ধারাবাহিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়েই বলতে চাই, এ বিষয়ে তাদের মন্তব্য অনভিপ্রেত। শিক্ষা উপমন্ত্রী মুহিবুল হাসান বলেন,আমাদের হারানো সন্তানকে পুঁজি করে আপনারা সুবিধাবাদীরা নোংরা রাজনীতি করবেন না, ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখবেন না। এতে সফল হতে পারবেন না।

# শারদ উৎসব পালন করল আনন্দ মার্গ

**আগরতলা।।** বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে আনন্দমার্গ সমাজ শাস্ত্র মোতাবেক শারদীয় উৎসব পালন করা হয়। উৎসবের অঙ্গ হিসেবে রাজ্যের বিভিন্ন স্থানে ত্রান কার্য্যসহ হাজার হাজার ভক্ত ও নরনারায়ণের মধ্য মহাপ্রসাদ বিতরণ করা হয়। তাছাড়া ৮ই অক্টোবর বিজয়া দশমীর দিনে কীর্তন দিবস উদ্‌যাপন করা হয়। ১৯৭০ সালের ৮ই অক্টোবর মার্গগুরু শ্রী শ্রী আনন্দ মুর্ত্তিজী 'বাবা নাম কেবলম' মহামন্ত্র কীর্তন উদ্‌ভাবন করেছিলেন। আগরতলা আনন্দমার্গ প্রচারক সংঘের পক্ষে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

# কৈবল্যধামের মোহন্ত আসছেন

**আগরতলা।।** বাংলাদেশস্থিত চট্টগ্রামের পাহাড়তলী শ্রীশ্রী কৈবল্যধামের বর্তমান মোহন্ত মহারাজ শ্রীমৎ অশোক কুমার চট্টোপাধ্যায় আগামী ১৫ই আক্টোর আগরতলা বনমালীপুরস্থিত শ্রীশ্রী রামঠাকুর সেবা মন্দিরে পদার্পণ করবেন। এক বিবৃতিতে শ্রী শ্রী রামঠাকুর সেবা মন্দিরের সম্পাদক এই সংবাদ জানিয়েছেন।

# পূজাতে বস্ত্র বিতরণ আমরা বাঙালীর

**আগরতলা।।** এবারের শারদীয়া দূর্গোৎসবে আমরা বাঙালী দল বিভিন্ন স্থানে দুঃস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করে। মহাষষ্ঠি তিথিকে আমরা বাঙালীর পক্ষে চেবরী বৃন্দাবনঘাট এলাকায় ৪৫জন ও বাঙালী মহিলা সমাজের উদ্যোগে আগরতলার আড়ালিয়াতে ১৫৫জন দুঃস্থ গরীব মানুষের মধ্যে জামা কাপড়, ধুতি, শাড়ী ইত্যাদি বিতরণ করা হয়। আমরা বাঙালী দলের এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

# দেশের স্বার্থ হানিকর সব চুক্তি বাতিল চেয়েছে বিএনপি

ঢাকা,অক্টোবর ১১।। প্রধানমন্ত্রীর ভারত সফরে 'দেশের স্বার্থ হানিকর সব চুক্তি' বাতিল চেয়েছে বিএনপি। সরকারের সমালোচনা করে দলটি বলেছে, এ সব চুক্তি নিজ দেশ ও জনগণের স্বার্থ বিকিয়ে দিয়ে শক্তিমান প্রতিবেশীকে খুশি করে ক্ষমতার মসনদ টিকিয়ে রাখার সাময়িক ও ব্যর্থ চেষ্টা মাত্র।

বৃহস্পতিবার দুপুরে রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে বিএনপির স্থায়ী কমিটির নেতারা এক আনুষ্ঠানিক সংবাদ সম্মেলন করে দেশের স্বার্থ বিরোধী সব চুক্তি বাতিল দাবি করেন। স্থায়ী কমিটির জ্যেষ্ঠ সদস্য খন্দকার মোশাররফ হোসেন লিখিত বক্তব্য পড়েন।বক্তব্যের শুরুতেই মোশাররফ বলেন, জনগণের ভোটে নির্বাচিত না হওয়ায় জনগণের কাছে দায়বদ্ধ নয়, এমন একটি শক্তি যখন কৌশলে রাষ্ট্রক্ষমতা দখল করে তখন তার পরিণতি দেশ ও জনগণের জন্য কতটা ভয়াবহ ও ক্ষতিকারক হয়, তার সাম্প্রতিক প্রমাণ প্রধানমন্ত্রীর ভারত সফরের ফলাফল। তিনি বলেন, এ সফরে বাংলাদেশ ফেনী নদীর ১ দশমিক ৮২ কিউসেক পানি ভারতকে ব্যবহারের অনুমতি দিয়েছে, বাংলাদেশের সমুদ্র উপকূলে যৌথ পর্যবেক্ষণের জন্য রাডার বসানোর এবং ভারতের পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোতে এলপিজি গ্যাস সরবরাহের নিশ্চয়তা দিয়েছে।

বিএনপির এই নেতা বলেন, আগেরবার ভারত সফর শেষে দেশে ফিরে প্রধানমন্ত্রী বলেছিলেন, আমরা যা দিয়েছি তা ভারত চিরদিন মনে রাখবে। তাহলে এবার আরও এত কিছু দেওয়ার কি প্রয়োজন ছিল? মোশাররফ বলেন, বিদেশিদের গ্যাস দিতে রাজি হননি বলে ২০০১ সালে ক্ষমতায় আসতে পারেননি। তাহলে এবার আমদানি করা ডিউটি ফ্রি এলপিজি দেওয়ার উদ্দেশ্য কী?খন্দকার মোশাররফ বলেন, অথচ বহু বছর ধরে তিস্তা এবং ৫৪টি অভিন্ন নদীর পানির ন্যায্য হিস্যা পাওয়ার ব্যাপারে শুধুই আশ্বাস চলছে। আসামের নাগরিক পঞ্জির পরিপ্রেক্ষিতে কয়েক লাখ আসামবাসীকে বাংলাদেশে পাঠিয়ে দেওয়ার ব্যাপারে ভারদের স্বরাষ্ট্রমন্ত্রীসহ আসাম রাজ্য ও কেন্দ্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিদের স্পষ্ট হুমকির মুখে দুই প্রধানমন্ত্রীর যৌথ বিবৃতিতে এ ব্যাপারে ইতিবাচক কোনো স্পষ্ট প্রতিশ্রুতির উল্লেখ নেই। ভারতে পাটজাত দ্রব্যসহ অন্যান্যে পণ্য রপ্তানির ওপর আরোপিত অন্যায় বাধা অপসারণে নিশ্চয়তা আদায় করতেও সরকার ব্যর্থ হয়েছে।বিএনপি নেতা মোশাররফ বলেন, চট্টগ্রাম ও মোংলা বন্দর ব্যবহারের অনুমতি দেওয়ায় বাংলাদেশের অবকাঠামো, নাগরিক পরিবহন চলাচল এবং অর্থনৈতিক ক্ষয়ক্ষতির নিশ্চিত সম্ভাবনা রয়েছে। সমুদ্র উপকূলে যৌথ নজরদারির ফলে জাতীয় নিরাপত্তা বিঘ্নিত হওয়ারও সম্ভাবনা রয়েছে। তিনি বলেন, দেশের স্বার্থ অনিশ্চয়তায় ঝুলিয়ে রেখে অন্যের স্বার্থ পূরণ করা সরকারের নতজানু নীতির প্রমাণ।

ফেনী নদীর পানি চুক্তির সমালোচনা করে বিএনপির এই নেতা বলেন, ফেনী নদী যৌথ নদী ছিল না। বর্তমান সরকার আরও ৬টি যৌথ নদীর সঙ্গে ফেনী নদীর নাম সংযুক্ত করে এবং এ সব নদীর পানি বণ্টন দিয়ে আলোচনায় রাজি হয়। এবার ফেনী নদীর পানি ভারতের একটি শহরে দেওয়ার চুক্তি হলো।

ফেনী নদীর এই পানি না দিলে সাব্রুম শহর কারবালা হয়ে যেত' সম্প্রতি বিবিসিকে দেওয়া পররাষ্ট্রসচিবের এ মন্তব্যের উল্লেখ করে মোশাররফ বলেন, কারবালা কারওরই কাম্য নয়। কিন্তু বাংলাদেশের পররাষ্ট্রসচিবের তো প্রথমে দেশের জনগণের স্বার্থ দেখার কথা। ফেনী নদীতে শুকনা মৌসুমে পানির অভাবে চাষাবাদের ক্ষতি, মুহুরি প্রকল্প অকার্যকর হওয়ার নিশ্চিত সম্ভাবনা দেখেও তিনি ও তাঁর সরকার সাব্রুমকে কারবালা হতে না দিতে যতটা উদ্যোগী,ল্পনিজের দেশের সর্বনাশ তাঁদের কাছে ততই মূল্যহীন। এটা কোনো দেশপ্রেমিক ব্যক্তি কিংবা সরকারের অবস্থান হতে পারে না।

ভারতে এলপিজি রপ্তানি চুক্তির বিরোধিতা করে বিএনপি বলেছে, বাংলাদেশ এলপিজি আমদানি করে। প্রতিবেশীর প্রয়োজনে তা রপ্তানির জন্য ইতিমধ্যে ওমেরা পেট্রোলিয়াম লিমিটেড ও বেক্সিমকো এলপিজি ইউনিটকে লাভবান করার এই উদ্যোগ ব্যক্তি ও গোষ্ঠী বিশেষকে লাভবান করবে, দেশকে নয়। এতে ভারতের প্রায় দেড় হাজার কিলোমিটার পথ এখন মাত্র ২০০ কিলোমিটার পাড়ি দিয়ে এলপিজি গ্যাস ভারত পৌঁছাবে। ভারতকে এই সুবিধা দেওয়ার বিনিময়ে আমরা 'ঠাকুর শান্তি পুরস্কার' ছাড়া কী পেলাম?

ক্ষমতায় থাকতে বেগম খালেদা জিয়া ভারত সফরের সময় গঙ্গা নদীর পানির কথা বলতে 'ভুলে' গিয়েছিলেন বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এটাকে 'অসত্য ও ব্যর্থতা ঢাকার অপচেষ্টা' বলে মন্তব্য করে মোশাররফ বলেন, 'ওই সফর শেষে প্রকাশিত যৌথ ইশতেহারে বলা হয়,সমতা ভিত্তিক দীর্ঘ মেয়াদি সমন্বিত প্রক্রিয়ায় দুই দেশের জনগণের সর্বোচ্চ স্বার্থে পানি বণ্টনের বিষয়ে উভয় পক্ষ একমত হন।' তিনি প্রশ্ন তোলেন, কোনো আলোচনা না হলে যৌথ ইশতেহারে এই বক্তব্য থাকল কী করে?

মোশাররফ বলেন, প্রকৃতপক্ষে ১৯৭৫ সালের আগে গঙ্গার পানি নিয়ে কোনো চুক্তি হয়নি, সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছিল। চুক্তি হয়েছে ১৯৭৭ সালে রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আমলে। এই চুক্তিতে যে গ্যারান্টি ক্লজ ছিল, তা ১৯৯৬ সালে বর্তমান প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত চুক্তি থেকে বাদ দেওয়া হয়। যার ফলে বাংলাদেশ ক্ষতিগ্রস্ত হয়েছে।

# পাকিস্তানি নিয়ন্ত্রণরেখায় ভারতীয় সেনার গুলিতে মৃত্যু পাক সৈনিকের, আহত দু'জন মহিলা

রাওয়ালপিন্ডি, ১০ অক্টোবর (হি.স.): পাকিস্তানের বারোহ এবং চিরিকোট সেক্টরে নিয়ন্ত্রণরেখা বরাবর ভারতীয় সেনাবাহিনীর গুলিতে মৃত্যু হল পাকিস্তানি সৈনিকেরউ এছাড়াও আরও দু'জন মহিলা আহত হয়েছেনউ বৃহস্পতিবার ইন্টার-সার্ভিসেস পাবলিক রিলেশন (আইএসপিআর)-এর পক্ষ থেকে এমনই দাবি করা হয়েছেউ নিহত পাক সৈনিকের নাম হল-নৈমাত ওয়ালিউ এছাড়াও নিয়ন্ত্রণরেখা সংলগ্ন সেরিয়ান গ্রামে আহত হয়েছেন দু'জন মহিলা। আইএসপিআর-র পক্ষ থেকে দাবি করা হয়েছে, ভারতীয় সেনাবাহিনীকে যোগ্য জবাব ফিরিয়ে দিয়েছে পাক সেনাবাহিনীউ পাক হামলায় ভারতীয় ভূখণ্ডে ক্ষয়ক্ষতিও হয়েছেউ প্রসঙ্গত, গত মঙ্গলবারই সংঘর্ষবিরতি লঙ্ঘনের প্রেক্ষিতে ভারতীয় ডেপুটি হাই কমিশনকে সমন পাঠিয়েছিল পাকিস্তানউ মুখে শান্তির কথা বললেও, পাকিস্তান অবশ্য লাগাতার হামলা চালিয়ে যাচ্ছে

এফ.নং.এ.৪৪০১১/০৯/২০১৯-ই-৪
ভারত সরকার
মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক
(উচ্চশিক্ষা বিভাগ)

**এমএইচআরডি ইন্টার্নশিপ যোজনা, ২০১৯ এর জন্য আবেদন আমন্ত্রণ (শীতকালীন ক্যালেন্ডার)**

মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক (এমএইচআরডি), ভারত সরকার আইআইটি/আইআইএম/এনআইটি/আইআইএসইআর ও অন্যান্য বিশ্ববিদ্যালয়ে অস্নাতক/একিকৃত স্নাতকোত্তর পড়াশুনার জন্য এই সময়ে ভারতীয়/প্রবাসী ভারতীয় নাগরিক (ওসিআই কার্ডধারী) দের কাছ থেকে 'এমএইচআরডি ইন্টার্নশিপ যোজনা' ২০১৯ এর জন্য **www.mhrd.gov.in** তে দেয়া বিবরণ অনুসারে আবেদন আহ্বান করা হচ্ছে।

আবেদন কেবল "**www.mhrd.gov.in**" তে দেয়া লিংকে ১০ নভেম্বর, ২০১৯ পর্যন্ত জমা করা যাবে। অন্য কোন জানার/তথ্যের কিংবা অন্য কিছুর জন্য অনুগ্রহ করে এমএইচআরডি এর ওয়েবসাইট দেখুন বা **nksingh.edu@gov.in** তে মেইল করুন।

**রত্নেশ কুমার গুপ্তা**
**অবর সচিব, ভারত সরকার**
**davp 21201/11/0015/1920**

# গোলাঘাটিতে শহীদ দিবস পালন করল কৃষক সভা

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১১ অক্টোবর।।** ১৯৪৮ সালের ২৩ আশ্বিন বিশালগড়ের মহাজন হরি সাহার কাছে দাদন হিসেবে খাদ্য চেয়েছিল জম্পুইজলা, টাকারজজলা ও বাগমা এলাকার কৃষকরা। হরি সাহা ফন্দি করে কৃষকদের ডেকে নিয়ে আসেন গোলাঘাটি ভক্তঠাকুর ঘাটে। ঐখানে হরি সাহার নির্দেশে আগে থেকেই ওতপেতে বসে ছিল বিশালগড় থানার ওসি মিহির চৌধুরীর নেতৃত্বে পুলিশ বাহিনী। কৃষকরা ভক্তঠাকুর ঘাটের দিকে এগোতেই পুলিশ এলোপাথাড়ি গুলি চালানো শুরু করে। এতে ঘটনাস্থলে ১২ জন কৃষক মারা যান। আহত হন শতাধিক। এই ঘটনার প্রতিবাদে কৃষকসভা প্রতি বছর ২৩ আশ্বিন শহীদ দিবস পালন করে আসছে। বৃহস্পতিরবার বদ্ধভূমিতে ছিলেন প্রাক্তন মন্ত্রী নরেশ জমাতিয়া, এডিসির মুখ্য কার্যনির্বাহী সদস্য রাধা চরণ দেব্বর্মা, সন্তোষ দেব্বর্মা রমেন্দ্র দেববর্মা প্রমুখ।

# বিসর্জন

● প্রথম পাতার পর

ইচ্ছুক বলে আবেদন জানিয়েছে। তবে, কার্নিভাল শেষ না হওয়া পর্যন্ত বলা মুশকিল, কত ক্লাব এই উৎসবে অংশ নিয়েছে।

# নতুন

● প্রথম পাতার পর

ব্যবস্থা নেওয়া হলে দূষণের হাত থেকে রেহাই পাওয়া যাবে। এদিন তিনি, শারদীয়া দুর্গাপূজার শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন ত্রিপুরাবাসীকে।

# মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

চালু করবে।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে এবার ২,২৫৫টির বেশি দুর্গাপূজা হয়েছে। এর আগে এমন নথিবদ্ধ পূজার সংখ্যা ছিল ২,২০০-এর কাছাকাছি। তিনি বলেন, এবার গ্রামীণ এলাকায় পূজা অনেক বেড়েছে। এতে প্রমাণিত, গ্রামের মানুষ ভালো আছেন। মুখ্যমন্ত্রী আজ এই অনুষ্ঠানে অংশগ্রহণকারী সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, আগামী বছরগুলিতেও আমরা এমন অনুষ্ঠানের আয়োজন করবো।

# রাজ্যবাসীর

● প্রথম পাতার পর

দাম আরও বাড়বে কি না, এ-বিষয়ে এই মুহূর্তে কেউ কিছুই পারছেন না তাঁরা।

এদিকে, একই অবস্থা অন্যান্য সবজির দামেও। ফুলকপি এখন ১৫০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া বাঁধাকপি, বরবটি, মিষ্টি কুমড়ো, শশা, লাউ-সহ প্রতিটি সবজি কেজি প্রতি ৫০ থেকে ৬০ টাকা বেশি দামে বিক্রি হচ্ছে। এত কিছুর মধ্যেও আলুর মূল্য কিছুটা কম আছে। আগরতলার বাজারে প্রতি কেজি আলু ২০ টাকায় বিক্রি হচ্ছে।

# ভারতীয়

● প্রথম পাতার পর

চিন রাষ্ট্রপতিকে স্বাগত জানানো হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং চিন রাষ্ট্রপতি জিংপিং তামিলনাড়ুর এই ঐতিহাসিক বৈঠককে ঘিরে সমুদ্র উপকূল নগর মহাবালিপুরামে কোন পূর্বনির্ধারিত সূচি ছাড়া এই দু পক্ষের বৈঠক হবে। এই বৈঠকের বিশেষ করে দুদেশের সীমা ও শান্তি বজায় রাখার বিষয়ে আলোচনা হতে পারে। শনিবার প্রায় দুপুর দেড়টা নাগাদ রাষ্ট্রপতি শি জিংপিং নেপালের উদ্দেশ্যে রওনা হবেন।

# স্ত্রীকে

● প্রথম পাতার পর

অসময়ে বাপের বাড়ি থেকে টাকা আনার জন্য পারমিতাকে চাপ দিত বিশ্বজিত। কোন সময় অক্ষমতা দেখালে পারমিতার উপর নির্যাতনের মাত্রা আরও তীব্র হত। এভাবেই চলছিল পারমিতার জীবনের শেষ দুটি বছর। বৃহস্পতিবার রাতটি ছিল পারমিতার জীবনের শেষ রাত। স্বামী ও শ্বশুর-শাশুড়ির হাতে নৃশংসভাবে খুন হল সে।

পিতা সুভাষ ভট্টাচার্য অভিযোগ করেন, শ্বাসরুদ্ধ করে মারার পর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে পারমিতাকে। রাত সাড়ে এগারটার ঘটনা। খবর পেয়ে বাড়ির সকলে চলে যান হাসপাতালে। গিয়ে দেখেন মেয়ের নিথর দেহ পড়ে রয়েছে ট্রলিতে। কান্নায় ভেঙে পড়েন সবাই। খবর পেয়ে বিশালগড় হাসপাতালে ছুটে আসে পুলিশ। হাসপাতাল থেকেই স্বামী বিশ্বজিতকে আটক করে নিয়ে যায় বিশালগড় মহিলা থানার পুলিশ। শুক্রবার সকালে মৃতার বাবা সুভাষ ভট্টাচার্য, স্বামী বিশ্বজিত ভট্টাচার্য এবং শাশুড়ি সবিতা ভট্টাচার্যের নামে থানায় মামলা দায়ের করেন। অভিযুক্তদের ফাঁসির দাবি জানিয়েছেন পারমিতার বাপের বাড়ির লোকজন সহ জাঙ্গালিয়া এলাকাবাসী।

# পালাটানায়

● প্রথম পাতার পর

জনৈক আধিকারিকের কথায়, কোনও যন্ত্রাংশ খারাপ হলে ভেল খুলে না দিলে তাতে অন্য কেউ হাত দিতে পারে না। ফলে, ভেল-এর প্রকৌশলীদের জন্য আমাদের অপেক্ষা করতে হয়েছে। তাঁর বক্তব্য, ওই প্রকৌশলীরা আজ ইউনিটটি খুলে দেখছেন। সমস্ত কিছু পরীক্ষা-নিরীক্ষার পর জানা যাবে ঠিক কতটা সময় লাগবে সারাই হতে। তাঁর দাবি, সারাইয়ে বেশি সময় লাগার কথা নয়। কারণ, জেনারেটরে হয়ত কার্বন জমেছে। এমনটা হলে, খুব অল্প সময়ের মধ্যে সারাইয়ের কাজ সম্পন্ন হয়ে যাবে, আশাবাদী তিনি।

# স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান

আটের পাতার পর

আবরারের বাবা যে মামলা করেছে, তাতে যাদের নাম নেই কিন্তু জড়িত থাকলে তার বাইরে গিয়েও পুলিশ আটক করছে।বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে 'টর্চার সেল' রয়েছে কি না জানতে চাইলে মন্ত্রী বলেন, কতখানি টর্চার সেল আছে আমরা দেখব। আসলেই আছে কি না সেটা দেখার বিষয়।বিশ্ববিদ্যালয়ের র‍্যাগিং সংস্কৃতি প্রসঙ্গে মন্ত্রী বলেন, র‍্যাগিং সংস্কৃতি পুরোনো, বুয়েটে বেশি হয় এটা। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও হয়, খুলনা বিশ্ববিদ্যালয়েও হয়। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এমন তথ্য আসেনি। যারা ছাত্র রাজনীতির নেতৃত্ব দেন তাদের দায়িত্ব এসব দেখা। শুদ্ধি অভিযান প্রসঙ্গে আসাদুজ্জামান বলেন,এ বিষয়ে প্রধানমন্ত্রী পরিষ্কার করে বলেছেন। উনি তিনবারের মতো ক্ষমতায় আছেন। উনি (প্রধানমন্ত্রী) চাচ্ছেন রাষ্ট্রে সুশাসন প্রতিষ্ঠা করতে। আমাদের চ্যালেঞ্জ এখন রাষ্ট্রে সুশাসন প্রতিষ্ঠা করা। দেশের সুশাসন প্রতিষ্ঠায় যা যা করার দরকার তা করব। সেটি হোক টেন্ডারবাজি বা সন্ত্রাস নিয়ন্ত্রণ।তিনি আরও বলেন,যে শুদ্ধি অভিযান চলছে, এটি আগে থেকেই ছিল। তবে এখন মাত্রা ছাড়িয়েছে বলে সেটি আরও কঠোরভাবে অভিযান চলছে।

# মাদক সংক্রান্ত মামলা তদন্তে গাফিলতি, বরখাস্ত সাব ইন্সপেক্টর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ আগস্ট।।** মাদক সংক্রান্ত মামলায় তদন্তের গাফিলতির জন্য রাজ্য পুলিশের এক সাব ইন্সপেক্টরকে সাময়িক বরখাস্ত করেছে ত্রিপুরা পুলিশ। উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী কাঞ্চনপুর থানার সাব ইন্সপেক্টর মিকেইলা ডার্লংকে বরখাস্তের নির্দেশ জারি করেছেন। তাকে ধর্মনগরে পুলিশ লাইনে পাঠানো হয়েছে।

কাঞ্চনপুর থানার গত ১৬ ফেব্রুয়ারি থেকে ২৪ জুলাই পর্যন্ত মাদক সংক্রান্ত পাঁচটি মামলা দায়ের হয়েছে। ওই মামলাগুলির তদন্ত ভাড় কাঞ্চনপুর থানার সাব ইন্সপেক্টর মিকেইলা ডার্লংকে দেওয়া হয়েছিলো। কিন্তু তিনি তদন্তে গাফিলতি হয়েছে বলে প্রমাণ পেয়েছে রাজ্য পুলিশ। তাই তাকে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছিল। কিন্তু তিনি কারণ দর্শানোর নোটিশে কোনো জবাব দেননি।

উত্তর ত্রিপুরা জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানিয়েছেন, ওই পাঁচটি মামলায় কর্তব্যরত সাব ইন্সপেক্টর মিকেইলা ডার্লং তদন্ত করেননি। তাকে বার বার নির্দেশ দেওয়া সত্ত্বেও তিনি তদন্তে গাফিলতি করেছেন। তাই তাকে সাময়িক বরখাস্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উত্তর ত্রিপুরার জেলা পুলিশ সুপার জানিয়েছেন, শুক্রবার দুপুর থেকে মিকেইলা ডার্লংকে বরখাস্তের আদেশ কার্যকর হবে।

# প্রথমে কোহলির ম্যাজিক, বেলাশেষে বোলারদের দাপট, দ্বিতীয় দিনেই জয়ের গন্ধ পেল ভারত






মহানগর ওয়েবডেস্ক: প্রথমে বিরাট, রাহানে, জাদেজার ব্যাট হাতে ভেল্কি ও বেলাশেষে উমেশ, শামির গতির আগুন। দুইয়ের মিশেলে দ্বিতীয় টেস্টের দ্বিতীয় দিনের শেষেই জয়ের গন্ধ পেয়ে গেল ভারত। যে পিচে ভারতীয় ব্যাটসম্যানরা কামাল দেখালেন প্রায় দুই দিন ধরে, সেই পিচেই কেমন যেন ভারতীয় বোলিং একেবারে কেসি নাগের জটিল অঙ্ক হয়ে উঠল প্রোটিয়া ব্যাটসম্যানদের কাছে। সেই জটিল প্রশ্নের কোনও উত্তর তৈরিই ছিল ফাফ ডু”প্লেসির দলের। ফলে যা হওয়ার হল তাই। দ্বিতীয় দিনের শেষেই বিপাকে অতিথিরা। তৃতীয় দিন বড় জুটি না গড়তে পারলে হার বাঁচানো বেশ কঠিন হবে প্রোটিয়াদের।প্রথমদিন ৩ উইকেটের বিনিময়ে ২৭৩ রান করার পর দ্বিতীয় দিন সকালে ব্যাট করতে নামেন কোহলি ও অজিঙ্কা। পিচে হালকা ঘাস থাকায় শুরুর দিকে কিছুটা সহায়তা পাচ্ছিলেন রাবাডা, ফিল্যান্ডাররা। বল মোটামুটি কিপার পর্যন্ত ভালই ক্যারি করছিল। সেই কারণে শুরুতে কিছুক্ষণ বেশ বুঝে শুনেই খেলছিলেন দুই ভারতীয় তারকা।কিন্তু বেলা বাড়ার সঙ্গে সঙ্গে বল পুরনো হতেই একেবারে নির্বিষ হয়ে যান প্রোটিয়া বোলাররা। রাবাডা একা তাও একটু চেষ্টা করছিলেন ভারতীয় ব্যাটসম্যানদের বিপাকে ফেলতে। তবে তাতে লাভের লাভ কিছু হয়নি। হাফ সেঞ্চুরি করেন অজিঙ্কা রাহানে। তবে তারপর কেশব মহারাজের বলে আউট হয়ে ফিরে যান তিনি (৫৯)।এরপরেই শুরু হয় কোহলি ও জাদেজার জাদু। পুনেতে দ্বিতীয় দিন প্রথমে ১০০, তারপর ২০০ রান করার পর ২৫০ রানও করেন ভিকে। তাও একেবারে টি২০ মেজাজে। এটাই কোহলির টেস্টে প্রথম ২৫০ রান। একই সঙ্গে শচীনের টেস্টে সর্বোচ্চ ২৪৮ রানের মাইলস্টোনও ছাপিয়ে যান তিনি। ২০১৮ সালের ডিসেম্বর মাসে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্টে শতরান করার দশমাস পর এদিন সকালে ২৬তম টেস্ট শতরান করেন বিরাট। দুরন্ত রাবাডা, চাপ সৃষ্টিকরা আনরিখ বা ফিল্যান্ডারদের সামলে ২৬ তম টেস্ট শতক হাঁকান তিনি। রোহিত ওপেনার হিসেবে প্রথম টেস্টে জোড়া শতক হাঁকালেও, ভাইজ্যাকে সেইভাবে জ্বলে উঠতে পারেননি কিং কোহলি। ফলে কিছুটা চাপেই ছিলেন তিনি। তবে দ্বিতীয় টেস্টে রোহিত ফ্লপ হতেই জ্বলে উঠল তাঁর ব্যাট। গতকাল ধৈর্যশীল ১০৫ বলে ৬৩ রান করে অপরাজিত থাকার পর দ্বিতীয় দিনও বেশ সাবধানী ব্যাটিং করছিলেন কিং কোহলি। তিন অঙ্কের রানে পৌঁছনোর জন্য যে কতটা মরিয়া ছিলেন তিনি, তা তাঁর ব্যাটিং দেখলেই বোঝা যাচ্ছিল। অবশ্য দুইবার স্লিপে প্রায় ক্যাচ দিয়েই দিয়েছিলেন তিনি। ফলে আরও বেশি সাবধানী হয়ে যান। এমনকি শর্ট রানের ক্ষেত্রেও বেশ সাবধানী ছিলেন তিনি। অযথা ঝুঁকি একেবারেই নৈব নৈব চ। অবশেষে ফিল্যান্ডারকে স্ট্রেট ড্রাইভে চার মেরে ১৭৪ বলে শতরান পূর্ণ করেন তিনি।এদিন ১৫০ রানের গণ্ডি পেরনোর পরেই কোহলির সপ্তম দ্বিশতরানের আশায় বুক বাঁধতে শুরু করেছিলেন তাঁর ভক্তরা। সেই লক্ষ্যে খেলেন কোহলি নিজেও। শেষমেশ ১৪৪ তম ওভারে মুথুস্বামীর বলে দুই রান নিয়ে সপ্তম ডবল সেঞ্চুরি করেন ভিকে। একই সঙ্গে টেস্টে মোট রানের ভিত্তিতে টপকে যান ডন ব্র্যাডম্যানের রেকর্ড। পাশাপাশি টেস্টে ১৩৮টি ইনিংসে ৭০০০ রানের মাইলফলকে পৌঁছান তিনি।২০০ রান পূর্ণ করেই গিয়ার শিফট করেন ভারত অধিনায়ক। প্রোটিয়া স্পিনারদের ঠেঙিয়ে খুব অল্প সময়েই ২৫০ রান করে ফেলেন তিনি। একটা সময় ওভার প্রতি ১০ রান করে উঠল। মাঝে মাঝে টেস্ট খেলা না টি২০ খেলা হচ্ছে। কোহলির সঙ্গে সঙ্গে দুরন্ত ব্যাটিং করেন স্যার জাদেজাও। তবে ময়ঙ্ক ধরে রেখেছেন তাঁর ফর্ম।রোহিত আউট হওয়ার পর ময়ঙ্ক ও পূজারার পার্টনারশিপ ভারতকে বড় রানের পথে এগিয়ে নিয়ে যায়। ১৩৮ রানের পার্টনারশিপ হয় দুজনের। ৫৮ রান করে ফিরে যান পূজারা। এরপর বিরাট ময়ঙ্ক পার্টনারশিপকে অবশ্য বেশিক্ষণ উইকেটে থাকতে দেয়নি প্রোটিয়া বোলিং। ১০৮ রানে করে আউট হলেন ময়ঙ্ক। তবে অধিনায়ক হিসেবে ৫০ তম টেস্ট খেলেতে নামা বিরাট কিন্তু আরও একটা টেস্ট শতরানের ভীত তৈরি করে ফেলেছেন। প্রথম দিনের শেষে ৬৩ রানে অপরাজিত থেকে সাজ ঘরে ফিরেছেন। অধিনায়কের সঙ্গে আছেন সহ অধিনায়ক, রাহেন। প্রথম দিনের শেষে ভারতের রান ২৭৩/৩।প্রথম টেস্টে দাপুটে জয়ের পর দ্বিতীয় টেস্টের প্রথম দিনও চালকের আসনে বসে পরেছে ভারতীয় দল। প্রোটিয়া বোলিং শুক্রবার সকালে যদি ভারতীয় ব্যাটিংয়ে ধস নামাতে না পারে, তাহলে দ্বিতীয় টেস্ট থেকেও ক্রমশ দুরে সরে যেতে হবে তাদের।যদিও অল্পের জন্য সেঞ্চুরি মিস করেন তিনি। ৯১ রানে মুথুস্বামীর বলে ক্যাচ আউট হন জাদেজা। এরপরেই ৬০১/৫ রানে ইনিংস ডিক্লেয়ার করে দেন কোহলি। ২৫৪ রানে অপরাজিত থাকেন তিনি। দক্ষিণ আফ্রিকার বোলারদের মধ্যে ৩ উইকেট নেন রাবাডা। একটি করে উইকেট দুই স্পিনার মুথুস্বামী ও মহারাজের।এরপর ব্যাট করতে নেমে শুরুতেই ধস নামে দক্ষিণ আফ্রিকার ব্যাটিং লাইন আপে। প্রথম ধাক্কাটা দেন উমেশ যাদব। পরপর তিনি ফেরান দুই ওপেনার ডিন এলগার (৬) ও আইডেন মার্কামকে (০)। আসরে যোগ দেন মহম্মদ শামিও। তাঁর প্রথম বলেই কট বিহাইন্ড হন তেম্বা বাভুমা (৮)। শেষমেশ দ্বিতীয় দিনের শেষে দক্ষিণ আফ্রিকার স্কোর ৩৬/৩। ক্রিজে আছেন দে ব্রুইন (২০*) ও আনরিখ নর্থে (২*)। এখনও তারা ভারতের থেকে ৫৬৫ রানে পিছিয়ে।

# ব্রাজিলের হয়ে শততম ম্যাচ খেলতে নামার আগে নেইমার একশো নম্বর লেখা জার্সি পেলেন

ব্রাজিলের হয়ে তাঁর শততম ম্যাচ খেলতে নামার আগে ব্রাজিলের স্ট্রাইকার নেইমার তাঁর দেশ এবং তাঁর ক্লাব প্যারিস সেন্ট জারমেনের প্রতি তাঁর দায়বদ্ধতার কথা বললেন। বৃহস্পতিবার ভারতীয় সময় একটু বেশি রাতে ব্রাজিল এখানে সেনেগালের সঙ্গে একটি ফ্রেন্ডলি ম্যাচ খেলতে নামছে। এজন্য ব্রাজিল ফুটবল ফেডারেশন নেইমারকে একটি বিশেষ শার্ট দিয়েছে যেখানে শার্টের পিছনে প্রথা মাফিক দশ সংখ্যাটির বদলে একশো লেখা রয়েছে।গত গ্রীষ্মে প্যারিস সেন্ট জারমেন ছেড়ে বার্সিলোনায় ফিরে যেতে উঠে পড়ে লেগেছিলেন নেইমার। সেই নেইমার এবার বলেছেন, আমি আমার জাতীয় দল এবং ক্লাবকে নিয়ে যথেষ্ট সুখী। প্রত্যেকে জানে শেষ ট্রান্সফার উইন্ডোতে কি ঘটেছিল। আমার প্রাথমিক ইচ্ছে ছিল বার্সিলোনায় যাওয়া। কিন্তু এখন আমি খুশি এবং সেন্ট জারমেনে বেশ স্বস্তিতে আছি।নেইমার বলেছেন, এই মরশুমটা আমার খুবই ভাল শুরু হয়েছে। ক্লাবের জন্য আমি সবকিছু করতে প্রস্তুত। এর আগে পায়ের আঘাতের জন্য সেন্ট জারমেনের হয়ে বহু ম্যাচই খেলতে পারেননি নেইমার। কিন্তু এখন তিনি বলছেন, ক্লাবের জন্য একশো শতাংশ দেবেন যাতে বড় কিছু পাওয়া যায়।ব্রাজিলের হয়ে ৭৫টি ম্যাচ খেলা স্ট্রাইকার বেবেতো নেইমারের হাতে একশো সংখ্যা লেখা শার্টটি তুলে দেন। বেবেতো দুবার বিশ্বকাপ ফাইনাল খেলেছেন। যার মধ্যে ১৯৯৪ সালে চ্যাম্পিয়ন হন। শার্টটি হাতে পেয়ে নেইমার বলেছেন, এই নম্বরে পৌঁছতে পেরে আমি খুশি। ফলাফল খুবই ইতিবাচক। একজন ফুটবলারের জীবনে জেতাটাই সবকিছু নয় কারণ প্রচুর হতাশা, পরাজয় সেইসঙ্গে নিজে করা ভুলগুলিও থাকে।নেইমার ব্রাজিলের হয়ে এই পর্যন্ত ৯৯টি ম্যাচে ৬১টি গোল করেছেন। ব্রাজিলের হয়ে তিনি তৃতীয় সর্বোচ্চ গোলদাতা। রোনাল্ডোর থেকে মাত্র একটি গোল পিছনে রয়েছেন নেইমার। কিন্তু পেলেকে ধরার জন্য নেইমারের আরও ষোলোটি গোল দরকার। নেইমার যদিও ২০১৬ সালে রিও ডি জেনিরো অলিম্পিকে চ্যাম্পিয়ন হওয়ার জন্য সোনার পদক পেয়েছেন কিন্তু বিশ্বকাপে তাঁর অভিজ্ঞতায় রয়েছে প্রচুর হতাশা ও পরাজয়।

# তিনটি নয়, আটটি সংস্থা অংশ নিতে পারবে না বোর্ডের নির্বাচনে, জানিয়ে দিল সিওএ

বৃহস্পতিবার সংবাদ সংস্থা এএনআই সুত্রে খবর ছরিয়ে পরেছিল শ্রীনিবাসেনর তামিলনাড়ু সহ আরও দুটি রাজ্য সংস্থাকে এবারের বোর্ডের বার্ষিক সাধারণ সভায় অংশ নিতে দেবে না সুপ্রিম কোর্ট নিযুক্ত প্রশাসক গোষ্ঠী। সেটাই ঘোষণা করে দিল সিওএ। তবে তিন নয়, বিনোদ রাইদের সংস্থা জানিয়েছে দেশের আটটি সংস্থা বোর্ডের বার্ষিক সাধারণ সভায় অংশ নিতে পারেব না। এই আটটি সংস্থার মধ্যে আছে তিনটি সরকার সংস্থা ও পাঁচটি রাজ্য সংস্থা। ২৩ তারিখ মুম্বাইতে হবে বোর্ডের বার্ষিক সাধারণ সভা।তামিলনাড়ু, মহারাষ্ট্র, হরিয়ানা, উত্তর প্রদেশ, মণিপুর রাজ্য সংস্থা এবং সার্ভিসেস, বিশ্ববিদ্যালয় ও রেলকে বোর্ডের সভায় অংশ নিতে দেওয়া হবে না বলে জাননো হয়েছে। এই সব সংস্থার বিরুদ্ধে একটাই অভিযোগ। তারা লোধা কমিশনের সুপারিশ অনুয়ায়ী নিজেদের গঠনতন্ত্রে রদবদল করেননি। তাই এই আট সংস্থাকে বাদি দিয়েই হবে বোর্ডের বার্ষিক সাধারণ সভা। ৩৮ সংস্থার বোর্ডে এবার অংশ নেবে ৩০টি সংস্থা।বাংলার হয়ে বোর্ডের বার্ষিক সাধারাণ সভায় অংশ নিতে চলেছেন সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়। হায়দরাবাদের হয়ে যাচ্ছেন আরেক প্রাক্তন ভারত অধিনায়ক মহম্মদ আজহারউদ্দীন। দিল্লির হয়ে যাচ্ছেন সাংবাদিক রজত শর্মা। কিন্তু ২৩ তারিখ কি বোর্ডের বার্ষিক সাধারণ সভা হবে? কারণ যে আট সংস্থাকে বাদ দেওয়া হল তাদের মধ্যে শ্রীনির তামিলনাড়ু, হরিয়ানা ও মহারাষ্ট্র আদালতে যাওয়ার হুমকি দিয়েছে। বোর্ডের বার্ষিক সাধারণ সভায় গঠন করা হবে নতুন পরিচালন কমিটি। সেদিনের পরই শেষ হবে সিওএ”র কার্যকাল।

# ৯ গোলে জিতে ইউরোর টিকিট বেলজিয়ামের

২০২০ ইউরো কাপের জন্য প্রথম দল হিসেবে যোগ্যতা অর্জন করল বেলজিয়াম। বৃহস্পতিবার রাতে ব্রাসেলসে যোগ্যতা অর্জনকারী ম্যাচে তাঁরা ৯-০ গোলে চুর্ণ করল সান মারিনোকে। গত বছরই রাশিয়া বিশ্বকাপে বেলজিয়াম তৃতীয় স্থান দখল করে বিশ্বকে চমকে দিয়েছিল। এই মুহূর্তে বেলজিয়াম ফিফা ক্রম পর্যায়ে এক নম্বরে রয়েছে। ফলে তাঁরা যে ইউরো কাপে কোয়ালিফাই করবে সেটা সকলেই জানতেন। কিন্তু ৯ গোলের ব্যবধানে জয়? সকলকে অবাক করে সান মারিনোকে গোলের মালা পড়িয়ে ইউরোর টিকিট যোগার করে নিলেন রবার্টো মার্তিনেজের দল। আর বিশ্বকাপে পারেননি তাই ইউরোপ জয় করতে বধ্য পরিকর বেলজিয়াম। আগামী বছর ১২ জুন থেকে ১২ জুলাই পর্যন্ত একমাস ধরে চলবে ইউরোপ সেরাদের যুদ্ধ। এদিন ব্রাসেলসে রোমালু লুকাকু জোড়া গোল করলেন, সেইসঙ্গে দেশের হয়ে নিজের ৫০তম গোলও করে ফেললেন। পাশাপাশি বেলজিয়ামের হাফ ডজন ফুটবলার গোল পেয়েছেন এদিন। সাত ম্যাচ জিতে আই গ্রুপের শীর্ষে থেকেই প্রথম দেশ হিসেবে যোগ্যতা অর্জন করে নিল ২০২০ ইউরো কাপে।

# স্ত্রীর হাতে চড় খেলেন স্টোকস!

কারণে-অকারণে সংবাদের শিরোনাম হন ইংল্যান্ডের তারকা ক্রিকেটার বেন স্টোকস। ফের খবরে এলেন তিনি। চাউর হয়েছে, স্ত্রীর হাতে চড় খেয়েছেন ইংলিশ অলরাউন্ডার।সমালোচকদের একহাত নিয়েছেন ক্ল্যারে। এক টুইটবার্তায় তিনি বলেন, গর্দভ লোকেরা এটা কি বানিয়েছে? দেখেই বিশ্বাস হচ্ছে না। আমি আর বেন প্রায়ই এভাবে একজন অপরজনের মুখ চেপে ধরি। এটা আমাদের ভালোবাসা। অথচ পাপারাজ্জিরা এটাকে উদ্ভট গল্প বানিয়ে ছাড়ল। এ ঘটনার ২০ মিনিট পরই আমরা রোমান্টিক মুডে ম্যাকডোনাল্ডসে খেতে গিয়েছিলাম।সম্প্রতি এক অ্যাওয়ার্ড অনুষ্ঠানে স্ত্রীকে নিয়ে হাজির হয়েছিলেন স্টোকস। সেই অনুষ্ঠানে ক্ল্যারের মেজাজ হারানো নিয়ে বিতর্ক সৃষ্টি হয়। ছিল স্ত্রীর হাত।

# ভারতীয় শিবিরে ধাক্কা, গোঁড়ালির চোটে বাংলাদেশ ম্যাচে নেই ঝিঙ্গান

গুয়াহাটি: মঙ্গলবার বিশ্বকাপের যোগ্যতা নির্ণায়ক পর্বের গুরুত্বপূর্ণ ম্যাচে মাঠে নামার আগে ভারতীয় শিবিরে ধাক্কা। গোঁড়ালিতে চোটের কারণে বাংলাদেশের বিরুদ্ধে ম্যাচে ছিটকে গেলেন সেন্টার-ব্যাক সন্দেশ ঝিঙ্গান। বুধবার আইএসএল ফ্র্যাঞ্চাইজি দল নর্থ-ইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে গোঁড়ালিতে চোট পেয়েছিলেন ঝিঙ্গান। আর সেই চোটের কারণেই কোয়ালিফায়ারের তৃতীয় ম্যাচে ঝিঙ্গানকে ছাড়াই মাঠে একাদশ সাজাতে হবে ইগর স্টিম্যাচকে।সেপ্টেম্বরে দোহার মাটিতে এশিয়া চ্যাম্পিয়ন কাতারের বিরুদ্ধে অমিমাংসিত ম্যাচে দলের রক্ষণকে সামনে থেকে নেতৃত্ব দিয়েছিলেন সেন্টার ব্যাক ঝিঙ্গান। দস্তানা হাতে দুর্গের শেষ প্রহরী গুরপ্রীত সান্ধুর পাশাপাশি দক্ষতাকে শীর্ষে নিয়ে গিয়ে পারফরম্যান্স করেছিলেন কেরালা ব্লাস্টার্সের এই ডিফেন্ডার। স্বাভাবিকভাবেই সবকিছু ঠিকঠাক থাকলে ঘরের মাঠে বাংলাদেশের বিরুদ্ধে ঝিঙ্গানকে বাড়তি দায়িত্ব আরোপ করতেন দলের ক্রোয়েশিয়ান কোচ।ঝিঙ্গানের আগেই চোটের তালিকায় নাম লিখিয়েছিলেন ডিফেন্সিভ মিডফিল্ডার প্রণয় হালদার ও রাইট-ব্যাক রাহুল ভেকে। তাই ঝিঙ্গান ছিটকে যাওয়ায় নিশ্চিতিভাবেই বাংলাদেশের বিরুদ্ধে প্রাথমিক স্ট্র্যাটেজিতে বদল আনতে হবে স্টিম্যাচকে। বৃহস্পতিবার নিজেদের টুইটার হ্যান্ডেলে চোট পেয়ে সন্দেশ ঝিঙ্গানের ছিটকে যাওয়ার বিষয়টি নিশ্চিত করে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন। উল্লেখ্য, বুধবার প্রস্তুতি ম্যাচে নর্থ-ইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে ১-১ ড্র করে ভারতীয় দল।এআইএফএফ”র টুইটারে জানানো হয়, ”নর্থ-ইস্ট ইউনাইটেড এফসি”র বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে চোটের কারণে বাংলাদেশের বিরুদ্ধে বিশ্বকাপের যোগ্যতা নির্ণায়ক পর্বের ম্যাচ থেকে ছিটকে গেলেন সন্দেশ ঝিঙ্গান। আমরা তাঁর দ্রুত আরোগ্য কামনা করি।” ঝিঙ্গান-ভেকে-প্রণয়দের ছাড়া বাংলাদেশ ম্যাচে স্টিম্যাচের কাছে রিজার্ভ বেঞ্চকে দেখে নেওয়ার সুবর্ণ সুযোগ।গুয়াহাটিতে ১০ দিনের প্রস্তুতি শিবির শেষে বাংলাদেশ ম্যাচ খেলতে রবিবার কলকাতা পৌঁছবে ভারতীয় দল। উল্লেখ্য, ফিফা র‍্যাংকিংয়ে ৮৩ ধাপ এগিয়ে থেকে সদ্য-প্রকাশিত বাংলাদেশের (১৮৭) বিরুদ্ধে মাঠে নামতে চলেছে ব্লু-টাইগার্সরা।

# সপ্তম দ্বিশতরান করে শচীন- সেওয়াগকে টপকে গেলেন বিরাট কোহলি

এই মুহূর্তে ভারতের মাটিতে চলছে ভারত বনাম সাউথ আফ্রিকা টেস্ট সিরিজ। কিন্তু এই সিরিজ এর আগেও ভারত চলতি বছরে আরও তিনটি সিরিজ খেলেছেন। তবে এই চলতি বছরে অনেকগুলি টেস্ট ম্যাচ খেলা সত্ত্বেও ভারত অধিনায়ক বিরাট কোহলির অধরা ছিল সেঞ্চুরি। আর দক্ষিণ আফ্রিকা সিরিজের দ্বিতীয় টেস্টের দ্বিতীয় দিনে সেঞ্চুরি করলেন বিরাট কোহলি। তবে তিনি শুধু সেঞ্চুরি করেই সন্তুষ্ট থাকেন নি, তিনি তার সেঞ্চুরিকে ডবল সেঞ্চুরিতে পরিণত করলেন।ডবল সেঞ্চুরির দিক দিয়ে বিচার করলে এতদিন পর্যন্ত ভারতীয় ব্যাটসম্যানদের মধ্যে শচীন টেন্ডুলকার, বীরেন্দ্র সেওয়াগের সাথে একই সারিতে ছিলেন বর্তমান ভারত অধিনায়ক বিরাট কোহলি। কিন্তু আজ এই ডবল সেঞ্চুরির সাথে সাথে কেরিয়ারের সপ্তম ডবল সেঞ্চুরি করে শচীন, সেওয়াগকে পিছনে ফেলে দিলেন বিরাট কোহলি।এই মুহূর্তে ডবল সেঞ্চুরির দিক দিয়ে বিচার করলে ভারতীয় ব্যাটসম্যানদের মধ্যে শীর্ষে রয়েছেন বিরাট কোহলি। এই মুহূর্তে ডবল সেঞ্চুরির নিরিখে বিরাটের সামনে রয়েছে কিংবদন্তি ব্রায়ান লারা (৯), কুমার সাঙ্গাকারা (১১) এবং স্যার ডন ব্র্যাডম্যান (১২)।

# দেবীপক্ষে ”আজাদি”, তেহরানের স্টেডিয়ামে প্রথমবার ম্যাচ দেখলেন ইরানি মহিলারা

তেহরান: দুই বাঙালি ও এক ইতিহাসের রাত। ইতিহাস দেবীপক্ষে আজাদির। পর্দার আড়াল সরিয়ে ৩৮ বছর পর ফের ইরানের মাঠে মহিলা সমর্থকরা। স্টেডিয়ামের নাম আজাদি। কম্বোডিয়ার বিরুদ্ধে ইরানের ১৪ গোলের ম্যাচ খেলালেন চার ভারতীয়। তাঁদের মধ্যে দু”জনই আবার বাংলার।মেয়েটার নাম সহর খোদায়ারি। অপরাধ, এই বছরের মার্চ মাসে সরকারি ফরমানকে তোয়াক্কা না করে ২৯ বছরের ইংরেজির স্নাতক মাঠে গিয়েছিলেন প্রিয় দলের খেলা দেখতে। আজাদি স্টেডিয়ামেই এএফসি চ্যাম্পিয়ন্স লিগের সেই ম্যাচে পুলিশের হাতে ধরা পড়েন সহর। ছ”মাসের জেল হয়। কারাদন্ড এড়াতে আত্মঘাতী হন সহর। প্রতিবাদের ঝড় ওঠে সোশ্যাল মিডিয়ায়। গণ আন্দোলনে চাপ বাড়ে ইরান সরকারের উপর। শেষ পর্যন্ত ফিফার নির্দেশে মহিলাদের মাঠে খেলা দেখার উপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিতে বাধ্য হয় ইরানের ফুটবল সংস্থা। এরপর দশ অক্টোবর.... এটাই তেহরানের রাস্তা।প্রাক বিশ্বকাপের ম্যাচে কম্বোডিয়ার বিরুদ্ধে ১৪ গোলের রাত। মাঠে ইরানের ছেলেরা। আর স্টেডিয়ামে ইরানের মেয়েরা। চল্লিশ হাজারের স্টেডিয়ামে তাঁদের সংখ্যাই প্রায় ৩৫ হাজার। এই ম্যাচ থেকে ভারতের প্রাপ্তি দুই বঙ্গ সন্তান। রেফারি আগরপাড়ার প্রাঞ্জল বন্দ্যোপাধ্যায়। সঙ্গী অসিত সরকার। ছিলেন আরও দুই ভারতীয়। যাঁদের মধ্যে পরিচিত মুখ সিআর শ্রীকৃষ্ণ।আটতিরিশ বছরের ফতোয়া। দেবীপক্ষেই এল আজাদি। সেই আজাদি স্টেডিয়ামে, যেখানে সাত মাস আগে এক মেয়ে জীবন দিয়েছিলেন দেশের ফুটবল পাগল মহিলাদের জন্য। এ-ও তো এক আজাদি।

Appx ‘A’

**MILITARY ENGINEER SERVICES : APPX ‘A’ TO INVITATION OF REGISTRATION AS SUPPLIER**

Application of invitation of suppliers and job work for registration of firm under AGE(I) Agartala wef validity of registration for new enlistment will be for two years whereas for renewal of enlistment it will be for one year and application collection to this office in working days/time. Last date of application submitted on 21 Oct 2019.

**(Amreen Malik)**
**Capt**
**AGE (I) Agartala**

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 10/EE/SNM/ PWD/2019-20, Dated:-03/10/2019.**

percentage rate e-tender are invited on behalf of the ‘Governme4nt Tripura “ from enlisted Contractors/Firms/ Agencies/Manufacturers/Bonofide Suppliers/Tripura PWD/ TTAADC in appropriate class and from the contractors registered in the appropriate class of DIES Railway ,cPWD and other state PWD, in PWD FORM No.7(seven) upto 3.00PM on 29/10/2019

| Sl No. | Name of the work | Estimated Cost | Earnest Money | Time For Completion | Time For Completion |
|---|---|---|---|---|---|
| 1. | DNIT No. 15/EE/SNM/ PWD/2019-20 | 19,41,747/ | 19,417/ | 6(Six) months | Rs. 1000/ |
| 2. | DNIT No. 17/EE/SNM/ PWD/2019-20 | 14,54,510/ | 14,545/ | 6(Six) months | |
| 3. | DNIT No. 20/EE/SNM/ PWD/2019-20 | 14,53,078/ | 14,530/ | 4(four) months | |
| 4. | DNIT No. 21/EE/SNM/ PWD/2019-20 | 24,11,252/ | 24,113/ | 3(three) months | |

Last date of downloading bid document and online bidding is 29/10/2019 upto 15.00HRS At details for clarification will be available in the office of the undersigned during office hour f m 03/10/2019 to 29/10/2019

ICA/C-1305/19

**(Er. N. Chakma)**
**Executive Engineer**
**Sonamura Division, PWD (R&B)**
**Sepahijala, Tripura.**

PRESS NOTICE INVITING E-TENDER NO: 10/EE/MNP/PWD(R&B)/2019-20 Dated: 01/10/2019

The Executive Engineer, Mohanpur Division, PWD(R&B), Mohanpur, West Tripura invites item rate e-tender on behalf of the 'Governor of Tripura' from the registered manufacturers of Bailey Bridge components of different spans of Central & State Govt. undertaking / Private Sector registered manufacturers up to 3.00 P.M. on 30/10/2019 for the following work:

| Sl No | Name of the work | Estimated cost | Earnest Money | Time for completion | Last date and time for document downloading and bidding | Time and date of opening of bid | Document down-loading and biding at application | Class of Bidder |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Replacement of SPT bridge by steel Bailey Bridge near Mohanpur market over River Sonai on Mohanpur Simna road / SH:- Supplying of 1(one) no Bailey Bridge of 200-00" ft long span, IRC class 24-R loading standard having carriage width 3.27m complete with antiskid steel decking and appropriate type of bearing etc. including loading, unloading & transportation etc. (Job No-TP/COM/65/2018-19). **DNIET No: 07/R/DNIET/SE-IV/PWD(R&B)/ 2019-20** | Rs. 1,41,09,992.00 | Rs. 1,41,100.00 | 15(Fifteen) Months | Upto 15.00 Hrs on 30/10/2019 | At 15.00 Hrs on 01/11/2019 | https:tripuratenders.gov.in. | Appropriate Class |

Eligible bidders shall participate in bidding only in online through website https:// tripuratenders.gov.in. Bidders are allowed to bid 24x7 until the time of Bid closing, with option for Re-Submission, wherein only their latest submitted Bid would be considered for evaluation. The e Procurement website will not allow any Bidder to attempt bidding, after the scheduled date and time. Submission of bids physically is not permitted.

ICA/C-1309/19

**Er. Nihar Rn. Debbarma**
**Designation :- Executive Engineer**
**Mohanpur Division, PWD(R&B),**
**Mohanpur, West Tripura.**

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 08/EE/CCD/PWD/2019-20.**

The Executive Engineer, Capital Complex Division, PWD(R&B), Agartala, West Tripura invites on behalf of the ‘Governor of Tripura’ percentage rate e-tender from the Central & State public sector undertaking / enterprise and eligible Bidders /Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other State FWD **up to** 3.00 P.M. on **21-10-2019** for the following work:-

| Sl No | Name of the work | Estimated cost | Earnest Money | Time of Completion | Last date & time for document down-loading and bidding | Time and date of opening of bid | Document down-loading and bidding at application | Class of bidder |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Construction of internal CC road under capital complex area, starting from security barrack to quarter No-Type VI/10 (Length =170.00 mtr) under Capital Complex Division during the year 2019-20. DNIT No. 01/DNIT/EE/CCD/201920 | Rs. 7,46,446.00 | Rs. 7464.00 | 60 (Sixty) Days | Upto 15.00 Hrs on 21/10/2019 | At 12.00 Hrs on 22/10/2019 | http:// tripuratgenders .gov.in | Appropriate Class |

Eligible bidders shall participate in bidding only in online through website https:// tripuratnders.gov.in. Bidders are allowed to bid 24x7 until the time of Bid closing, with option for Re-Submission, wherein only their latest submitted Bid would be considered for evaluation. The e-Procurement website will not allow any Bidder to attempt bidding, after the scheduled date and time. Submission of bids physically is not permitted.

**Note: *NO NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST**

ICA/C-1300/19

**(Er. P.S. Datta Muhuri)**
**Executive Engineer**
**Capital Complex Division, PWD (R&B)**
**Agartala, West Tripura.**

CMYK

জাগরণ 12 October, 2019, Satarday আগরতলা, ১২ অক্টোবর, ২০১৯ ইং, ■ ২৪ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ, শনিবার
■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2018- 2019





মরনিতে রাষ্ট্রপতি ভবনে ভারতের উপরাষ্ট্রপতি ভেঙ্কাইয়া নাইডুকে গার্ড অব অনার দেওয়া হয়। ছবি- পিআইবি।

# শহিদের নামে বামেদের রাজনীতির প্রতিবাদে বিজেপির মিছিল

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১১ অক্টোবর ।।** শহিদের নাম দিয়ে দীর্ঘ ২৫ বছরের বামেদের রাজনীতি করার প্রতিবাদে এক বিক্ষোভ মিছিল সংগঠিত করলো বিজেপি সমর্থীত কর্মীরা। শুক্রবার বিকেল ৪টা ৩০ মিনিট নাগাদ দক্ষিম ত্রিপুরার শান্তির বাজার মহকুমার অন্তর্গত বীরচন্দ্র নগর শক্তিকেন্দ্র অফিস প্রাঙ্গণ থেকে এই বিক্ষোভ মিছিল শুরু হয়। ৩৬ শঅন্তির বাজার মন্ডল বিজেপি কর্তৃক আয়োজিত আজকের এই বিক্ষোভ মিছিলে গেরুয়া ঝান্ডা নিয়ে সকলের সঙ্গে কিছু সংখ্যক শহিদ পরিবারের ছেলেরোও মিছিলে অংশগ্রহণ করেন। আজকের এই বিক্ষোভ মিছিলের নেতৃত্ব দেন বিজেপির দক্ষিণ জেলার সাধারণ সম্পাদক শ্যামলাল দেবনাথ, বিজেপির দক্ষিণ জেলার সদস্য ডাক্তার নিলয় রতন সুর, বিজেপির দক্ষিণ জেলার এসটি মোর্চার জেন্যারেল সেক্রেটারি মন্তু মগ ও অন্যান্য নেতৃত্ববৃন্দ। এই বিক্ষোভ মিছিল সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে জানাতেগিয়ে বিজেপির দক্ষিণ জেলার সাধারণ সম্পাদক শ্যামলাল দেবনাথ জানান বিগত জোট আমলে ফুটবল খেলাকে কেন্দ্র করে জনরোষে শ্রীদাম পালের দেহরক্ষীর হাতে খুনহয় কিছু সংখ্যক লোক। এই জনরোষের হত্যাকান্ডকে বিভ্রান্তিকর রূপ দিয়ে বিগত ২৫ বছর শহিদের নামধারিয়ে রাজনীতি করে আসছে সিপিআইএম সমর্থীত কর্মীরা। আগামীকাল ১২ অক্টোবর পুনরায় রাজ্যে শান্তিশৃঙ্খলা নষ্ট করার জন্য সিপিআইএম শহিদ দিবস পালন করতে যাচ্ছে। সিপিআইএম-এর এই ধরনের শান্তি শৃঙ্খলা নষ্ট করার প্রয়াসকে ব্যর্থকরতে বিজেপি সমর্থীত কর্মীরা একত্রিত হয়ে এক বিক্ষোভ মিছিলে একত্রিত হন। মিছিলটি বীবচন্দ্র নগর শক্তিকেন্দ্র থেকে শুরু হয়ে বিচন্দ্রনগর বাজারের বিভিন্ন পথ অতিক্রান্ত করে বাজারে এসে শেষ হয়। মিছিল শেষে সকলে এক পথসভায় মিলিত হয়।

# ভারত ছাড় আন্দোলনের হিরো জয়প্রকাশ নারায়ণের জন্মদিনে শ্রদ্ধার্ঘ্য মমতার

কলকাতা, ১১ অক্টোবর (হি.স) : আজ ১১ অক্টোবর, ভারত ছাড়োআন্দোলনের অন্যতম নেতা জয়প্রকাশ নারায়ণের ১১৮ তম জন্মবার্ষিকী। শুক্রবার এই বিশেষ দিনে তাঁকে শ্রদ্ধার্ঘ্য জানান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন টুইটের মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন মুখ্যমন্ত্রী।
এদিন টুইটে মুখ্যমন্ত্রী লেখেন, 'জয়প্রকাশ নারায়ণ জি-র জন্মদিবসে জানাই শ্রদ্ধার্ঘ্য।' জেপি বা লোক নায়েক ( জনসাধারণের নেতা হিন্দি) জয়প্রকাশ নারায়ণ ছিলেন ভারত ছাড়ো আন্দোলনের অন্যতম নায়ক। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামী ছাড়াও তিনি ছিলেন একাধারে তাত্ত্বিক, সমাজতান্ত্রিক এবং রাজনৈতিক নেতা। ১৯৭০ এর দশকের মাঝামাঝি, প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে, বিরোধী দলের নেতৃত্বের জন্যও তিনি বিশেষভাবে স্মরণীয়। সেই সময় ইন্দিরা গান্ধীর প্রবর্তিত জরুরী অবস্থার উচ্ছেদ করার জন্য তিনি "সমগ্র বিপ্লব"(ঠ্ঠদ্রঞ্চথন ন্ত্রস্তুদ্রনঞ্ছদ্রদ্র) করেছিলেন। পাবলিক সার্ভিসের জন্য, ১৯৬৫ সালে তিনি ম্যাগসেসে পুরস্কার পান । পরবর্তীতে স্বাধীনতা সংগ্রামে তাঁর অসামান্য কৃতিত্বের জন্য, ১৯৯৯ সালে, তাঁর মৃত্যুর স্বীকৃতিস্বরূপ, তাঁকে মরণোত্তরভাবে "ভারত রত্ন" সন্মাননা প্রদান করে ভারত সরকার।

# এয়ারসেল-ম্যাক্সিস মামলা : পি চিদম্বরম ও কার্তিকে নোটিশ দিল্লি হাইকোর্টের, ২৯ নভেম্বর পরবর্তী শুনানি

নয়াদিল্লি, ১১ অক্টোবর (হি.স.): এয়ারসেল-ম্যাক্সিস মামলায় সম্প্রতি জামিন মঞ্জুর হয়েছে প্রবীণ কংগ্রেস নেতা তথা প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী পালানিয়াপ্পন চিদম্বরম এবং তাঁর ছেলে কার্তি চিদম্বরমেরঊ কিন্তু, পি চিদম্বরম ও তাঁর ছেলের জামিনের বিরোধিতা করে দিল্লি হাইকোর্টের দ্বারস্থ হয়েছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)ঊ ইডি-র আবেদনের প্রেক্ষিতে শুক্রবার পি চিদম্বরম ও তাঁর ছেলে কার্তিকে নোটিশ পাঠাল দিল্লি হাইকোর্টঊ আগামী ২৯ নভেম্বর দিল্লি হাইকোর্টে পরবর্তী শুনানি, ২৯ নভেম্বরের মধ্যেই পি চিদম্বরম ও কার্তিকে জবাবদিহি করতে বলা হয়েছেঊ শুক্রবার দিল্লি হাইকোর্টের বিচারপতি সুরেশ কুমার কাইত এই নির্দেশ দিয়েছেন। এদিকে, আইএনএক্স মিডিয়া (সিবিআই) মামলায় এই মুহূর্তে তিহাড় জেলে বন্দি রয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা পি চিদম্বরমঊ এবার পি চিদম্বরমকে পেশ করার জন্য দিল্লির বিশেষ আদালতের দ্বারস্থ হল এনফোর্সমেন্ট ডিরেক্টরেটঊ ইডি-র আবেদনের প্রেক্ষিতে আগামী ১৪ অক্টোবর বিকেল তিনটে নাগাদ পি চিদম্বরমকে পেশ করার জন্য নির্দেশ দিয়েছে দিল্লির বিশেষ আদালতঊ প্রসঙ্গত, সিবিআই-এর পাশাপাশি আইএনএক্স মিডিয়া মামলার তদন্ত করছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেটও।

# চৌধুরী সুগার মিল মামলা : গ্রেফতার প্রাক্তন পাক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ

লাহোর, ১১ অক্টোবর (হি.স.): চৌধুরী সুগার মিল মামলায় পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী তথা পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজ (পিএমএল-এন) সুপ্রিমো নওয়াজ শরিফকে গ্রেফতার করল ন্যাশনাল অ্যাকাউন্টেবিলিটি ব্যুরো (এনবিএ)ঊ গ্রেফতার করার পর শুক্রবার লাহোরের অ্যাকাউন্টেবিলিটি আদালতে তোলা হয় প্রাক্তন পাক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফকেঊ চৌধুরী সুগার মিলস মামলায় নওয়াজ শরিফকে হেফাজতে নেওয়ার আবেদন জানিয়েছে এনবিএ। এনবিএ-র পক্ষ থেকে জানানো হয়েছে, চৌধুরী সুগার মিলের শেয়ার কেনার জন্য অর্থ তছরুপ করেছিলেন অভিযুক্ত নওয়াজ শরিফঊ প্রসঙ্গত, চৌধুরী সুগার মিল মামলায় গত ৮ আগস্ট নওয়াজ শরিফ কন্যা মারিয়াম নওয়াজ শরিফকে গ্রেফতার করেছিল এনবিএঊ মারিয়াম এই মুহূর্তে বিচার বিভাগীয় হেফাজতে রয়েছেন। এবার গ্রেফতার করা হল নওয়াজ শরিফকেও।

## ডিমডিমা চা বাগানে হাতির তাণ্ডবে ক্ষতিগ্রস্ত তিনটি শ্রমিক আবাস

বীরপাড়া, ১১ অক্টোবর (হি.স.) আলিপুরদুয়ারের বীরপাড়া থানার অন্তর্গত ডিমডিমা চা বাগানের হাতির তাণ্ডবে ক্ষতিগ্রস্ত তিনটি শ্রমিক আবাস। বৃহস্পতিবার রাত ১২টা নাগাদ একটি হাতি দলগাঁও জঙ্গল থেকে বেরিয়ে ডিমডিমা চা বাগানের ডাউন লাইনে ঢুকে তাণ্ডব চালায়। হাতিটি সেখানে পরপর তিনটি শ্রমিক আবাস ভেঙে চাল-আটা সাবাড় করে। রাতেই দলগাঁও বনদফতরে খবর দেওয়া হয়। দলগাঁও বনদফতরের বিট অফিসার প্রীতম রায় জানান, একদল বুনোহাতি নরসিংপুরের দিকে চলে যায়। খবর পেয়ে বনকর্মীরা সেখানে গিয়ে হাতিগুলিকে জঙ্গলে ঢুকিয়ে দেন।

## সৌদি আরবে সশস্ত্র বাহিনীর বিভিন্ন পদে নিয়োগ করা হবে মহিলাদের

আবুধাবি, ১১ অক্টোবর (হি. স.) : এই প্রথম সৌদি আরবের সশস্ত্র বাহিনীর বিভিন্ন পদে মহিলাদের নিয়োগ করা হবে।
সৌদির প্রতিরক্ষা মন্ত্রক সূত্রের খবর যুবরাজ মোহাম্মদ বিন সালমানের 'ভিশন ২০৩০' নামের সংস্কার কর্মসূচির আওতায় এই উদ্যোগ নেওয়া হয়েছে। এখন থেকে সেনাহিনীর বিভিন্ন শাখায় কনস্টেবল থেকে শীর্ষ পর্যায়ের কর্মকর্তা হিসেবে যোগ দিতে পারবেন মেয়েরা।
চরম রক্ষণশীল দেশের এই ঘোষণায় সাড়া পড়ে গেছে সোশ্যাল মিডিয়ায়। অনেকেই মনে করছেন দেশের অর্থনৈতিক ও সামাজিক অবস্থা শোধরানোর চেষ্টা চলছে বহু দিন ধরেই। তারই একটা পদক্ষেপ হিসেবে এই ঘোষণার করা হয়েছে বলে মনে করা হচ্ছে। গত বছর সৌদি সরকার দেশের নিরাপত্তা বাহিনীর মাদক-বিরোধী দফতর, অপরাধ তদন্ত এবং জেলের সুপারভিশনের মতো প্রশাসনিক শাখায় কাজের সুযোগ দিয়েছিল মেয়েদের। তার পরে আরও এক ধাপ এগোল পরিস্থিতি। অন্যদিকে, দিন কয়েক আগেই সৌদি সরকার ঘোষণা করেছিল, বিবাহ-সম্পর্ক ছাড়াও সৌদি আরবের হোটেলে একসঙ্গে থাকতে পারবেন বিদেশি নারী ও পুরুষ পর্যটকেরা। কট্টর ইসলামপন্থী দেশে এই ব্যাপারটি এত দিন নিষিদ্ধ ছিল। কারণ সেখানে 'বিবাহবহির্ভূত সম্পর্ক' নিষিদ্ধ। কিন্তু এবার পর্যটকদের টানতে নতুন সুবিধা চালু করা হয়েছে বলে জানা গেছে। কারণ অর্থনীতিকে আরও শক্ত করতে শুধু তেলের উপর নির্ভর করা যথেষ্ট নয়। প্রয়োজন পর্যটনও।

## প্রয়াত প্রখ্যাত সেক্সফোনিস্ট কাদরি গোপালনাথ, ম্যাঙ্গালুরুর হাসপাতালে জীবনাবসান

ম্যাঙ্গালুরু, ১১ অক্টোবর (হি.স.): সাতসকালেই দুঃসংবাদ! প্রয়াত হলেন প্রখ্যাত সেক্সফোনিস্ট এবং পদ্মশ্রী পুরস্কার প্রাপ্ত কাদরি গোপালনাথ। শুক্রবার ভোরে কর্ণাটকের ম্যাঙ্গালুরুতে একটি বেসরকারি হাসপাতালে জীবনাবসান হয়েছে প্রখ্যাত সেক্সফোনিস্ট কাদরি গোপালনাথ-এর। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।
১৯৫০ সালে দক্ষিণ কন্নড় জেলায় জন্মগ্রহণ করেছিলেন খ্যাতনামা সেক্সফোনিস্ট (বিশেষ ধরনের বাদ্যযন্ত্র) কাদরি গোপালনাথ। বেশ কিছুদিন ধরেই তিনি অসুস্থ ছিলেন। শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাঁকে ম্যাঙ্গালুরুর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছিল। শুক্রবার ভোরে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন সেক্সফোনিস্ট কাদরি গোপালনাথ। ২০০৪ সালে পদ্মশ্রী পুরস্কারে সম্মানিত হয়েছিলেন কাদরি গোপালনাথ। তৎকালীন রাষ্ট্রপতি এ পি জে আব্দুল কালাম কাদরি গোপালনাথের হাতে পদ্মশ্রী পুরস্কার তুলে দিয়েছিলেন। স্ত্রী এবং তিন সন্তানকে রেখে না ফেরার দেশে চলে গেলেন কাদরি গোপালনাথ।

## চালতা বাগানের সিঁদুর খেলায় মাতলেন নুসরত

কলকাতা,১১ অক্টোবর (হি.স.):দশমী শেষে আজ শুক্রবার ত্রয়োদশী উতবুও যেন তিলোত্তমা এখনও দশমীর মুডে ঊ কারণ আজ শুক্রবার ত্রয়োদশীর দিন চালতাবাগান লোহাপট্টি দুর্গোৎসব কমিটির পুজো মন্ডপে পালন হল সিঁদুর খেলা ঊ আর সেই সিঁদুর খেলায় মেতে উঠেছেন তারকা সাংসদ নুসরত ও তাঁর স্বামী নিখিল জৈনও ।
সিঁদুর খেলা শেষেই উমার বিসর্জনের পালা ঊ তবে,এই মুহুর্তে চালতা বাগানে যেন চাঁদের হাট ঊ তারকা সাংসদ নুসরত থেকে অভিনেত্রী জুন মালিয়া, গায়িকা উষা উত্থুপ, অভিনেত্রী অনন্যা চট্টোপাধ্যায় থেকে চৈতি ঘোষাল ত্রয়োদশীতে সকলেই মেতে উঠেছেন চালতা বাগানের সিঁদুর খেলায় । ৭৭ তম বর্ষে চালতাবাগান লোহাপট্টির থিম ছিল ময়ূরপঙ্খী নৌকো। রূপকথায় যে নৌকোয় পাল তুলে রাজা ভেসে বেড়াতেন প্রমোদ বিহারে। বণিক-সওদাগর যেতেন বাণিজ্যে। পিতল এবং তার সঙ্গে অন্য ধাতু মিশিয়ে সেই নৌকো সেজেছিল নানা উজ্জ্বল আলোয়। নৌকোর সঙ্গে মিলিয়ে দেবী প্রতিমাও পিতল ও শঙ্কর ধাতুর মিশ্রণের এফেক্টে সাজানো হয়েছিল।

# বুয়েট ছাত্র আবরার হত্যা মামলার অভিযোগপত্র শিগগিরই স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,অক্টোবর ১১।। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যা মামলায় শিগগিরই অভিযোগপত্র দেওয়া হবে। আইনশৃঙ্খলা বাহিনী এ নিয়ে কাজ করছে জানিয়ে তিনি বলেন, 'শিগগিরই নিখুঁত ও নির্ভুলভাবে অভিযোগপত্র দেওয়া হবে।'
বৃহস্পতিবার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন।স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আবরার হত্যাকাণ্ডের ঘটনায় আমরা সবাই ব্যথিত ও মর্মাহত। কেন এ হত্যাকাণ্ড হয়েছে তার তদন্ত চলছে। যারা এটি ঘটিয়েছে ভিডিও ফুটেজ দেখে আমরা শনাক্ত করছি।ঘটনার পর পুলিশ সঙ্গে সঙ্গে (অপরাধীদের) গ্রেপ্তার করেছে জানিয়ে মন্ত্রী বলেন,ইতিমধ্যে ১৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। আরও জড়িত থাকলে বাকিদেরও গ্রেপ্তার করা হবে।তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী গতকাল শক্ত ভাষায় বলেছেন যারা এ ঘটনা ঘটিয়েছে যে রাজনীতিই করুক, যেই হোক তাদের ছাড় দেওয়া হবে না। এখানে রাজনীতির সঙ্গে কোনো সম্পর্ক নেই।বিশ্ববিদ্যালয়গুলোর ছাত্রাবাসে তল্লাশি চালানো হবে বলে প্রধানমন্ত্রীর বক্তব্য প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন,এ বিষয়ে আমরা ভিসিদের সঙ্গে কথা বলে খুব শিগগিরই ভার্সিটি ও কলেজগুলোর ছাত্রাবাসে তল্লাশি চালানো হবে। ছাত্রাবাস নিয়ে আমাদের গোয়েন্দা সংস্থাও কাজ করছে।
বুয়েটের যে কক্ষে আবরারকে নির্যাতন করা হয়েছে সেই কক্ষটি ছাত্রলীগ নেতা অমিত সাহার সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন,আমি শুনেছি সে পূজায় বাড়িতে ছিল। তবে অমিত সাহা কোন ফ্যাক্ট না। যেই হোক আইনের আওতায় আনা হবে।

ছয়ের পাতায় দেখুন

# হামিরপুরে গাড়ির ধাক্কায় শ্রমিকের মৃত্যু, পথ অবরোধ গ্রামবাসীদের

হামিরপুর, ১১ অক্টোবর (হি. স.) : উত্তর প্রদেশের কানপুর-সাগর জাতীয় সড়কে হামিরপুরের কাছে একটি স্করপিওর ধাক্কায় মৃত্যু হয়েছে এক প্রৌঢ়র। ঘটনাা ঘটেছে শুক্রবার সকালে। মৃতদেহটি আটকে রেখে মহাসড়কে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় গ্রামবাসীরা। ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়। ঘটনার পর থেকে পলাতক গাড়ির চালক। সদর কোতয়ালী এলাকার পাতিয়ারা রোড সোমছা গ্রামের বাসিন্দা রামপ্রকাশ (৫০) রাস্তায় ঘুরে ঘুরে খাদ্য সামগ্রী বিক্রি করে সংসার চালান। প্রতিদিনের মতো শুক্রবার সকালেও তিনি বাড়ি থেকে বেরিয়ে কানপুর-সাগর মহাসড়কে এসেছিলেন খাবার বিক্রি করতে। ঠিক তখনই দ্রুতগিতেত আসা একটি স্করপিও তাকে পিষে দিয়ে চলে যায়। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। ঘটনার পরে চালক স্কর্পিও নিয়ে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। এই ঘটনায় সারা গ্রামের মানুষ ক্ষুব্ধ হয়ে ওঠে। পরিবারটি গ্রামাঞ্চলের মহিলাদের নিয়ে মহাসড়ক জ্যাম করে হৈচৈ শুরু করে। জ্যামে আটকা পড়ে রোডওয়ে কর্পোরেশন বাস ও হালকা যানবাহন। মহোবা ও হামিরপুরের দিকে যানবাহনের দীর্ঘ সারি শুরু হয়েছিল। ঘটনার খবর পাওয়ার সাথে সাথে পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে। পুলিশ আধিকারিকরাও ঘটনাস্থলে পৌঁছে অবরোধ তোলার চেষ্টা করছেন। ঘটনার পরে পলাতক স্করপিও চালকেরও সন্ধান করছে পুলিশ।

# জি পরমেশ্বরের বিভিন্ন ঠিকানায় আয়কর হানা ঃ শুক্রবার দ্বিতীয় দিনে পড়ল তল্লাশি অভিযান

বেঙ্গালুরু, ১১ অক্টোবর (হি.স.): আয়কর দফতরের আতসকাচের নীচে কর্ণাটকের প্রবীণ কংগ্রেস নেতা তথা প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী জি পরমেশ্বরঊ আয়কর দফতরের নজরে রয়েছেন জি পরমেশ্বরের ছেলে আনন্দওঊ বৃহস্পতিবার থেকেই জি পরমেশ্বরের বাসভবন-সহ বিভিন্ন ঠিকানায় তল্লাশি চালাচ্ছে আয়কর দফতরঊ শুক্রবার দ্বিতীয় দিনে পড়ল আয়কর দফতরের তল্লাশি অভিযানঊ এদিন জি পরমেশ্বরের ছেলে আনন্দর বাসভবনেও তল্লাশি চালানো হয়ঊ এছাড়াও সিদ্ধার্থ মেডিক্যাল কলেজেও তল্লাশি চালান আয়কর দফতরের অফিসাররা।
জি পরমেশ্বর ও তাঁর পরিবার সিদ্ধার্থ গ্রুপ অফ ইনস্টিটিউশন নামে একটি শিক্ষা প্রতিষ্ঠান চালানঊ জি পরমেশ্বরের ট্রাস্ট দ্বারা পরিচালিত এই মেডিক্যাল কলেজে 'অনিয়ম'-এর সন্ধান পেয়েছে আয়কর দফতরঊ সেই কারণেই বৃহস্পতিবার থেকেই জি পরমেশ্বর বাসভবন-সহ বিভিন্ন ঠিকানায় চলছে আয়কর দফতরের তল্লাশি অভিযানঊ এখনও পর্যন্ত তল্লাশি চালিয়ে জি পরমেশ্বরের বিভিন্ন ঠিকানা থেকে বাজেয়াপ্ত করা হয়েছে ৪.৫২ কোটি টাকা।
শুক্রবার ডিরেক্টর জেনারেল অফ ইনকাম ট্যাক্স, পতঞ্জলি জানিয়েছেন, বৃহস্পতিবারের আয়কর হানায় উদ্ধার করা হয়েছে ৪.৫২ কোটি টাকাঊ কর্ণাটকের প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী জি পরমেশ্বরের বাসভবন-সহ ৩০টি ঠিকানায় তল্লাশি অভিযান চালায় আয়কর দফতর।

## অসদাচরণ ! পাকিস্তান সশস্ত্র বাহিনী থেকে বরখাস্ত তিনজন উচ্চপদস্থ অফিসার আইএসপিআর

রাওয়ালপিন্ডি, ১১ অক্টোবর (হি.স.): ক্ষমতার অপব্যবহার, অবৈধ কার্যকলাপ ও অসদাচরণের দায়ে বরখাস্ত করা হল পাকিস্তানের সশস্ত্র বাহিনীর তিনজন উচ্চপদস্থ অফিসারকেঊ শুক্রবার ইন্টার সার্ভিসেস পাবলিক রিলেশনস (আইএসপিআর)-এর পক্ষ থেকে জানানো হয়েছে, শৃঙ্খলা লঙ্ঘনের দায়ে দোষীসাব্যস্ত হয়েছেন তিনজন অফিসারঊ বৃহস্পতিবারই তাঁদের চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। বিবৃতি মারফত জানানো হয়েছে, ওই তিনজন উচ্চপদস্থ অফিসারের বিরুদ্ধে আরোপিত অভিযোগ প্রমাণিত হওয়ার পরই, তিনজনকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছেঊ এছাড়াও দোষীসাব্যস্ত দু'জন অফিসারকে দু'বছরের জন্য সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছেঊ আইএসপিআর জানিয়েছে, দোষীসাব্যস্ত ওই অফিসারদের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার এবং অবৈধ কার্যকলাপে জড়িত থাকার অভিযোগ রয়েছে।




স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।